উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়ণ

উপজেলা: রামু, জেলা: কক্সবাজার

পরিকল্পনা প্রনয়ণে:

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, রামু, কক্সবাজার

সমন্বয়ে:

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

জুলাই ২০১৪

সার্বিক সহযোগিতায়:

কম্প্রেহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি- ২)
দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়

বানী

বাংলাদেশ বিশ্বের মধ্যে অন্যতম দুর্যোগপ্রবণ একটি দেশ। আবহাওয়া, জলবায়ু ও ভৌগলিক অবস্থানগত কারণে এদেশের প্রতিটি জেলা নানাবিধ দুর্যোগে আক্রান্ত হয়ে থাকে। এর মধ্যে কক্সবাজার জেলা হলো অন্যতম। পাহাড়ী এলাকা ও সমুদ্র উপকুলবর্তী হওয়ায় পাহাড় ধ্বস, পাহাড়ী ঢল, সামুদ্রিক জলোচ্ছাস, বন্যা, লবণাক্ততাসহ নানাবিধ আপদে প্রায় প্রতি বছর জেলার ৮টি উপজেলা কোন না কোন দুর্যোগে পতিত হয়ে থাকে। রামু উপজেলায় ছোট বড় পাহাড় ও বাকখালী নদীসহ অন্যান্য ছোট নদী থাকায় বিশেষ করে বর্ষা মৌসুমে বন্যা ও পাহাড়ী ঢলের প্রকোপ লক্ষণীয়। আবার উপজেলার কিছু অংশ সমুদ্রের কাছাকাছি হওয়ায় প্রায় সারা বছর সামুদ্রিক জলোচ্ছাস, জোয়ারের প্লাবন ও লবণাক্ততার ঝুঁকির মধ্যে থাকে।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সরকার ইউএনডিপিসহ বিভিন্ন দাতা সংস্থার সহায়তায় সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর মাধ্যমে দুর্যোগের ঝুঁকি ও ক্ষয় ক্ষতি হ্রাস করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করেছে।

এরই ধারাবাহিকতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয় এর 'কম্প্রেহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি)'র উদ্যোগে এবং ইউএনডিপি, ইউরোপিয়ান ইউনিয়ন, ইউকে এইড, অস্ট্রেলিয়ান এইড, সুইডেন ও নরওয়ে এ্যাম্বাসি'র সহায়তায় বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) কক্সবাজার জেলার রামু উপজেলার ইউনিয়নভিত্তিক আর্থ-সামাজিক চিত্র, আবহাওয়া-জলবায়ুর অবস্থা, আপদ-দুর্যোগে ক্ষয় ক্ষতির মাত্রা, দুর্যোগ ঝুঁকি চিহ্নিত, দুর্যোগ মোকাবেলার সক্ষমতা, ঝুঁকি হ্রাসে করণীয়সহ বিভিন্ন তথ্য সংগ্রহ ও সমন্বয় করে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করে, যা দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রক্রিয়াকে সমৃদ্ধশালী করবে।

পরিকল্পনা প্রণয়নে রিক এর কর্মীদের অক্লান্ত পরিশ্রম সত্যিই প্রশংসার দাবী রাখে। এই পরিকল্পনাটি দুর্যোগ প্রতিরোধ ও ঝুঁকি হ্রাসকল্পে যথার্থ অবদান রাখবে। পরিকল্পনাটি সঠিক বাস্তবায়ন রামু উপজেলার জনগণের জীবন-জীবিকা ও সম্পদ রক্ষার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করবে।

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নে রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) এর কর্মকর্তাবৃন্দ, ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ, সকল ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তবৃন্দ এবং সকল উপজেলাবাসীকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

২৮/১২/২০১৪

মোঃ মাসুদ হোসেন
উপজেলা নির্বাহী কর্মকর্তা
রামু, কক্সবাজার

মুখবন্ধ

বাংলাদেশ বিশ্বের দুর্যোগপূর্ণ দেশগুলির মধ্যে অন্যতম। সুদুর অতীতকাল থেকেই এ দেশের জনগণ নানাবিধ প্রাকৃতিক দুর্যোগের সাথে মোকাবেলা করে আসছে। দুর্যোগগুলির মধ্যে কতগুলো ধীর কর্মক্ষমতা সম্পন্ন, পৌনঃপুনিক এবং কতগুলি রয়েছে আকস্মিক, ধ্বংস ক্রিয়ায় প্রগাঢ় ও বৈশিষ্ট্যে বিপর্যয়কারী। বহুমূখী দুর্যোগের জন্য দেশটির ভৌগলিক অবস্থান অনেকটা দায়ী। ভৌগোলিক অবস্থান, আবহাওয়া ও নদী মাতৃকার কারণে এ দেশ বন্যা, অতিবৃষ্টি, টর্নেডো/ ঘূর্ণিঝড়, খড়া, কালবৈশাখী, শৈত্য প্রবাহ, সামুদ্রিক জলোচ্ছাস, ও অঞ্চল ভেদে মঙ্গা, পাহাড় ধ্বস, লবণাক্ততা, ম্যালেরিয়া, বন্যহাতি আক্রমণসহ নানাবিধ আপদে ঝুঁকিপূর্ণ। অবস্থানগত কারণে ভুমিকম্প, সুনামী এদেশের জন্য বড় আপদ হিসেবে দেখা দিতে পারে। তাছাড়া পাহাড় ও নদীমাতৃক হওয়ায় প্রতিবছর নদী ভাঙ্গন, পাহাড়ী ঢলে লাখ লাখ মানুষ জানমাল, বসতভিটা হারিয়ে নিঃস্ব হয়ে পড়ছে। এছাড়া মানব সৃষ্ট নানা আপদ জন জীবনকে প্রতিনিয়ত আতংকগ্রস্ত করে রাখছে। এ সবের মধ্যে বৃক্ষনিধন, পাহাড় কাটা, মাটিকাটা, ইটভাটার দূষণ, রাসায়নিক সার ব্যবহার, তামাক চাষ, বার্ড ফ্লু প্রভৃতি আপদে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়। এতে করে জাতীয় জীবন তথা অর্থনীতিতে ব্যাপক প্রভাব পড়ে থাকে।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সরকার ইউএনডিপি, ইউরোপিয়ান ইউনিয়ন, ইউকে এইড, অস্ট্রেলিয়ান এইড, সুইডেন ও নরওয়ে এ্যাম্বাসি'র সহায়তায় সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর মাধ্যমে দুর্যোগের ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে এক যুগান্তকারী কর্মসূচি হাতে নিয়েছে। এই কর্মসূচির আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা (জেলা বা উপজেলার আর্থ-সামাজিক অবস্থা বা অবস্থান, আবহাওয়া ও জলবায়ু পরিস্থিতি, আপদ, দুর্যোগ, সক্ষমতা, বিপদাপন্নতা, ঝুঁকি চিহ্নিত, ঝুঁকি হ্রাসে করণীয় উপায়সহ বিভিন্ন তথ্য) প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে এ কর্মসূচীর প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দুর্যোগে ঝুঁকি হ্রাসে সুদুরপ্রসারী অবদান রাখবে বলে মনে করা হয়।

এরই ধারাবাহিকতায় বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) কে কক্সবাজার জেলার রামু উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে রিক এর কর্মীদের নিষ্ঠা ও অক্লান্ত পরিশ্রম পরিকল্পনা প্রণয়নে যথার্থ অবদান রেখেছে। ফলে উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি বাস্ত-বসম্মত পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। এই পরিকল্পনায় দুর্যোগ প্রতিরোধে নদী ভাঙ্গন রোধ, প্রয়োজনীয় বাঁধ নির্মাণ, সামাজিক বনায়ন, মজবুত ও দুর্যোগ সহনশীল অবকাঠামো তৈরী, নলকূপ স্থাপন, আবহাওয়া ও জীববৈচিত্র্য রক্ষার্থে নিবিড় বনায়ন প্রভৃতি ঝুঁকি হ্রাসকল্পে কর্মসূচি গ্রহণ করতে হবে, যা বাস্তবায়নের মাধ্যমে জনগণের জীবন-জীবিকার নিশ্চয়তা ও সহায় সম্পত্তির ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব হবে।

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নে ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, উপজেলা প্রশাসন এবং উপজেলাবাসীর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি।

আবুল হাসিব খান
পরিচালক
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	
১.১ পটভূমি	৮
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	৮
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	৯
১.৩.১ জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান	১০
১.৩. ২ আয়তন	১০
১.৩.৩ জনসংখ্যা	১৪
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ণনা থাকতে হবে	১৪
১.৪.১ অবকাঠামো	১৪
১.৪.২ সামাজিক সম্পদ	২৯
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	৪৯
১.৪.৪ অন্যান্য	৫১
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	৫৯
২.২ জেলা/উপজেলার আপদ সমুহ	৬০
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ণনা	৬১
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	৬৪
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	৬৭
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ	৭০
২.৭ সামাজিক মানচিত্র	৭৫
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	৭৬
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	৭৭
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৭৯
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৮০
২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনা	৮১
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৮৫

বিষয় পৃষ্ঠা নং

তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস

৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ ৮৬
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ ৮৯
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা ৯২
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা ৯৩
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি ৯৩
৩.৪.২ দুর্যোগ কালীন ৯৪
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী ৯৫
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ঝুঁকিহ্রাস সময়ে ৯৬

চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান

৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC) ৯৮
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা ৯৮
৪.২ আপদ কালীন পরিকল্পনা ৯৮
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা ১০০
৪.২.২ সতর্ক বার্তা প্রচার ১০১
৪.২.৩ **জনগণকে আশ্রয়কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করা** ১০১
৪.২.৪ নৌকা, **গাড়ী, ভ্যান** প্রস্তুত রাখা ১০১
৪.২.৫ উদ্ধার **কাজ ব্যবস্থাপনা** ১০১
৪.২.৬ প্রাথমিক চিকিৎসা প্রদান ১০১
৪.২.৭ **মৃত প্রাণীর (মানুষ ও গবাদী পশু পাখি) ব্যবস্থাপনা** ১০১
৪.২.৮ শুকনা খাবার, জীবন রক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ১০২
৪.২.৯ গবাদী পশুর চিকিৎসা/ টিকা**র ব্যবস্থা** ১০২
৪.২.১০ আশ্রয়কেদ্র রক্ষণা**বেক্ষণ** ১০২
৪.২.১১ ত্রাণ কার্যক্রম সমন্বয় করা ১০৩
৪.২.১২ মহড়ার আয়োজন করা ১০৩
৪.২.১৩ দুর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণ ১০৩
৪.২.১৪ জরুরী কন্ট্রোল রুম (EOC)পরিচালনা ১০৩
৪.৩ জেলা/উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ণনা ১০৪
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ১০৬
৪.৫ জেলা/উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ১০৮
৪.৬ অর্থায়ন ১০৯
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ ১১১

বিষয়

পৃষ্ঠা নং

পঞ্চমঅধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা

৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ১১৩
৫.২ দ্রুত/আগাম পুনরুদ্ধার ১১৪
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ১১৪
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার ১১৪
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ১১৪
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা ১১৪

সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট ১১৫
সংযুক্তি ২ জেলা/ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ১১৬
সংযুক্তি ৩ জেলা/ উপজেলার সেচ্ছাসেবকদের তালিকা ১১৭
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ১২৭
সংযুক্তি ৫ এক নজরে জেলা/ উপজেলা ১৩২
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠানসূচী ১৩৩
উপসংহার ১৩৪
তথ্যসুত্র ১৩৪

উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়ণ

উপজেলাঃ রামু, জেলাঃ কক্সবাজার

পরিকল্পনা প্রনয়ণেঃ

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, রামু, কক্সবাজার

জুলাই ২০১৪

সমন্বয়েঃ

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সার্বিক সহযোগিতায়ঃ

কম্প্রেহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি- ২),
দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়

প্রথম অধ্যায়

স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকি হ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভূক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রনয়ণের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারীতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠান ও জনগোষ্ঠির অংশগ্রহণের উপর নির্ভরশীল।

বাংলাদেশ বিশ্বের দুর্যোগপূর্ণ দেশগুলির মধ্যে অন্যতম। প্রতি বছর এদেশের প্রতিটি জেলা কম বেশী কোন না কোন দুর্যোগে আক্রান্ত হয়ে থাকে। এসব জেলার মধ্যে কক্সবাজার জেলা হলো অন্যতম। এই জেলার ৮টি উপজেলায় প্রতিবছর কোন না কোন দুর্যোগ আঘাত হেনে থাকে, যার মধ্যে রামু উপজেলা একটি দুর্যোগপ্রবণ এলাকা। এই উপজেলা ১১টি ইউনিয়ন নিয়ে গঠিত। পাহাড়ী ঢল, নদী ভাঙ্গন, ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছ্বাস, লবণাক্ততা, ম্যালেরিয়া, বন্যহাতির আক্রমণ প্রভৃতি এই এলাকার প্রধান প্রধান আপদ/ দুর্যোগ। এই উপজেলার প্রতিটি ইউনিয়ন প্রায় সারা বছর কোন না কোন আপদ/ দুর্যোগে আক্রান্ত হয়ে থাকে। ফলে জনসাধারণের জীবন ও জীবিকার উপর ব্যাপক ক্ষতিকর প্রভাব পড়ে। উপজেলাটি বিভিন্ন দুর্যোগে পতিত হলেও বিগত সময়ে দুর্যোগ প্রতিরোধ বা দুর্যোগ ঝুঁকি হ্রাস করার জন্য উপজেলা পর্যায়ে কোন দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনার প্রতিফলন লক্ষ্য করা যায়নি। সেদিক বিবেচনা করে সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি রামু উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য:

মূল উদ্দেশ্য:

সমুদ্র উপকূল ও পাহাড় এবং জঙ্গল ঘেরা রামু উপজেলায় সারা বৎসর প্রাকৃতিক ও মানব সৃষ্ট অসংখ্য আপদে জনগোষ্ঠীর জীবনযাত্রা ও পেশা বেশ ঝুঁকিপূর্ণ। বন্যা, জলাবদ্ধতা, নদী ভাঙ্গন, ঘূর্ণিঝড়, পাহাড়ী ঢল, সামুদ্রিক জলোচ্ছ্বাস, লবণাক্ততা, বন্যহাতির আক্রমণ, ম্যালেরিয়া, পাহাড় ধ্বস, বৃক্ষনিধনের মত নানাবিধ আপদে উপজেলাটি চরমভাবে ঝুঁকিপূর্ণ হওয়ায় ক্রমবর্ধমানহারে মানুষের জীবনযাত্রায় নেমে আসছে দারিদ্রতা। এই বিদ্যমান আপদ/ দুর্যোগের সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করে তা নিরসনে কার্যকরী কর্মকান্ড গ্রহণ করার লক্ষ্যে এই উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এই পরিকল্পনাটি স্থানীয় জনগোষ্ঠী এবং তাদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও বাস্তবায়নের মাধ্যমে আপদ/ দুর্যোগ সংক্রান্ত ঝুঁকি হ্রাস করে ক্ষয়ক্ষতি কমানো এবং বিপদাপন্নতা নিরসনে সহায়তা করবে।

সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন-উপজেল-জেলা প্রশাসন পর্যায়ে বাস্তবসম্মত উপায়সমূহ চিহ্নিত করা;
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহার করে ঝুঁকি হ্রাসকরণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন করা;
- অপসারণ, উদ্ধার, চাহিদা নিরূপন, ত্রাণ ও তাৎক্ষণিক পুনর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ করা;
- একটি নির্দিষ্ট এলাকা এবং নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরি করা;
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় বেসরকারী সংস্থা, দাতা সংস্থা প্রভৃতি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করা;
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করা;
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানা বোধ জাগ্রত করা ।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি

বাংলাদেশের সর্ব দক্ষিণে অবস্থিত কক্সবাজার জেলা দেশ ও বিদেশে অতি পরিচিত নাম । ভূ-প্রকৃতির গঠন কক্সবাজারকে অনন্য বৈশিষ্ট্যে মন্ডিত করেছে । গভীর অরণ্য আচ্ছাদিত অনুচ্চ শৈল শ্রেনী, নদী আর সাগর এই জেলাকে করেছে মোহনীয় । পৃথিবীর দীর্ঘতম সমুদ্র ও সবুজ পাহাড়ের মিলনের অপূর্ব মিলনভূমি এই জেলা । এই জেলা ৮টি উপজেলা নিয়ে গঠিত । এইসব উপজেলার মধ্যে রামু অন্যতম । এই উপজেলাটি কক্সবাজার জেলার সবচেয়ে পুরাতন জনপদ এবং আরাকান ও মগদ রাজাদের প্রাণকেন্দ্র ছিল । জেলা সদর থেকে ১৫ কিঃমিঃ উত্তর-পূর্ব দিকে এর অবস্থান । অপরিসীম প্রাকৃতিক সৌন্দর্য্য, সুপ্রাচীন বৌদ্ধ পুরাকীর্তি, অশোক মন্দির, কানা রাজার সুরঙ্গ, সুউচ্চ জাদী ও অন্যান্য প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ এই উপজেলায় নৃ-জনগোষ্ঠীর বৈচিত্র্যময় জীবনযাত্রা লক্ষণীয় । ১১টি ইউনিয়ন নিয়ে গঠিত উপজেলাটি ভূ-প্রকৃতি ও অবস্থানগত কারণে প্রাকৃতিক ও মানব সৃষ্ঠ অসংখ্য আপদে ঝুঁকিপূর্ণ । পাহাড়, নদী, খাল, চ্যানেল এই উপজেলাকে সমৃদ্ধ করলেও বিভিন্ন আপদ/দুর্যোগ অর্থনৈতিকভাবে পঙ্গু করে রেখেছে যুগ যুগ ধরে । বন্যা, নদী ভাঙ্গন, পাহাড়ী ঢল, ঘূর্ণিঝড়, ম্যালেরিয়া, বন্যহাতির আক্রমণ প্রভৃতি আপদে চরমভাবে আতংকগ্রস্ত থাকে উপজেলার সিংহভাগ মানুষ । প্রায় প্রতি বছর নদী ভাঙ্গনে ৮টি ইউনিয়নের প্রায় ৩০০ পরিবার বসতভিটা হারিয়ে নিঃস্ব হয়ে পড়ে এবং প্রায় ৮ হাজার মানুষ ভাঙ্গন আতংকে বসবাস করে । পাহাড়ী ঢল, বন্যহাতির আক্রমণ ও বন্যায় ব্যাপক ফসল হানির কবলে পড়ে উপজেলার প্রায় ১ লক্ষ কৃষক । পাহাড় কাটা, বৃক্ষনিধন, ইটভাটার দূষণ প্রভৃতি মানবসৃষ্ট আপদ চরমভাবে গ্রাস করছে উপজেলার জনগণকে । এছাড়াও বিষবৃক্ষ তামাক চাষ চরমভাবে ধ্বংস করছে কৃষি ও জনস্বাস্থ্যকে ।

১.৩.১. জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান:

ভৌগলিক অবস্থান:

রামু উপজেলার পূর্বে বান্দরবন (পার্বত্য) জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলা, দক্ষিণে উখিয়া উপজেলা, পশ্চিমে-কক্সবাজার সদর উপজেলা এবং উত্তরে চকরিয়া উপজেলা অবস্থিত। জেলা সদর থেকে ১৫ কিঃমিঃ উত্তর-পূর্ব দিকে রামু উপজেলা অবস্থিত।

ভূ-প্রাকৃতিক অবস্থা:

৪০% সমতল, ১০% নীচু এবং ৫০% পাহাড় ও উঁচু ভূমি সমন্বয়ে রামু উপজেলা। এখানকার মাটির ধরণ/ প্রকৃতি হলো ২৫% দোআঁশ, ২৫% এটেল, ৩০% পলি ও ২০% বেলে।

প্রাকৃতিক সম্পদ:

রামু উপজেলার প্রাকৃতিক সম্পদ হলো মাটি, বাঁশ, গাছ, বালি, খাল, পাহাড়, নদ-নদী, পশু-পাখি, মাছ, সামুদ্রিক মৎস্য ইত্যাদি।

জলবায়ু: রামু উপজেলার জলবায়ু হলো নাতিশীতোষ্ণ।

১.৩.২ আয়তন

রামু উপজেলার আয়তন প্রায় ২৩৮.৩৯ বর্গ কিলোমিটার। উপজেলায় ইউনিয়ন আছে ১১টি, মৌজা ৩৫টি, ওয়ার্ড ৯৯টি ও গ্রাম ৪০২টি। নিম্নে ইউনিয়নভিত্তিক মৌজা ও গ্রামের তথ্য তুলে ধরা হলো:

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম (ওয়ার্ড নং)	গ্রাম ভিত্তিক মৌজার নাম
১.	**ঈদগড়** **গ্রামের সংখ্যা: ২৮টি**	ক্যাম্পের চর, কুদ্দুছ মিয়ার জুম, ধুমছাকাটা, পশ্চিম পাড়া (১নং ওয়ার্ড), পঃ হাছনা কাটা, পূর্ব হাছনা কাটা, নয়াপাড়া (২নং ওয়ার্ড), মাইজ পাড়া, বদরমোকাম, গুইন্যা পাড়া, চরপাড়া (৩নং ওয়ার্ড), লেইঙ্গা পাড়া, পূর্ব রাজঘাট (৪নং ওয়ার্ড), উঃ শরিফ পাড়া, কাটা জঙ্গল, সিকদার পাড়া, চরপাড়া (৫নং ওয়ার্ড), বড়বিল, বৌঘাট, আলীক্ষ্যং, চেংছড়ি (৬নং ওয়ার্ড), টুঠারবিল, পানিস্যাঘোনা, জালালের জুম (৭নং ওয়ার্ড), কোনার পাড়া, কোদালিয়া কাটা, ছগিরাকাটা (৮নং ওয়ার্ড), বৈদ্যপাড়া (৯নং ওয়ার্ড)	১. জঙ্গল ঈদগড় মৌজা, ২. ঈদগড় মৌজা।
২.	**কাউয়ারখোপ** **গ্রামের সংখ্যা: ৩০টি**	পশ্চিম মনিরঝিল, দরগা পাহাড় পাড়া (১নং ওয়ার্ড), মধ্যম মনিরঝিল, দক্ষিণ সোনাইছড়ি (২নং ওয়ার্ড), পূর্ব মনিরঝিল, পূর্ব পাহাড় পাড়া (৩নং ওয়ার্ড), ভিলেজার পাড়া, মইশকুম, কাউয়ারখোপ পূর্ব পাড়া, জারাইল্যা তলী (৪নং ওয়ার্ড), কাউয়ারখোপ ডেইল পাড়া, কাউয়ারখোপ মধ্যম পাড়া (৫নং	১. মনিরঝিল মৌজা ২. সোনাইছড়ি মৌজা ৩. মইশকুম মৌজা ৪. কাউয়ারখোপ

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম (ওয়ার্ড নং)	গ্রাম ভিত্তিক মৌজার নাম
		ওয়ার্ড), পশ্চিম পাড়া, চরপাড়া, ফুলনিরচর (৬নং ওয়ার্ড), গাছুয়া পাড়া, বড়ুয়া পাড়া, লর্ড উখিয়ারঘোনা, খেংচরঘোনা, ফুলনীরচর (৭নং ওয়ার্ড), টিলাপাড়া, স্কুলপাড়া, পশ্চিম গনিয়াকাটা, সওদাগর পাড়া, দিককুল পাড়া (৮নং ওয়ার্ড), লামার পাড়া, ফকির পাড়া, গোদামকাটা, গনিয়াকাটা, মিয়াজীর পাড়া (৯নং ওয়ার্ড) ।	মৌজা ৫. লর্ট উখিয়ার ঘোনা মৌজা ৬. উখিয়ারঘোনা মৌজা
৩.	**খুনিয়াপালং** **গ্রামের সংখ্যাঃ ৪৭টি**	পশ্চিম দারিয়ারদিঘী, পূর্ব দারিয়ারদিঘী, দক্ষিণ দারিয়ারদিঘী, থোয়াংগাকাটা, গুট্টাগুইন্যা (১নং ওয়ার্ড), কালুয়ারঘোনা, হেডম্যান পাড়া, কেচুবনিয়া, টংগারডেবা, কালার পাড়া, তুলাবাগান (২নং ওয়ার্ড), উঃ খুনিয়াপালং, মধ্যম খুনিয়াপালং, দক্ষিণ খুনিয়াপালং, জকরিয়াকাটা (৩নং ওয়ার্ড), আবুল বন্দর, জুমকাটা, হসপিতেল পাড়া, উত্তর পাড়া, মাঝের পাড়া, সিকদার পাড়া, চরপাড়া, তেলখোলা, মাদ্রাসা পাড়া, হাকিমআলী বাপের পাড়া (৪নং ওয়ার্ড), পশ্চিম ধেচুয়া পালং, উত্তর ধেচুয়াপালং, উত্তর ছাদিরকাটা, দক্ষিন বড়ুয়া পাড়া (৫নং ওয়ার্ড), ধোয়াপালং নয়াপাড়া, জংগল ধোয়াপালং, ধোয়াপালং অফিস পাড়া, ধোয়াপালং রাবেতা হাসপাতাল পাড়া, ধোয়াপালং পূর্ব পাড়া (৬নং ওয়ার্ড), চেইন্দা ঘোনা, পূর্ব গোয়ালিয়া, দক্ষিণ গোয়ালিয়া, পাহাড় পাড়া (৭নং ওয়ার্ড), পশ্চিম গোয়ালিয়া, কোহার পাড়া, মধ্যম গোয়ালিয়া, দক্ষিণ গোয়ালিয়া থোয়াংগাকাটা, জংগল গোয়ালিয়া (৮নং ওয়ার্ড), দক্ষিণ পাড়া, মাংগালা পাড়া, করাচি পাড়া, হিমছড়ি (৯নং ওয়ার্ড) ।	১. পেঁচার দ্বীপ মৌজা ২. গোয়ালিয়াপালং মৌজা ৩. ধোয়াপালং মৌজা ৪. খুনিয়াপালং মৌজা ৫. ধেচুয়াপালং মৌজা ৬. দারিয়ারদিঘী মৌজা ।
৪.	**জোয়ারিয়ানালা** **গ্রামের সংখ্যাঃ ৪০টি**	চৌধুরী পাড়া, জাইন পাড়া, আজগরখিল, উত্তর মিঠাছড়ি মুরাপাড়া, উত্তর মিঠাছড়ি (১নং ওয়ার্ড), বড়ুয়া পাড়া, হাসপাতাল পাড়া, কুলাল পাড়া, চা বাগান, চা বাগান মুরাপাড়া (২নং ওয়ার্ড), নন্দাখালী বড়পাড়া, নন্দাখালী উত্তর পাড়া, নন্দাখালী মুরাপাড়া (৩নং ওয়ার্ড), নুনাছড়ি, পশ্চিম নুনাছড়ি, মধ্যম নুনাছড়ি মুরাপাড়া (৪নং ওয়ার্ড), পূর্ব মুরাপাড়া, ঘোনার পাড়া, সিকদার পাড়া, লংগার পাড়া, নাদার পাড়া, গুচ্ছগ্রাম (৫নং ওয়ার্ড), ইলিশা পাড়া, পূর্ব নুনাছড়ি, পূর্ব নুনাছড়ি, মুরাপাড়া (৬নং ওয়ার্ড), হালদার পাড়া, সওদাগর পাড়া, মৌলভী পাড়া, টেকপাড়া, মালা পাড়া, রাবার বাগান, জুমছড়ি, নতুন পাড়া (৭নং ওয়ার্ড), পূর্ব জোয়ারিয়ানালা, পূর্ব মুরাপাড়া, ব্যাংডেবা (৮নং ওয়ার্ড) ও ভরাছড়ারকুল, চরপাড়া, গর্জনিয়া (৯নং ওয়ার্ড) ।	১. জোয়ারিয়ানালা মৌজা ২. নোনাছড়ি মৌজা ৩. উত্তর মিঠাছড়ি মৌজা ৪. নন্দাখালী মৌজা
৫.	**কচ্ছপিয়া** **গ্রামের সংখ্যাঃ ৪৭টি**	ঘিলাতলী, কচ্ছপিয়া উত্তর পাড়া, কচ্ছপিয়া দক্ষিণ পাড়া, কচ্ছপিয়া টেকপাড়া, কচ্ছপিয়া মুড়াপাড়া, মগবিল (১নং ওয়ার্ড), দোছড়ি উত্তরকুল, লামার খামার, দোছড়ি দক্ষিণ কুল, গলাচিপা, দোছড়ি হিন্দুপাড়া, পূর্ব তিতার পাড়া (২নং ওয়ার্ড), পূর্ব তিতার পাড়া, পশ্চিম তিতার পাড়া, নতুন তিতার পাড়া (৩নং ওয়ার্ড), বড় জাংছড়ি, বালুবাসা, গুদাইকাটা, ভাংগাডেপা, শুখমনিয়া, হাইস্কুল	১. কচ্ছপিয়া মৌজা ২. দক্ষিণ কচ্ছপিয়া মৌজা

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম (ওয়ার্ড নং)	গ্রাম ভিত্তিক মৌজার নাম
		পাড়া (৪নং ওয়ার্ড), জাংছড়ি নতুন পাড়া, নতুন মিয়াজির পাড়া, চাকমারকাটা, বড় জাংছড়ি, ফাক্রিকাটা, মুড়াপাড়া, তুলাতলী (৫নং ওয়ার্ড), ডাকভাঙ্গা, শিবাতলী, শহর আলী চর, ফকিরনির চর, তুলাতলী, ফাক্রিকাটা মুড়াপাড়া (৬নং ওয়ার্ড), হাজীর পাড়া, পূর্ব হাজীর পাড়া, ছোট জাংছড়ি (৭নং ওয়ার্ড), মৌলভী কাটা কমলা পাড়া, মৌলভী কাটা বধুপাড়া, মৌলভী কাটা শাইরা পাড়া, মৌলভী কাটা মাষ্টার পাড়া, মৌলভী কাটা চেয়ারম্যান পাড়া, বড় জাংছড়ি নদী উভয়কুল (৮নং ওয়ার্ড), দক্ষিণ মৌলভীকাটা, মিয়াজীর পাড়া, টেকপাড়া, জায়ছড়ি নদী পশ্চিমকুল (৯নং ওয়ার্ড) ।	
৬.	**দক্ষিণ মিঠাছড়ি** **গ্রামের সংখ্যাঃ ৪৯টি**	মিঠাছড়ি কাচা, খোন্দকার পাড়া, ঘাট পাড়া, সিকদার পাড়া, পুকুর পাড়া, চরপাড়া, চেইন্দা চরপাড়া, নাপিত পাড়া (১নং ওয়ার্ড), পশ্চিম উমখালী, আব্দু সালাম মিয়াজী পাড়া, কাজীর পাড়া, মোঃ হাজির পাড়া, ডেইংগা পাড়া (২নং ওয়ার্ড), আজিমুদ্দিন পাড়া, আবুবক্কর বাপের পাড়া, গণি সওদাগর পাড়া, পশ্চিম ধর পাড়া, জনু মাতব্বর পাড়া (৩নং ওয়ার্ড), মোক্তার বাপের পাড়া, পূর্ব ধর পাড়া, বড়ুয়া পাড়া, জিনুর ঘোনা, করইল্যাছড়ি (৪নং ওয়ার্ড), পশ্চিম পানের ছড়া, পূর্ব পানের ছড়া, বলির পাড়া, শিয়া পাড়া, জনুয়া পাড়া, মগ/রাখাইন পাড়া (৫নং ওয়ার্ড), কালা খোন্দকার পাড়া, নিজের পাড়া, সমিতি পাড়া, তেতৈয়া পাড়া, বারইয়া পাড়া (৬নং ওয়ার্ড), ফকিরামুরা, পূর্ব ছড়ারকুল, হুয়ারী ঘোনা, আসমার ঘোনা, চেংছড়ি (৭নং ওয়ার্ড), চাইন্দা খোন্দকার পাড়া, ঘোনার পাড়া, চাইন্দা চরপাড়া, লার পাড়া (৮নং ওয়ার্ড), কাইম্যার ঘোনা, পাহাড় তলী, মমব্রু চর, পশ্চিমকুল সাদর পাড়া, লম্বাঘোনা, মুসলিমাবাদ (৯নং ওয়ার্ড) ।	১. দঃ মিঠাছড়ি মৌজা ২. চেইন্দা মৌজা ৩. উমখালী মৌজা
৭.	**গর্জনিয়া** **গ্রামের সংখ্যাঃ ৪৬টি**	হাজী পাড়া, লোহার ঝিরি, কাছিরখোলা, জিরানীখোলা, উত্তর বিল, উত্তর বড়বিল, দক্ষিণ বড়বিল, পশ্চিম বড়বিল (১নং ওয়ার্ড), জুমছড়ি, নজু মাতব্বর পাড়া, বড়ইয়াছড়া, মইন্যাকাটা, পূর্ব জুমছড়ি, পশ্চিম জুমছড়ি, মধ্যম জুমছড়ি (২নং ওয়ার্ড), থোয়াংগারকাটা, শিয়েপাড়া, ঘোনার পাড়া, হরিণ পাড়া, দক্ষিণ থোয়াংগাকাটা, উত্তর থোয়াংগাকাটা (৩নং ওয়ার্ড), থিমছড়ি, পূর্ব থিমছড়ি, উত্তর থিমছড়ি, দক্ষিণ থিমছড়ি, শাহ মোহাম্মদ পাড়া (৪নং ওয়ার্ড), জাউচ পাড়া, ফকির পাড়া, লম্বাশিয়া, মইল্যাকাটা, রাজঘাট, ইদ্রিস নগর, লম্বামুরা (৫নং ওয়ার্ড), মাঝিরকাটা, বড়চর, বেলতলি, দক্ষিণ মাঝিরকাটা (৬নং ওয়ার্ড), পূর্ব বোমাংখিল, হিন্দু পাড়া (নাপিত পাড়া) কোনার পাড়া (৭নং ওয়ার্ড), পশ্চিম বোমাংখিল, সিকদার পাড়া, কালা সিকদার পাড়া (৮নং ওয়ার্ড), ক্যাজরবিল, ডেংগাচর, খালিকা পাড়া (৯নং ওয়ার্ড) ।	১. গর্জনিয়া মৌজা ২. জঙ্গল গর্জনিয়া মৌজা ৩. পশ্চিম গর্জনিয়া মৌজা ।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম (ওয়ার্ড নং)	গ্রাম ভিত্তিক মৌজার নাম
৮.	**রাজারকুল** **গ্রামের সংখ্যাঃ ৩৩টি**	পালপাড়া, হাফেজ পাড়া, মৌলভী পাড়া, ধরপাড়া (১নং ওয়ার্ড), হালদারকুল, নয়া পাল পাড়া, পাহাড়তলী (২নং ওয়ার্ড), সিকদার পাড়া, শর্মা পাড়া, দঃ সিকদার (৩নং ওয়ার্ড), পশ্চিম নয়াপাড়া, চৌকিদার পাড়া, পশ্চিম ঘোনারপাড়া, ভিলেজার পাড়া (৪নং ওয়ার্ড), নয়াপাড়া, জলদাস পাড়া, কাঠালিয়া পাড়া, ছাগলিয়াকাটা (৫নং ওয়ার্ড), দেয়াং পাড়া, বৈদ্যরখিল (৬নং ওয়ার্ড), ঢালায়মুখ, মধ্যম ঘোনার পাড়া, নাপিতের কাটা, রামকোট, পাহাড়কাটা, নাছিরকুল (৭নং ওয়ার্ড), দক্ষিণ পাড়া, পাহাড় পাড়া, হাজীর পাড়া, নাইয়া পাড়া (৮নং ওয়ার্ড), হাজীর পাড়া, বড়ুয়া পাড়া, ফুলনির চর (৯নং ওয়ার্ড) ।	১. রাজারকুল মৌজা
৯.	**চাকমারকুল** **গ্রামের সংখ্যাঃ ২৯টি**	আলী হোসেন সিকদার পাড়া, সালেহ আহমদ পাড়া, পশ্চিম পাড়া (১নং ওয়ার্ড), মিয়াজী পাড়া, মৌজিমের দ্বীপ, নয়াচর পাড়া (২নং ওয়ার্ড), মাতবর পাড়া, মিস্ত্রী পাড়া, ডুমের চর (৩নং ওয়ার্ড), তেচ্ছীপুল, উ: ফারিরকুল, কুনার পাড়া, আজগর পাড়া, খোন্দকার পাড়া, মালী পাড়া (৪নং ওয়ার্ড), জারাইল্যাতলী, বনিক পাড়া, বড়ু-য়া পাড়া (৫নং ওয়ার্ড), পূর্ব মোহাম্মদ পুরা, নয়াপাড়া (৬নং ওয়ার্ড), শ্রীমুড়া, নাছিরা পাড়া (৭নং ওয়ার্ড), পূর্ব শাহমদের পাড়া, পশ্চিম শাহমদের পাড়া, দঃ শাহমদের পাড়া (৮নং ওয়ার্ড), পশ্চিম চাকমারকুল, ডেইংগা পাড়া, নয়াচর পাড়া, ভুতপাড়া (৯নং ওয়ার্ড) ।	১. চাকমার কুল মৌজা
১০.	**রশিদনগর** **গ্রামের সংখ্যাঃ ১৬টি**	সিকদার পাড়া, সন্ধীপ পাড়া, উত্তর কাহাতিয়া পাড়া (১নং ওয়ার্ড), কাহাতিয়া পাড়া (২নং ওয়ার্ড), বড় ধলিরছড়া (৩নং ওয়ার্ড), পাহাড়তলী (৪নং ওয়ার্ড), কাদমর পাড়া, হামিদ পাড়া (৫নং ওয়ার্ড), থলিয়াঘোনা, উত্তর নাছিরা পাড়া, দক্ষিণ নাসিরা পাড়া (৬নং ওয়ার্ড), পানির ছড়া, হরিতলা (৭নং ওয়ার্ড), পানির ছড়া মুরাপাড়া, ধলিরছড়া মুরাপাড়া, জেটিপাড়া (৮নং ওয়ার্ড), উল্টাখালী (৯নং ওয়ার্ড) ।	১.ধলির ছড়া মৌজা ২.জঙ্গল ধলিরছড়া মৌজা ৩.উল্টাখালী মৌজা ।
১১.	**ফতেখাঁরকুল** **গ্রামের সংখ্যাঃ ৩৭টি**	অফিসের চর, চরপাড়া, পূর্বদ্বীপ, দক্ষিণ দ্বীপ ফতেখাঁরকুল (১নং ওয়ার্ড), সিপাহীর পাড়া, হাজারীকুল, নাথপাড়া, রামপাড়া, জুলেখার পাড়া, সিকদার পাড়া, অফিসের চর লামার পাড়া (২নং ওয়ার্ড), খন্দকার পাড়া, লম্বরী পাড়া, তেচ্ছিপুল (৩নং ওয়ার্ড), মন্ডল পাড়া (৪নং ওয়ার্ড), হাইটুপি, উত্তর শ্রীকুল, দক্ষিণ শ্রীকুল, দ্বীপ শ্রীকুল (৫নং ওয়ার্ড), পূর্ব মেরংলোয়া, হাইটুপি, ভুতপাড়া, হাইটুপি খেঞ্জুর ঘোনা, হাইটুপি গাছোয়া পাড়া (৬নং ওয়ার্ড), মেরংলোয়া, শ্রীধন পাড়া, আমতলিয়া পাড়া, মধ্যম মেরংলোয়া (৭নং ওয়ার্ড), পশ্চিম মেরংলোয়া, পশ্চিম মেরংলোয়া দোয়ানা পাড়া, মধ্যম মেরংলোয়া, আমতলিয়া পাড়া (৮নং ওয়ার্ড), উঃ ফতেখাঁরকুল (মুসলিম পাড়া), বনিক পাড়া, বড়ুয়া পাড়া, চালন্যা পাড়া, সাতগরিয়ার পাড়া (৯নং	১. ফতেখাঁরকুল মৌজা । ২. হাইটুপি মৌজা । ৩. মেরংলোয়া মৌজা । ৪. শ্রীকুল মৌজা ।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম (ওয়ার্ড নং)	গ্রাম ভিত্তিক মৌজার নাম
		ওয়ার্ড)	

১.৩.৩ জনসংখ্যা

২০১১ সালের গণনা অনুযায়ী উপজেলার মোট জনসংখ্যা প্রায় **২৬৫৬৪০** জন। এর মধ্যে পুরুষ **১৩৫০০০** ও নারী **১৩০৬৪০** জন। মোট খানা/পরিবার প্রায় **৪৭৯১৪**। মোট জনসংখ্যার মধ্যে মুসলিমঃ ৯০%, বৌদ্ধঃ ৫% ও হিন্দুঃ ৫%।

ইউনিয়ন	পুরুষ (১৫-৫৯)	মহিলা (১৫-৫৯)	মোট জনসংখ্যা	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	শিশু (০-১৫)	পরিবার/ খানা	ভোটার
ঈদগড়	৯১০৫	৯২১০	১৮৩১৫	৯৭১	৩৫	৮৩৬৪	৩৪৩৭	৯১৩৬
কাউয়ারখোপ	১২০২৪	১১৯৮০	২৪০০৪	১২৭২	৪৩	১০৬৫৫	৪৩৭৩	১২৬২২
খুনিয়াপালং	১৮৪৯৭	১৭৮১৮	৩৬৩১৫	১৯২৫	৬০	১৩৬১৫	৬৪৬৬	১৮৪৫৩
জোয়ারিয়ানালা	১৩৬২১	১৩৭০২	২৭৩২৩	১৪৪৮	৫৭	৮৮৮২	৪৭৮৭	১৪৯৬৫
কচ্ছপিয়া	১৪৩১০	১৪০২৬	২৮৩৩৬	১৫০২	৪৯	৮০৫৪	৫০৪৯	১৩৯৯৪
দক্ষিণ মিঠাছড়ি	১৩১৬৬	১১৮৩২	২৪৯৯৮	১৩৭৮	৪৭	৮৪০৭	৪৪৬৬	১৩২৬২
গর্জনিয়া	১১২৩২	১১৪১৯	২২৬৫১	১২০১	৪৭	৮৯৭৩	৪১৭৯	১০৯৬৭
রাজারকুল	১০৩৮২	৯৭৭১	২০১৫৩	১০৬৮	৪১	৮৩১২	৩৭৫০	১০৬২৬
চাকমারকুল	৮৬৮৬	৭৭৫২	১৬৪৩৮	৮৭১	৩৫	৬১৪৫	২৬১১	৮৭৭১
রশিদনগর	৮৩৬৯	৮১৬৯	১৬৫৩৮	৮৭৭	৩৫	৭৯৩২	৩০২৭	৮৯৩৭
ফতেখাঁরকুল	১৫৬০৮	১৪৯৬১	৩০৫৬৯	১৬২০	৬৬	১১৩৩৯	৫৭৬৯	১৮৫৬৬
মোট	**১৩৫০০০**	**১৩০৬৪০**	**২৬৫৬৪০**	**১৪১৩৩**	**৫১৫**	**১০০৬৭৮**	**৪৭৯১৪**	**১৪০২৯৯**

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ণনা থাকতে হবে

১.৪.১ অবকাঠামো

- **বাঁধ:**

রামু উপজেলায় মোট **৪১**টি বাঁধ আছে। যার মোট দৈর্ঘ্য ১৫৮.৫কিঃমিঃ। এই বাঁধগুলো নদী ভাঙ্গন, বন্যা, জোয়ারের প্লাবন ও জলোচ্ছ্বাসের কবল থেকে ফসলী জমি, রাস্তা ঘাট, ঘরবাড়িসহ বিভিন্ন স্থাপনাকে রক্ষা করতে সহায়তা করে থাকে। নীচে ইউনিয়নভিত্তিক বাঁধসমূহের তথ্য প্রদান করা হলো:

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
ঈদগড়	কুদ্দুস মিয়ার জুম বাঁধ চিকনছড়া বাঁধ	২কিঃমিঃ, উচ্চতা ৮ ফুট । ২কিঃমিঃ, উচ্চতা ৭ ফুট ।	ছৈয়দ মেম্বারের বাড়ী হতে আলমের বাড়ী পর্যন্ত রমজানের বাড়ী হইতে মনিরুল হকের বাড়ী পর্যন্ত ।	১ ও ৭ নং ওয়ার্ড ।	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে সরাসরি ব্যবহৃত হয়না । তবে বন্যার সময় বাঁধের কাছাকাছি জনগণ প্রয়োজনে ব্যবহার করে থাকে ।
কাউয়ারখোপ	মইশকুম বাঁধ	১৫ কিলোমিটার, উচ্চতা ৪ ফুট	মইশকুম হতে পূর্ব, মধ্যম পশ্চিম মনিরঝিল হয়ে ফুলনির চর পর্যন্ত এ পাশ ও পাশ ।	১, ২, ৩, ৪, ৫ ও ৬নং ওয়ার্ড ।	ঐ
খুনিয়াপালং	গোয়ালিয়া বাঁধ রেজুর বাঁধ গোয়ালিয়া বাঁধ মরিচ্যা বাঁধ	৬ কিলোমিটার-উচ্চতা ৬ ফুট । ৬ কিলোমিটার-উচ্চতা ৬ ফুট । ৩ কিলোমিটার-উচ্চতা ৬ ফুট । ৫ কিলোমিটার-উচ্চতা ৬ ফুট ।	গোয়ালিয়া হতে নিরিবিলি হ্যাচারী পর্যন্ত রেজুর হতে হিমছড়ি পর্যন্ত গোয়ালিয়া হতে রাবেতা হাসপাতাল পর্যন্ত চরপাড়া পর্যন্ত	৭ ও ৮নং ওয়ার্ড ৯নং ওয়ার্ড ৫ ও ৬ নং ওয়ার্ড ৪নং ওয়ার্ড	ঐ
জোয়ারিয়ানালা	জোয়ারিয়ানালা বাঁধ জোয়ারিয়ানালা মিতাবাদ ছড়া বাঁধ জোয়ারিয়ানালা ফরেষ্ট বিট বাঁধ জোয়ারিয়ানালা নোনাছড়ি বাঁধ	১.৫ কিঃমিঃ উচ্চতা ৩ ফুট । ১.৫ কিঃমিঃ উচ্চতা ৩ ফুট । ১কিঃমিঃ উচ্চতা ৩ ফুট । ২কিঃমিঃ উচ্চতা ৩ ফুট ।	জোয়ারিয়ানালা হতে পূর্ব নোনাছড়ি পর্যন্ত জোয়ারিয়ানালা বাজার হতে মিতাবাদ ছড়া পর্যন্ত জোয়ারিয়ানালা ব্রীজের উঃ পাশ হতে জোয়ারিয়ানালা ফরেষ্ট বিট পর্যন্ত ৯নং ওয়ার্ড জোয়ারিয়া ব্রীজের গোড়া হতে নোনাছড়ি ব্রীজের গোড়া পর্যন্ত	৬ ও ৭নং ওয়ার্ড ৭নং ওয়ার্ড ৮নং ওয়ার্ড ৬ ও ৯নং ওয়ার্ড	ঐ
কচ্ছপিয়া	ছোট জাংছড়ি	১কিঃমিঃ,	ছোট জাংছড়ি হতে	৫নং ওয়ার্ড	ঐ

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
	উত্তরকুল বাঁধ,	উচ্চতা ১ ফুট ।	উত্তরকুল পর্যন্ত		
	ছোট জাংছড়ি দক্ষিণ কুল বাঁধ	১কিঃমিঃ, উচ্চতা ২ ফুট ।	ছোট জাংছড়ি হতে দক্ষিণকুল পর্যন্ত		
	বালুবাসা উত্তরকুল বাঁধ	১কিঃমিঃ, উচ্চতা ২ ফুট ।	বালুবাসা হতে উত্তরকুল পর্যন্ত	৪নং ওয়ার্ড	
	বালুবাসা দক্ষিণকুল বাঁধ	১কিঃমিঃ, উচ্চতা ২ ফুট ।	বালুবাসা হতে দক্ষিণকুল পর্যন্ত		
	বড় জাংছড়ি পূর্বকুল বাঁধ	১কিঃমিঃ, উচ্চতা ২ ফুট ।	বড় জাংছড়ি হতে পূর্বকুল পর্যন্ত		
	বড় জাংছড়ি পশ্চিমকুল বাঁধ	১কিঃমিঃ, উচ্চতা ৩ ফুট ।	বড় জাংছড়ি হতে পশ্চিমকুল পর্যন্ত		
	বাকখালী বাঁধ	১কিঃমিঃ, উচ্চতা ২ ফুট ।	বাকখালী হতে ৩নং ওয়ার্ড পর্যন্ত	৩ ও ৭নং ওয়ার্ড	
	বাকখালী-কচ্ছপিয়া বাঁধ	১কিঃমিঃ, উচ্চতা ৪ ফুট ।	বাকখালী হতে কচ্ছপিয়া মোড় পর্যন্ত		
	কচ্ছপিয়া-ডাকভাঙ্গা বাঁধ	১কিঃমিঃ, উচ্চতা ৩ ফুট ।	কচ্ছপিয়া হতে ডাকভাঙ্গা পর্যন্ত	৬নং ওয়ার্ড	
দক্ষিণ মিঠাছড়ি	উমখালী বাঁধ	৫ কিঃমিঃ, উচ্চতা ১০ ফুট	উমখালী ধরপাড়া হতে মনতির/কাইম্যারঘোনা পর্যন্ত	২নং ওয়ার্ড	ঐ
	কাটাখালের বাঁধ	৪ কিঃমিঃ, উচ্চতা ৭ ফুট	কাটাখালের দুই পাশ		
	পানের ছড়া বাঁধ	৩ কিঃমিঃ, উচ্চতা ৩ ফুট	পানের ছড়ার দুই পাশ	৫ নং ওয়ার্ড	
	চেইন্দা ছড়া বাঁধ	৬ কিঃমিঃ, উচ্চতা ৪ ফুট	চেইন্দা ছড়ার দুই পাশ	১নং ওয়ার্ড	
গর্জনিয়া	জুমছড়ি বাঁধ	৮কিঃমিঃ, উচ্চতা ৬ ফুট	জুমছড়ি হতে গর্জনিয়া পর্যন্ত	২নং ওয়ার্ড	ঐ
	গর্জনিয়া বাঁধ	১৯ কিঃমিঃ,	ব্রীজের ছড়া হতে	৩নং ওয়ার্ড	

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
		উচ্চতা ৬ ফুট	উত্তর থোয়াংগাকাটা পর্যন্ত		
	বড়বিল বাঁধ	১৩ কিঃমিঃ, উচ্চতা ৬ ফুট	নতুন বাজার হতে উত্তর বড়বিল পর্যন্ত	১নং ওয়ার্ড	
রাজারকুল	পালপাড়া বাঁধ	১.৫ কিঃমিঃ, উচ্চতা ৪ ফুট ।	পালপাড়া স্কুল হতে দক্ষিণ চাকমারকুল পর্যন্ত	১ নং ওয়ার্ড	ঐ
	সিকদার পাড়া বাঁধ	১ কিঃমিঃ, উচ্চতা ৩ ফুট ।	পালপাড়া হতে পশ্চিম সিকদার পাড়া পর্যন্ত	৩ নং ওয়ার্ড	
	পশ্চিম সিকদার পাড়া বাঁধ	০.৫ কিঃমিঃ, উচ্চতা ২ ফুট	পশ্চিম সিকদার পাড়া হতে আইয়ুপ সিকদারের পুরাতন বাড়ী পর্যন্ত ।		
	রোড কাম বেড়ী বাঁধ	৫ কিঃমিঃ, উচ্চতা ১০ ফুট ।	৪, ৫, ৬নং ওয়ার্ড হতে রোড কাম বেড়ীবাঁধ পর্যন্ত	৪, ৫ ও ৬ নং ওয়ার্ড	
	দরগামুরা বাঁধ	২ কিঃমিঃ, উচ্চতা ৪ ফুট ।	দরগামুরা হতে দ্বীপ ফতেখাঁরকুল পর্যন্ত	৯নং ওয়ার্ড	
চাকমারকুল	১, ২ ও ৩ নং ওয়ার্ড বাঁধ	৬ কিঃমিঃ, উচ্চতা ৬ ফুট ।	১ থেকে ৩নং ওয়ার্ড পর্যন্ত	১, ২ ও ৩নং ওয়ার্ড	ঐ
	৬নং ওয়ার্ড বাঁধ	৫কিঃমিঃ, উচ্চতা ৬ ফুট ।	৬নং ওয়ার্ড পর্যন্ত	৬নং ওয়ার্ড	
	৭নং ওয়ার্ড বাঁধ	৮ কিঃমিঃ উচ্চতা ৬ ফুট ।	৭নং ওয়ার্ড পর্যন্ত	৭নং ওয়ার্ড	
	৮নং ওয়ার্ড বাঁধ	৫কিঃমিঃ, উচ্চতা ৬ ফুট	৮নং ওয়ার্ড পর্যন্ত	৮নং ওয়ার্ড	
রশিদনগর	উল্টাখালী বাঁধ	২ কিঃমিঃ, উচ্চতা ২ ফুট ।	উল্টাখালী খালের দুই পাশে	৯নং ওয়ার্ড	ঐ
	মাছোয়াখালী বাঁধ	৩ কিঃমিঃ, উচ্চতা ১.৫ ফুট ।	মাছোয়াখালী খালের দুই পাশে	১নং ওয়ার্ড	
	বড় ধলীরছড়া বাঁধ	৪ কিঃমিঃ, উচ্চতা ২ ফুট ।	বড় ধলীরছড়া খালের দুই পাশে	৩নং ওয়ার্ড	
ফতেখাঁরকুল	চেরেংঘাটা -	১.৫ কিঃমিঃ, উচ্চতা	চেরেংঘাটা থেকে	৫ ও ৬নং	ঐ

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
	জাদীমুরা বাঁধ চেরাংঘাটা হতে - তেমুহনী বাঁধ	৯ ফুট । ২ঃমিঃ, উচ্চতা ৮ ফুট ।	জাদীমুরা পর্যন্ত চেরাংঘাটা হতে তেমুহনী পর্যন্ত	ওয়ার্ড ১ - ৫নং ওয়ার্ড	

- **স্লুইচ গেট:**

রামু উপজেলায় মোট ১০টি স্লুইচ গেট আছে। এই স্লুইচ গেটগুলো নদী ও খালের পানির স্বাভাবিক প্রবাহের পথকে সহায়তা করে থাকে। নীচে ইউনিয়নভিত্তিক স্লুইচ গেটসমূহের তথ্য প্রদান করা হলো:

ইউনিয়ন	স্লুইচ গেটের নাম	কোন নদী বা খালের সংযোগ স্থলে	ওয়ার্ডে/ অবস্থান	কাজ করে কিনা
ঈদগড়	চিকনির ছড়া স্লুইচ গেট (২টি)	চিকনির ছড়া খালের সংযোগ স্থলে	৭নং ওয়ার্ড	১টি কাজ কওে ও ১টি অসম্পূর্ণ
কাউয়ারখোপ	নাই	-	-	-
খুনিয়াপালং	নাই	-	-	-
জোয়ারিয়ানালা	নন্দাখালী স্লুইচ গেট	নন্দাখালী হতে রাবার ড্যাম এর মাথা পর্যন্ত	৩নং ওয়ার্ড	কাজ করে
কচ্ছপিয়া	বাকখালী স্লুইচ গেট	বাকখালী খাল	৭নং ওয়ার্ড	কাজ করে
দক্ষিণ মিঠাছড়ি	পাগলীর ছড়া স্লুইচ গেট ও চেইন্দা ছড়া স্লুইচ গেট	বিল কাটাখালের সংলগ্ন	৮নং ওয়ার্ড	কাজ করে
গর্জনিয়া	পশ্চিমকুল স্লুইচ গেট	১-৩নং ওয়ার্ডের খাল ও পশ্চিমকুল হতে পূর্বকুল খাল পর্যন্ত	১, ২ ও ৩নং ওয়ার্ড	কাজ করে
রাজারকুল	নাই	-		-
চাকমারকুল	ফারিখাল স্লুইচ গেট	ফারিখাল সংলগ্ন	৭নং ওয়ার্ড	চালু অবস্থায় আছে। কাজ করে
রশিদনগর	উল্টাখালী স্লুইচ গেট ও মাছোয়াখালী স্লুইচ গেট	উল্টাখালী খালের পার্শ্বে ও মাছোয়াখালী খালের পার্শ্বে।	৯ ও ১নং ওয়ার্ড	কাজ করে
ফতেখাঁরকুল	নাই	-	-	-

- **ব্রীজ:**

রামু উপজেলায় মোট ১৭৩টি ব্রীজ আছে। ব্রীজ গুলো কংক্রিট ও লোহার তৈরি। এই ব্রীজগুলো নদী ও খালের পানি প্রবাহকে সহায়তা করে থাকে। নীচে ইউনিয়নভিত্তিক ব্রীজসমূহের তথ্য প্রদান করা হলো:

ইউনিয়নের	ব্রীজের নাম	অবস্থান/ কোন নদী বা খালের উপরে	ওয়ার্ড	কাজ করে কিনা
ঈদগড় **৩টি**	রেনুর খাল ব্রীজ ঈদগড়-ঈদগাও ব্রীজ চেংছড়ি ব্রীজ	রেনুর খাল ঈদগড়-ঈদগাও নদী চেংছড়ি খাল	৬ নং ওয়ার্ড। ১নং ওয়ার্ড। ৮নং ওয়ার্ড।	কাজ করে
কাউয়ারখোপ **১১টি**	বাকখালী ব্রীজ উখিয়ারঘোনা ব্রীজ কাউয়ারখোপ ব্রীজ মধ্যম ও পশ্চিম কাউয়ারখোপ ব্রীজ পূর্ব মনির ঝিল নাসিরব্রীজ মধ্যম মনির ঝিল ব্রীজ সোনাইছড়ি ব্রীজ ঝর্ণারঘোনা লামারপাড়া ব্রীজ জাদির বাকখালী ব্রীজ মেইন রাস্তা বাকখালী ব্রীজ ফরেস্ট অফিস ব্রীজ	বাকখালী খাল সংলগ্ন, উখিয়ারঘোনা ছড়া সংলগ্ন, কাউয়ারখোপ নাসির সংলগ্ন, মধ্যম ও পশ্চিম কাউয়ারখোপ খাল সংলগ্ন, পূর্ব মনির ঝিল নাসির সংলগ্ন, মধ্যম মনিরঝিল নাসির সংলগ্ন, সোনাইছড়ি খাল সংলগ্ন, রাস্তা সংলগ্ন, বাকখালী খাল সংলগ্ন ” ফরেষ্ট অফিসের পার্শ্বে বাকখালী খাল সংলগ্ন।	৯নং ওয়ার্ড ৭নং ওয়ার্ড ৫নং ওয়ার্ড ৫নং ওয়ার্ড ৩নং ওয়ার্ড ২ নং ওয়ার্ড ১ নং ওয়ার্ড ৯নং ওয়ার্ড	কাজ করে
খুনিয়াপালং ৭৪টি	ধুইল্যাছড়ি, রেজুর, কালার পাড়া, ধোয়াপালং ব্রীজসহ মোট	ধুইল্যাছড়ি খাল, রেজুর খাল, কালার পাড়া খাল, ধোয়াপালং খাল ও খাল সংলগ্ন রাস্তায়।	**১নং ওয়ার্ড ১০টি, ২নং ওয়ার্ড ৮টি, ৩নং ওয়ার্ড ১০টি, ৪নং ওয়ার্ড ১০টি, ৫নং ওয়ার্ড ১২টি, ৬নং ওয়ার্ড ৬টি, ৭নং ওয়ার্ড ৫টি, ৮নং ওয়ার্ড ৫টি ও ৯নং ওয়ার্ড ৮টি।**	কাজ করে

ইউনিয়নের	ব্রীজের নাম	অবস্থান/ কোন নদী বা খালের উপরে	ওয়ার্ড	কাজ করে কিনা
জোয়ারিয়ানালা ৫টি	নুনাছড়ি ব্রীজ গুচ্ছগ্রামে সোনাইছড়ি ব্রীজ নুনাছড়ি ব্রীজ, বিশ্ব রোড নুনাছড়ি ব্রীজ, কবরস্থান সংলগ্ন নুনাছড়ি ব্রীজ	নুনাছড়ি খাল সোনাইছড়ি খাল নুনাছড়ি খাল নুনাছড়ি খাল নুনাছড়ি খাল ।	৪নং ওয়ার্ড ৫নং ওয়ার্ড ৬নং ওয়ার্ড ৭নং ওয়ার্ড	কাজ করে
কচ্ছপিয়া ১৪টি	দোছড়ি, ছোট জাংছড়ি, বড় জাংছড়ি, বাকখালী ব্রীজসহ	দোছড়ি খাল ছোট জাংছড়ি খাল, বড় জাংছড়ি খাল ও বাকখালী খাল সংলগ্ন	**১নং ওয়ার্ড ১টি, ২নং ওয়ার্ড ১টি, ৪নং ওয়ার্ড ১টি, ৫নং ওয়ার্ড ৩টি, ৬নং ওয়ার্ড ২টি, ৭নং ওয়ার্ড ২টি, ৮নং ওয়ার্ড ৩টি, ৯নং ওয়ার্ড ১টি,**	কাজ করে
দক্ষিণ মিঠাছড়ি ১৪টি	**কাটাখালের উপরে ১টি ।** **কাডির মাথা ২টি,** **মকতুল হোসনের বাড়ীর সামনে ১টি ।** **কাজীর পাড় ১টি ।** **মোঃ হাজীর পাড়া ১টি ।** **পানেরছড়া সিকদারপাড়া ১টি ।** **পানেরছড়া উপরে ৩টি ।** **চেইন্দা ছড়ার উপরে ১টি ।** **চেইন্দা চরপাড়া ১টি ।** **চেইন্দা রশনআলী রাস্তার মাথায় ২টি ।**	কাটাখাল, পানের ছড়া বাকখালী খাল	৩নং ওয়ার্ড ৫নং ওয়ার্ড ৮নং ওয়ার্ড	কাজ করে
গর্জনিয়া ১২টি	**থিমছড়ি খালে** সংলগ্নে **২টি** **গর্জনিয়া খালে** সংলগ্নে **৩টি** - **ছোট গর্জনিয়া খালে** সংলগ্নে **২টি** **বাকখালী বড় ব্রীজে** সংলগ্নে **১টি**	**থিমছড়ি খাল**	৪নং ওয়ার্ড ১, ২ ৩নং ওয়ার্ড ৫নং ওয়ার্ড ৬নং ওয়ার্ড ৭নং ওয়ার্ড	কাজ করে

ইউনিয়নের	ব্রীজের নাম	অবস্থান/ কোন নদী বা খালের উপরে	ওয়ার্ড	কাজ করে কিনা
	চিকনছড়ি ছড়ায় সংলগ্নে **৩টি** **রাঙ্গামাইট্টা খালে** সংলগে **১টি**		৮নং ওয়ার্ড	
রাজারকুল **৮টি**	শেষ ঘাটা ব্রীজ	কাটাখালী খালের সংলগ্ন	১নং ওয়ার্ড	কাজ করে
	আলী আহম্মদ এর বাড়ী সংলগ্ন ব্রীজ		২নং ওয়ার্ড	
	সিকদার পাড়া ব্রীজ চৌকিদার পাড়া ব্রীজ		৩নং ওয়ার্ড	
	আলী সিকদারের বাড়ী সংলগ্ন ব্রীজ		৪নং ওয়ার্ড	
	কাঠালিয়া পাড়া,		৫নং ওয়ার্ড	
	দক্ষিণ পাড়া হরতলা ব্রীজ		৮নং ওয়ার্ড	
	বড়ুয়া পাড়া ব্রীজ	বাকখালী নদী সংলগ্ন	৯নং ওয়ার্ড	
চাকমারকুল	নাই	-	-	
রশিদনগর ২৯টি	উল্টাখালী ২টি ব্রীজ	উল্টাখালী খাল	৯নং ওয়ার্ড	কাজ করে
	বড় ধলীরছড়া ৬টি ব্রীজ	বড় ধলীরছড়া খাল	৩নং ওয়ার্ড	
	কাহাতিয়া ব্রীজ উঃ কাহাতিয়া পাড়া ২টি ব্রীজ		২নং ওয়ার্ড	
	মাছেয়াখালী ব্রীজ	মাছোয়াখালী খাল	১নং ওয়ার্ড	
	হামির পাড়া ব্রীজ কাদমর পাড়া ২টি ব্রীজ,		৫নং ওয়ার্ড	
	থলিয়ারঘোনা ৩টি ব্রীজ নাছিরা পাড়া ৩টি ব্রীজ	থলিয়ারঘোনা খাল	৬নং ওয়ার্ড	
	পাহাড়তলী ব্রীজ		৪নং ওয়ার্ড	

ইউনিয়নের	ব্রীজের নাম	অবস্থান/ কোন নদী বা খালের উপরে	ওয়ার্ড	কাজ করে কিনা
	পানির ছড়া ৬টি ব্রীজ **জেটি রাস্তায় ব্রীজ**	পানির ছড়া খাল	৭নং ওয়ার্ড ৮নং ওয়ার্ড	
ফতেখাঁরকুল **৩টি**	বাইপাস চা বাগান ব্রীজ উত্তর মিঠাছড়ি ব্রীজ জুলেখার পাড়া রাজারকুল ব্রীজ	বাকখালী নদী সংলগ্ন ।	৭নং ওয়ার্ড ৮নং ওয়ার্ড ১নং ওয়ার্ড	কাজ করে ।

• কালভার্ট ও পাইপ কালভার্ট:

রামু উপজেলায় মোট ৩৭৬টি কালভার্ট ও পাইপ কালভার্ট আছে । এগুলো খাল, খাল সংলগ্ন রাস্তা ও জমির পানি প্রবাহকে সহায়তা করে থাকে । নীচে ইউনিয়নভিত্তিক কালভার্ট ও পাইপ কালভার্ট সমূহের তথ্য প্রদান করা হলো:

ইউনিয়ন	কালভার্ট	কোন নদী বা খালের উপরে	ওয়ার্ড	কাজ করে কিনা
ঈদগড়	৭৫টি ।	রেনুর ছড়া খাল, চেংছড়ি খাল ও চিকনির ছড়ার খালের সংলগ্ন	১ - ৯নং ওয়ার্ড	কাজ করে
কাউয়ারখোপ	৪৯টি	উখিয়ারঘোনা প্রাইমারী স্কুল খালে- ৯টি, কালু বাপের ঘোনা রাস্তার খালে-২টি, স্কুল পাড়া রাস্তায়-১টি, সওদাগর পাড়া রাস্তা সংলগ্ন খালে- ১টি, লামার পাড়া রাস্তা-১টি, উখিয়ার ঘোনা গর্জনিয়া রাস্তা-৯টি, ঝরণারঘোনা রাস্তায়-২টি, উখিয়ারঘোনা কাউয়ারখোপ রাস্তায়-৭টি, ঢেভারকুল রাস্তায়-২টি, ধনুরপাড়া রাস্তায়-১টি, হাসান বদ্দার রাস্তায়-১টি, মালেকুজ্জামান রাস্তায় -১টি, পূর্ব কাউয়ারখোপ রাস্তায় -১টি, ভিলিজার পাড়া রাস্তায় -২টি, মইশকুম পাড়ায়-১টি, পূর্ব মনিরঝিল পাহাড় পাড়া-১টি, মধ্যম মনিরঝিল ঢেবা রাস্তায়-৩টি, পশ্চিম মনিরঝিল মাদ্রাসার পাশে-২টি, পশ্চিম সোনাইছড়ি- ২টি ।	১ - ৯নং ওয়ার্ড	কাজ করে
খুনিয়াপালং	৮৭টি	ধুইল্যাছড়ি খালের সংলগ্নে-৪৫টি, রেজুর খালের সংলগ্নে- ১৮টি, কালার পাড়া খালের সংলগ্নে-৯টি, ধোয়াপালং খালের	১ - ৯নং ওয়ার্ড	কাজ করে ।

ইউনিয়ন	কালভার্ট	কোন নদী বা খালের উপরে	ওয়ার্ড	কাজ করে কিনা
		সংলগ্নে-৭টি ও গোয়ালিয়া পালং নদী সংলগ্নে- ৮টি ।		
জোয়ারিয়ানালা	৫টি	চৌধুরী পাড়া থেকে নুনাছড়ি খাল, নন্দাখালী উত্তর মাথায় নুনাছড়ি খাল, সিকদার পাড়া থেকে নুনাছড়ি খাল, পূর্ব নুনাছড়ি থেকে নুনাছড়ি খাল, ফরেষ্ট বিট হতে নুনাছড়ি খাল ।	১, ৩, ৫, ৬, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড	কাজ করে
কচ্ছপিয়া	৪৭টি	দোছড়ি খাল, ছোট জাংছড়ি খাল, বড় জাংছড়ি খাল বাকখালী খালে ও খাল সংলগ্ন রাস্তায় ।	১, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড	কাজ করে
দক্ষিণ মিঠাছড়ি	৫০টি	বাকখালী ও কাটাখালের উপর এবং খাল সংলগ্ন রাস্তায় ।	১ - ৯নং ওয়ার্ড	কাজ করে
গর্জনিয়া	৪৬টি	গর্জনিয়া খাল, থিমছড়ি খাল, ছোট গর্জনিয়া খাল, বাকখালী খাল ও রাঙ্গামাইট্টা খালের উপর এবং খাল সংলগ্ন রাস্তায় ।	১ - ৮নং ওয়ার্ড	কাজ করে
রাজারকুল	১৬টি	কাটাখালী খাল ও খাল সংলগ্ন রাস্তায় এবং বাকখালী নদীর সংলগ্নে	১, ২, ৩, ৪, ৫, ৮ ও ৯নং ওয়ার্ড	কাজ করে
চাকমারকুল	৪০টি	পাতলী খাল, ফারিরখাল ও বাকখালী খাল ও খাল সংলগ্ন রাস্তায়	১ - ৯নং ওয়ার্ড	কাজ করে
রশিদনগর	৩টি	উল্টাখালী খাল, বড় ধলীর ছড়া খাল ও মাছোয়াখালী খাল সংলগ্ন	৯, ৩ ও ১নং ওয়ার্ড	কাজ করে
ফতেখাঁরকুল	নাই	-	-	-

- **রাস্তা:**

রামু উপজেলা সদরের মধ্যে প্রায় অধিকাংশ রাস্তা পাকা । বিগত ৫- ১০ বছরের মধ্যে এখানে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে । তবে উপজেলার সব ইউনিয়নের ভিতরের যোগাযোগ খুব একটা ভালো নয় । মূল রাস্তা থেকে প্রায় প্রতিটি গ্রামেই ইট বিছানো ও কাঁচা রাস্তা । অধিকাংশ স্থানে ইট সরে যাওয়া/ ইট খয়ে যাওয়ায় যাতায়াত বেশ অসুবিধায় পড়তে হয় । এই উপজেলায় মোট রাস্তা প্রায় **৮৫৭.৫** কিলোমিটার । এর মধ্যে পাকা রাস্তা প্রায় **৯৭.৫** কিলোমিটার, HBB রাস্তা প্রায় **২১৬.৫** কিলোমিটার এবং কাঁচা (মাটির) রাস্তা প্রায় **৫৪৩.৫** কিলোমিটার । ইউনিয়নভিত্তিক রাস্তার তথ্য তুলে ধরা হলো:

ইউনয়ন	কোথা হতে কোথা পর্যন্ত	কিলোমিটার ও উচ্চতা	ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
ঈদগড়	পাকা রাস্তা: ঈদগড় বাজার হতে বাইশারী রাস্তার মাথা	১২ কি:মি:	২, ৩, ৪, ৭, ৮ ও ৯ নং	বন্যামুক্ত	বসতবাড়ির কাছাকাছি উঁচু

ইউনয়ন	কোথা হতে কোথা পর্যন্ত	কিলোমিটার ও উচ্চতা	ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
	পর্যন্ত HBB: ঈদগড় হতে বৌঘাট পর্যন্ত কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ	 ৫ কি:মি: ৩০ কি:মি:	ওয়ার্ড ১, ৩, ৪,৭, ৮ ও ৯নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড		রাস্তায় তাৎক্ষণিক আশ্রয় নিয়ে থাকে ।
কাউয়ারখোপ	পাকা রাস্তা: ৮নং ওয়ার্ডে HBB: ২, ৩, ৫, ৬, ৮ ও ৯নং ওয়ার্ডে কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ	৩ কিঃমিঃ, উচ্চতা ৭ফুট ১১ কিঃমিঃ, উচ্চতা ৬ফুট ৩০কিঃমিঃ	৮নং ওয়ার্ড ২, ৩, ৫, ৬, ৮ ও ৯নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড	আংশিক প্লাবিত হয়	ঐ
খুনিয়াপালং	পাকা রাস্তা: রামু সড়ক থেকে মরিচ্যা সড়ক পর্যন্ত । HBB: ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের সাথে সংযোগ কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ	১২ কিঃমিঃ উচ্চতা ১০ ফিট । ৩২.৫ কিঃমিঃ, উচ্চতা ৪ ফুট ১২৫ কিঃমিঃ, উচ্চতা ৩ - ৬ ফুট পর্যন্ত	১, ২, ৩ ও ৪নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড	আংশিক প্লাবিত হয়	ঐ
জোয়ারিয়ানালা	পাকা রাস্তা: ঘোনাপাড়া রাস্তা মাথা হতে মইশকুম ব্রীজ পর্যন্ত, মাদ্রাসা গেইট হতে পূর্ব জোয়ারিয়ানালা স্কুল পর্যন্ত ও চা বাগান হতে ভাবনাকেন্দ্র পর্যন্ত HBB: ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের সাথে সংযোগ কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ	৩ কিঃমিঃ, উচ্চতা ৪ ফুট । ২৯ কিঃমিঃ, উচ্চতা ৪ ফুট ৫৭.৫ কিঃমিঃ, উচ্চতা ৩ - ৯ ফুট পর্যন্ত	ইউনিয়নের ৫ ও ২নং ওয়ার্ড ১, ২, ৩, ৫, ৬, ৭ ও ৯নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড	বন্যামুক্ত	ঐ
কচ্ছপিয়া	পাকা রাস্তা: ৩নং ওয়ার্ড ডাক বাংলো থেকে ৯নং ওয়ার্ড দঃ মৌলভীকাটা শেষ মাথা পর্যন্ত	১৬ কিঃমিঃ । উচ্চতা ৪ ফুট ।	২, ৩ ও ৯নং ওয়ার্ড	আংশিক প্লাবিত হয়	ঐ

ইউনয়ন	কোথা হতে কোথা পর্যন্ত	কিলোমিটার ও উচ্চতা	ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
	৮কিলোমিটার ও ডাক বাংলো থেকে ২নং ওয়ার্ড দোছড়ি পর্যন্ত ৮ কিলোমিটার HBB: ইউনিয়নের ১, ২ ও ৩নং ওয়ার্ডের সাথে সংযোগ কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ	৪ কিঃমিঃ উচ্চতা ৩ ফুট ৯১ কিঃমিঃ, উচ্চতা ৩ ফুট	১, ২ ও ৩নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড		
দক্ষিণ মিঠাছড়ি	পাকা রাস্তা: কাড়িমাথা হতে সাইফুল ইসলাম চেয়ারম্যানের বাড়ী পর্যন্ত HBB: ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের সাথে সংযোগ কাঁচা রাস্তা: পানেরছড়া হতে উমখালী ছিদ্দিকের দোকান পর্যন্ত এবং ৫ ও ৭নং ওয়ার্ড।	৩ কিঃমিঃ, উচ্চতা ৭ ফুট ১৮ কিঃমিঃ। উচ্চতা ৬ ফুট ২৫ (১৪+১১) উচ্চতা ৬ ফুট	ইউনিয়নের ইউনিয়নের ২-৭নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড ৪, ৫ ও ৭নং ওয়ার্ড	আংশিক প্লাবিত হয়	ঐ
গর্জনিয়া	পাকা রাস্তা: ৮নং ওয়ার্ড হতে ৯নং ওয়ার্ড পর্যন্ত HBB: ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের সাথে সংযোগ কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ	১০ কিঃমিঃ উচ্চতা ৫ ফুট ১০ কিঃমিঃ উচ্চতা ৪ ফুট ৮১ কিঃমিঃ উচ্চতা ৩ফুট	৮ ও ৯নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড ১- ৯নং ওয়ার্ড	পাকা ২ কিঃমিঃ, HBB ১.৫ কিঃমিঃ ও কাঁচা ২.৫ কিঃমিঃ বন্যামুক্ত, বাকী ৯৫ কিঃমিঃ বন্যামুক্ত নয়	ঐ
রাজারকুল	পাকা রাস্তা: ৭নং ওয়ার্ডের কিছু অংশ HBB: ২ ও ৭ নং ওয়ার্ডের সাথে সংযোগ কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ	৮.৫ কিঃমিঃ, উচ্চতা ১০ ফুট। ১৩ কিঃমিঃ, উচ্চতা ৮ ফুট। ৫৫কি:মি:, ৬ ফুট।	৭নং ওয়ার্ড ২ ও ৭নং ওয়ার্ডে ১- ৯নং ওয়ার্ড	বন্যার সময় পাকা, HBB ও কাঁচা রাস্তার সব ডুবে যায়।	ঐ
চাকমারকুল	পাকা রাস্তা: ৯, ২, ১ ও ৬নং ওয়ার্ডের HBB: ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের সাথে সংযোগ	১১ কিঃমিঃ, উচ্চতা ৪ ফুট। ২৬ কিঃমিঃ, উচ্চতা ৬ ফুট। ১৭ কিঃমিঃ, উচ্চতা ৩ ফুট	৯, ২, ১ ও ৬নং ওয়ার্ড ১ - ৯নং ওয়ার্ড	আংশিক প্লাবিত হয়	ঐ

ইউনয়ন	কোথা হতে কোথা পর্যন্ত	কিলোমিটার ও উচ্চতা	ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
	কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ		১ - ৯নং ওয়ার্ড		
রশিদনগর	পাকা রাস্তা: উল্টাখালী, পানিরছড়া হতে ভাড়োয়াখালী পর্যন্ত ও মাছোয়াখালী HBB: উল্টাখালী, ধলীরছড়া-মুড়াপাড়া, পানিরছড়া, বড় ধলীরছড়া, কাহাতিয়া পাড়া, উঃ কাহাতিয়া পাড়া, কাদমর পাড়া, মাছোয়াখালী ও নাছিয়া পাড়া-থলিয়ারঘোনা কাঁচা রাস্তা: প্রতিটি ওয়ার্ডের গ্রাম্য পথ	৯ কিঃমিঃ। উচ্চতা ২ ফুট ৩২ কিঃমিঃ। উচ্চতা ২ ফুট ২৫ কিঃমিঃ। উচ্চতা ২ - ৬ ফুট	৯, ৭ ও ১নং ওয়ার্ড ৯, ৮, ৭, ৩, ২, ৪, ৫, ১ ও ৬নং ওয়ার্ড ১ - ৯নং ওয়ার্ড	আংশিক প্লাবিত হয়	ঐ
ফতেখাঁরকুল	পাকা রাস্তা: চৌমুহনী বাইপাস হতে লম্বা ব্রীজ পর্ন্ত, বাইপাস হতে পশ্চিম মেরংলোয়া সাইক্লোন সেল্টার, চৌমুহনী হতে জাদীমুরা, চৌমুহনী হতে তেচ্ছিপুল, তেচ্ছিপুল হতে ফজল আম্বিয়া স্কুল ও অফিসের চর হতে লম্বা ব্রীজ পর্যন্ত। HBB: : ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের সাথে সংযোগ কাঁচা রাস্তা: উল্লেখিত ওয়ার্ডের গ্রাম্য পথ	১০ কিঃমিঃ, উচ্চতা ৫ ফুট। ৩৬ কিঃমিঃ, উচ্চতা ২ ফুট। ৭ কিঃমিঃ, উচ্চতা ২ ফুট	ইউনিয়নের ১, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড ১ - ৯নং ওয়ার্ড ৩, ৫, ৬, ৮ ও ৯নং ওয়ার্ড	আংশিক প্লাবিত হয়	ঐ

- **সেচ ব্যবস্থা:**

রামু উপজেলার প্রতিটি ইউনিয়নে সেচ কাজের জন্য গভীর ও অগভীর নলকূপ এবং শ্যালো মেশিন ব্যবহার করা হয়। নিম্নে ইউনিয়নভিত্তিক তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	গভীর নলকুপ	অগভীর নলকুপ	শ্যালো মেশিন
ঈদগড়	১৭ টি	২৭৫টি	১৫টি
কাউয়ারখোপ	২০টি	৫০টি	১৩টি

খুনিয়াপালং	১৫০টি	৫০ টি	৫ টি
জোয়ারিয়ানালা	৮টি	১২টি	১টি (রাবার ড্যাম)
কচ্ছপিয়া	১০টি	২০টি	১৬টি
দক্ষিণ মিঠাছড়ি	১৫টি	১২টি	১৩টি
গর্জনিয়া	১০টি	২০টি	১৬টি
রাজারকুল	১৩টি	১০টি	২০টি
চাকমারকুল	২৯টি	২৬৫টি	০০
রশিদনগর	৭১টি	১৩টি	১১টি
ফতেখাঁরকুল	৯টি	১৩টি	
মোট	৩৫২ টি	৭৪০টি	১২০টি

- **হাটবাজার:**

পূর্বে রামু উপজেলার জনগণ শুধুমাত্র সাপ্তাহিক হাটের উপর নির্ভরশীল ছিল। ক্রমান্বয়ে আধুনিকতার ছোঁয়ায় বিগত ১০ থেকে ১৫ বছরের মধ্যে সাপ্তাহিক হাটের পাশাপাশি উপজেলায় বড় ও ছোট মিলিয়ে বাজারের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। এইসব হাট বাজারে জনগণ তাদের নিত্য প্রয়োজনীয় সামগ্রী ক্রয় ও বিক্রয় করে থাকে। উপজেলায় বড় ধরণের হাট বাজারের সংখ্যা প্রায় ২৫টি। নিম্নে ইউনিয়ন ভিত্তিক হাট বাজারের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়নে	হাট/ বাজারের নাম	হাট বার	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	বন্যামুক্ত কিনা
ঈদগড়	**ঈদগড় বাজার** (এছাড়াও রাস্তার ধারে, রাস্তার মোড়ে ও বিভিন্ন প্রতিষ্ঠানের পাশে গড়ে উঠেছে ছোট ছোট বাজার, যেখানে প্রয়োজনীয় দৈনন্দিন জিনিস কেনা কাটা করা হয়)।	শুক্রবার ও সোমবার	৩৪০টি	২টি আছে	হ্যাঁ
কাউয়ারখোপ	**কাউয়ারখোপ বাজার** (এছাড়াও রাস্তার ধারে, রাস্তার মোড়ে ও বিভিন্ন প্রতিষ্ঠানের পাশে গড়ে উঠেছে ছোট ছোট বাজার, যেখানে প্রয়োজনীয় দৈনন্দিন	সোমবার ও মঙ্গলবার	৯০টি	আছে	পানি জমে তবে দ্রুত নেমে যায়।

ইউনিয়নে	হাট/ বাজারের নাম	হাট বার	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	বন্যামুক্ত কিনা
	জিনিস কেনা কাটা করা হয়) ।				
খুনিয়াপালং	**পশ্চিম ঢেচুয়াপালং** (এছাড়াও রাস্তার মোড়ে ও বিভিন্ন প্রতিষ্ঠানের পাশে গড়ে উঠেছে ছোট ছোট বাজার, যেখানে প্রয়োজনীয় দৈনন্দিন জিনিস কেনা কাটা করা হয়) ।	রবিবার ও বুধবার	১৫০টি	৫টি আছে	আংশিক প্লাবিত হয় ।
জোয়ারিয়ানালা	**চা বাগান ও জোয়ারিয়ানালা বাজার** **মৌলভী বাজার** (এছাড়াও রাস্তার ধারে, রাস্তার মোড়ে ও বিভিন্ন প্রতিষ্ঠানের পাশে গড়ে উঠেছে ছোট ছোট বাজার, যেখানে প্রয়োজনীয় দৈনন্দিন জিনিস কেনা কাটা করা হয়) ।	সোমবার ও শুক্রবার রবিবার ও বৃহস্পতিবার	২৫০টি	২টি আছে	পানি জমে তবে দ্রুত নেমে যায় ।
কচ্ছপিয়া	**গর্জনিয়া** বাজার (এছাড়াও রাস্তার ধারে, রাস্তার মোড়ে ও বিভিন্ন প্রতিষ্ঠানের পাশে গড়ে উঠেছে ছোট ছোট বাজার, যেখানে প্রয়োজনীয় দৈনন্দিন জিনিস কেনা কাটা করা হয়) ।	সোমবার ও বৃহস্পতিবার ।	৫০০টি	৫টি আছে	পানি জমে তবে দ্রুত নেমে যায় ।
দক্ষিণ মিঠাছড়ি	**কাডির মাথা বাজার** পানেরছড়া, উমখালী ও ছিদ্দিকের বাজার	শুক্রবার ও মঙ্গলবার প্রতিদিন	২০০০টি	২৫টি আছে	আংশিক প্লাবিত হয় । তবে কম সময়ে পানি নেমে যায় ।
গর্জনিয়া	**থিমছড়ি বাজার** বেলতলী টাইম বাজার ও নয়া বাজার	শুক্রবার ও মঙ্গলবার প্রতিদিন	২০০টি	৪টি আছে	আংশিক প্লাবিত হয় । তবে কম

ইউনিয়নে	হাট/ বাজারের নাম	হাট বার	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	বন্যামুক্ত কিনা
					সময়ে পানি নেমে যায় ।
রাজারকুল	**রাজারকুল** ইউনিয়নে শিকলঘাট, পঞ্জেখানা ও পাল পাড়া বাজার	প্রতিদিন	১০৫টি	৪টি আছে	আংশিক প্লাবিত হয় । তবে কম সময়ে পানি নেমে যায় ।
চাকমারকুল	**কলঘর বাজার** (কলঘর বাজারে প্রতিদিন বাজারও বসে । এছাড়াও রাস্তার ধারে, রাস্তার মোড়ে ও বিভিন্ন প্রতিষ্ঠানের পাশে গড়ে উঠেছে ছোট ছোট বাজার, যেখানে প্রয়োজনীয় দৈনন্দিন জিনিস কেনা কাটা করা হয়) ।	শুক্রবার ও সোমবার	১৭০টি	৫টি আছে	আংশিক প্লাবিত হয় । তবে কম সময়ে পানি নেমে যায় ।
রশিদনগর	**পানিরছড়া মামুন মিয়ার বাজার, নতুন বাজার** জেটির রাস্তার বাজার, মাছোয়াখালী বাজার (মাদ্রাসার সামনে), **উল্টাখালী বাজার**	বুধবার ও শনিবার, রবিবার প্রতিদিন	২০০	৩টি আছে	পানি জমে তবে দ্রুত নেমে যায় ।
ফতেখাঁরকুল	**ফকিরা বাজার তেমুহনি শিকলঘাট মধ্যম মেরংলোয়া** হাট	শনিবার ও মঙ্গলবার প্রতিদিন	২০০০	১০টি আছে	আংশিক প্লাবিত হয় ।

১.৪.২ সামাজিক সম্পদ

- **ঘরবাড়ি:**

উপজেলা সদরের মধ্যে ঘরবাড়িসহ বিভিন্ন স্থাপনার অনেকাংশই বিল্ডিং, পাকা ও আধাপাকা । সদরের বাইরে এবং বিভিন্ন ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে পাকা ঘরবাড়ির সংখ্য খুবই কম । সেখানে স্কুল, মসজিদসহ বিভিন্ন স্থাপনা পাকা ও আধা পাকা হলেও অধিকাংশ বাড়ি ঘর আধা পাকা, কাঁচা ও ঝুঁপড়ি । বাঁশ, ছন, কাঠ, টিন, মাটি, ইট-বালি-

সিমেন্ট, বেড়া, ত্রিপল দিয়ে বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনা তৈরি করা হয়েছে। উপজেলায় মোট ঘরের সংখ্যা প্রায় ৪৮৫৫৪টি। এর মধ্যে বিল্ডিং ও পাকা ঘরের সংখ্যা প্রায় ৫৩১টি (ইট-বালি-সিমেন্ট, টিন, কাঠ), আধাপাকা প্রায় ১২৩০৭টি (ইট, টিন, কাঠ, বাঁশ), কাঁচা প্রায় ৩৫০১৬টি (বেড়া, মাটি, ইট, ত্রিপল, বাঁশ, ছন, টিন) ও ঝুঁপড়ি ৬০০টি (বেড়া, ত্রিপল, নাড়া, মাটি)। নিম্নে ইউনিয়নভিত্তিক ঘরের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	মোট বাড়ির সংখ্যা	কাঁচা (বেড়া, মাটি, ত্রিপল, বাঁশ, ছন, টিন)।	আধাপাকা (ইট, টিন, কাঠ, বাঁশ)	পাকা দালান (ইট, টিন, কাঠ)
ঈদগড়	৩৪৩৭টি	৩০০২টি	৩৫০টি	৮৫টি
কাউয়ারখোপ	৪৩৭৩টি	৩৩১৮টি	১০৩০টি	২৫টি
খুনিয়াপালং	৪৬৬৬টি	৪০০৬	২৪৫০টি	১০টি
জোয়ারিয়ানালা	৪৭৮৭টি	৩১০২টি	১৬৫০টি	৩৫টি
কচ্ছপিয়া	৫০৪৯টি	৩৪২৯টি	১৫৭০টি	৫০টি
দক্ষিণ মিঠাছড়ি	৪৪৬৬টি	৩০০৬টি	১৩৬১টি	৯৯টি
গর্জনিয়া	৪১৭৯টি	৩৭০৪টি	৪২০টি	৫৫টি
রাজারকুল	৩৭৫০	৩৫৪০টি	১৬০টি	৫০টি
চাকমারকুল	২৬১১টি	১৫৭০টি	১০১৬টি	২৫টি
রশিদনগর	৩০২৭টি	১৯০০টি	১১০০টি	২৭টি
ফতেখাঁরকুল	৫৭৫৯টি	৪৪৮৯টি	১২০০টি	৭০টি

- **পানি:**

উপজেলাসহ সব ইউনিয়নের খাবার পানির উৎসগুলো হলো গভীর ও হস্তচালিত নলকূপ (টিউবওয়েল)। পূর্বে উপজেলার জনগণ খাবার ও ব্যবহারের পানির জন্য স্বল্প সংখ্যক টিউবওয়েলসহ পুকুর, নদী, খাল ও ছড়ার উপর নির্ভরশীল ছিল। পরবর্তীতে ব্যাপকহারে হস্তচালিত নলকূপ (টিউবওয়েল) ও গভীর নলকূপ ব্যবহারের মাত্রা বাড়তে থাকে। উপজেলায় পানি ব্যবহার করে এমন নলকূপের সংখ্যা প্রায় ২২২৪০টি। এর মধ্যে ভাল প্রায় ১৪০৫০টি ও নষ্ট প্রায় ৮১৯০টি, বন্যা লেভেলের উপরে থাকে প্রায় ৮৬১২টি এবং বন্যার সময় ব্যবহার উপযোগী থাকে প্রায় ৮৩৩৫টি। উপজেলার প্রায় ৯০% অধিবাসী নলকূপের পানি ব্যবহার করে থাকে। নিম্নে ইউনিয়নভিত্তিক নলকূপের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	মোট	ভাল	নষ্ট	বন্যার লেভেলে উপরে
ঈদগড়	২৭৫টি	২০৫টি	৭০টি	২০৫টি
কাউয়ারখোপ	৯৯০টি	৮৬৫টি	১২৫টি	৫৬৫টি
খুনিয়াপালং	৪০২০টি	২০২০টি	২০০০টি	১৯৫০টি
জোয়ারিয়ানালা	১৮৭০টি	১০৯৫টি	৭৭৫টি	৯২০টি
কচ্ছপিয়া	৪৫০০টি	২৯৫০টি	১৫৫০টি	১৫০০টি

দক্ষিণ মিঠাছড়ি	২৬০০টি	২০৫৫টি	৫৪৫টি	৫৫টি
গর্জনিয়া	১২০০টি	৯৪০টি	২৬০টি	৮৪০টি
রাজারকুল	২৫০০টি	১৫৫৫টি	৯৪৫টি	৬১০টি
চাকমারকুল	৪৫০টি	৩৯০টি	৬০টি	৯২টি
রশিদনগর	১৮৮৫টি	৯৩৫টি	৯৫০টি	৮২৫টি
ফতেখাঁরকুল	১৯৫০টি	১০৪০টি	৯১০টি	৯৮০টি

- **পয়ঃ নিস্কাশন ব্যবস্থা:**

পয়:নিষ্কাশন ব্যবস্থায় রামু উপজেলার প্রায় সকল ইউনিয়নের জনগণ অনেকটা পিছিয়ে। উপজেলায় প্রায় ৪০১৪৫টি ল্যাট্রিরের মধ্যে হলো ১৯৯১০টি স্বাস্থ্যসম্মত/ পাকা এবং ২১২৩৫টি খোলা/ কাঁচা। উপজেলায় স্বাস্থ্যসম্মত/ পাকা ল্যাট্রিন ব্যবহারের হার ৪৮%। ল্যাট্রিনগুলো অধিকাংশই একটু শিক্ষিত ও সচেতন লোকের বাড়িতে আছে। এছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান কোন কোন বাড়িতে কিছু স্বাসাথ্যসম্মত ল্যাট্রিন তৈরি করে দিয়েছে। মোট ল্যাট্রিনের মধ্যে বন্যা লেভেলের উপরে থাকে প্রায় ৭৬৮২টি এবং **বন্যার সময়ে ব্যবহার উপযোগী থাকে** ৭৫৫৩টি। এখনো প্রায় ৫% পরিবার মল-মুত্র ত্যাগ করার জন্য নির্দিষ্ট স্থান ব্যবহার করে না, খোলা জায়গায় প্রাকৃতিক কাজ সম্পন্ন করে থাকে, যা খুবই অস্বাস্থ্যকর। নিম্নে ইউনিয়নভিত্তিক পয়:নিষ্কাশন ব্যবস্থা/ ল্যাট্রিন এর তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	মোট (প্রায়)	স্বাস্থ্যসম্মত	স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারের হার	বন্যার লেভেলে উপরে	বন্যার সময়ে ব্যবহার উপযোগী
ঈদগড়	৩২০০টি	১৫৮০টি	৪৯%	৪৩৫টি	১১৪৫টি
কাউয়ারখোপ	৪১৮০টি	১৫৭০টি	৩৮%	৮৯০টি	৮৯০টি
খুনিয়াপালং	৪৬২০টি	২০৩০টি	৪৪%	৪৪৫টি	৪০০টি
জোয়ারিয়ানালা	৪৬৫০টি	১৪৯৫টি	৩২%	৬৮৫টি	৬৮৫টি
কচ্ছপিয়া	৪৯০০টি	২৩৭০টি	৪৮%	৯৫০টি	৯৫০টি
দক্ষিণ মিঠাছড়ি	৪৩০০টি	২০৩৩টি	৪৭%	৫১৫টি	২২৯টি
গর্জনিয়া	৪০৯০টি	২০২৫টি	৫০%	৯৫০টি	৯৫০টি
রাজারকুল	৩৫৫০টি	১৭৫৪টি	৪৯%	৯৫৪টি	২১০টি
চাকমারকুল	২৫৯০টি	১০০০টি	৩৯%	৫৪৭টি	৩৪৭টি
রশিদনগর	২৯০০টি	১০০৮টি	৩৫%	৩৩৬টি	৭৭২টি
ফতেখাঁরকুল	৫৬১৫টি	৩০৪৫টি	৫৪%	৯৭৫টি	৯৭৫টি

- **শিক্ষা প্রতিষ্ঠান/ পাঠাগার:**

বিগত ১৫/২০ বছরে উপজেলার শিক্ষার সার্বিক অবস্থা ইতিবাচক পরিবর্তন হয়েছে। ১৯৯১ সালের পর থেকে শিশু শিক্ষার হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ঃ ৭৫টি, রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ঃ ৩টি, বে-সরকারী প্রাঃ বিদ্যালয়ঃ ৬টি, স্যাটেলাইট বিদ্যালয়ঃ ১টি, কে, জি স্কুলঃ ১৪টি, উচ্চ বিদ্যালয়ঃ ১২টি, বালক উচ্চ বিদ্যালয়ঃ ২টি, বালিকা উচ্চ বিদ্যালয়ঃ ২টি, কলেজঃ ২টি, মাদ্রাসাঃ ১৮টি, টিচিং ইনষ্টিটিউটঃ ১টি। ইউনিয়নভিত্তিক উল্লেখযোগ্য শিক্ষা প্রতিষ্ঠানের চিত্র তুলে ধরা হলো:

ইউনিয়ন	বিদ্যালয়/ মাদ্রাসা/কলেজ	নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষকা	অবস্থান/ ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
ঈদগড়	সরকারী প্রাথমিক বিদ্যালয়	হাসনাকাটা সঃ প্রাঃ বিঃ	৪৬০ জন	৪ জন	২নং ওয়ার্ড	হ্যাঁ
		ঈদগড় সঃ প্রাঃ বিঃ	৯৭৪ জন	৯ জন	৪নং ওয়ার্ড	হ্যাঁ
		বড়বিল সঃ প্রাঃ বিঃ	৫০০ জন	৮জন	৬নং ওয়ার্ড	হ্যাঁ
		করলিয়ামুরা সঃ প্রাঃ বিঃ	৪০৫ জন	৪ জন	৯নং ওয়ার্ড	না
	বে-সরকারী	ঈদগড় এমবি উচ্চ বিঃ	৬০৫ জন	৯ জন	৪নং ওয়ার্ড	না
		ধুমছাকাটা কমিউনিটি প্রাঃ বিঃ	২৯৯ জন	৩ জন	১নং ওয়ার্ড	না
		বদরমোকারম ফেরদৌসিয়া দাখিল মাদ্রাসা	৭১০ জন	১৪ জন	৩নং ওয়ার্ড	না
কাউয়ারখোপ	সরকারী	মনিরঝিল সঃ প্রাঃ বিদ্যালয়	৩৩৩ জন	৫ জন	২নং ওয়াড	হ্যাঁ
		কাউয়ারখোপ মডেল সঃ প্রাঃ বিদ্যালয়	৯২৯ জন	১১ জন	২নং ওয়ার্ড	হ্যাঁ
		কাউয়ারখোপ টিলাপাড়া সঃ প্রাঃ বিদ্যালয়	৫৮০ জন	৮জন	৮নং ওয়ার্ড	হ্যাঁ
	বে-সরকারী	মইশকুম আলহাজ ওসমান সরওয়ার আলম চৌঃ বেঃ প্রাঃ বিঃ	৩০০ জন	০৭ জন	৪নং ওয়ার্ড	হ্যাঁ
		লর্ড উখিয়ারঘোনা বেঃ কমিউনিটি প্রাঃ বিঃ	৩৫০জন	৪ জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		উখিয়ারঘোনা সওঃ পাড়া স্যাটেলাইট প্রাঃ বিঃ	১২০ জন	২ জন	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		কাউয়ারখোপ হাকিম রকিমা উচ্চ বিদ্যালয়	৭০০ জন	১৩ জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		কাউয়ারখোপ মডেল কেজি স্কুল	১৩০ জন	০৬ জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
খুনিয়াপালং	সরকারী	দারিয়ারদীঘি সঃ প্রাঃ বিঃ	৭৩৬ জন	৮জন	১নং ওয়ার্ড	হ্যাঁ
		কালারপাড়া সঃ প্রাঃ বিঃ	৬৬৭ জন	৫ জন	২নং ওয়ার্ড	হ্যাঁ
		খুনিয়াপালং সঃ প্রাঃ বিঃ	৫৮৫ জন	৯ জন	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		ধেচুয়াপালং সঃ প্রাঃ বিঃ	৪০৫ জন	৮ জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		পেঁচারদ্বীপ সঃ প্রাঃ বিঃ	৫০৮ জন	৭ জন	৯নং ওয়ার্ড	হ্যাঁ

ইউনিয়ন	বিদ্যালয়/ মাদ্রাসা/কলেজ	নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষকা	অবস্থান/ ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
		পূর্ব দারিয়ারদীঘি সঃ প্রাঃ বিদ্যালয়	৪৩৫ জন	৫ জন	১নং ওয়ার্ড	হ্যাঁ
		গোয়ালিয়াপালং সঃ প্রাঃ বিঃ	৯০০ জন	৭ জন	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		আল-ফুয়াদ সঃ প্রাঃ বিঃ	৪৫০ জন	৪ জন	৬নং ওয়ার্ড	না
		পূর্ব গোয়ালিয়াপালং সঃ প্রাঃ বিঃ	৩০০ জন	৩ জন	৭নং ওয়ার্ড	না
		ধোয়াপালং সঃ প্রাঃ বিঃ	৪০০ জন	৪ জন	৭নং ওয়ার্ড	না
	বে-সরকারী	আল-ফুয়াদ একাডেমী	৫১০ জন	১০ জন	৬নং ওয়ার্ড	না
		ধেচুয়াপালং উচ্চ বিদ্যালয়	৩৪৫ জন	৪ জন	৪নং ওয়ার্ড	না
		গোয়ালিয়াপালং উচ্চ বিঃ	১৯২ জন	৬ জন	৮নং ওয়ার্ড	না
		রহমানিয়া মদিলা তালুলুম দাখিল মাদ্রাসা	৩০৫ জন	১৪ জন	৪নং ওয়ার্ড	হ্যাঁ
জোয়ারিয়ানালা	সরকারী	নোনাছড়ি সঃ প্রাঃ বিঃ	৩৭৯ জন	৭জন	৪নং ওয়ার্ড	হ্যাঁ
		জোয়ারিয়ানালা সঃ প্রাঃ বিঃ	৫৯৩ জন	৮জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		ঘোনারপাড়া সঃ প্রাঃ বিঃ	৫৯৯ জন	৭জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		নন্দাখালী সঃ প্রাঃ বিঃ	২৯৭ জন	৯জন	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		পূর্ব নোনাছড়ি সঃ প্রাঃ বিঃ	৪০৬ জন	৪জন	৬নং ওয়ার্ড	হ্যাঁ
		পঃ জোয়ারিয়ানালা সঃ প্রাঃ বিঃ	২৮৪ জন	৬জন	৬নং ওয়ার্ড	হ্যাঁ
		পূর্ব জোয়ারিয়ানালা সঃ প্রাঃ বিঃ	২৬৭ জন	৪ জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		উঃ মিঠাছড়ি সঃ প্রাঃ বিঃ	৭০৫ জন	৯জন	১নং ওয়ার্ড	হ্যাঁ
	বে-সরকারী	উঃ মিঠাছড়ি হেলথ বেঃ প্রাঃ বিঃ	২৪৫ জন	৪জন	২নং ওয়ার্ড	হ্যাঁ
		জোয়ারিয়ানালা এইচ এম হাকিম উচ্চ বিঃ	৯৬৫ জন	১১ জন	৭নং ওয়ার্ড	না
		জোয়ারিয়ানালা বালিকা উচ্চ বিঃ	৩৫৭ জন	১০জন	৯নং ওয়ার্ড	না
কচ্ছপিয়া	সরকারী	কচ্ছপিয়া সঃ প্রাঃ বিদ্যালয়	৩৭৮ জন	৪ জন	১নং ওয়ার্ড	হ্যাঁ
		দোছড়ি সঃ প্রাঃ বিদ্যালয়	৪২১ জন	৬ জন	২নং ওয়ার্ড	হ্যাঁ
		গর্জনিয়া সঃ প্রাঃ বিদ্যালয়	৬৮৯ জন	৯ জন	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		ফাক্রিকাটা সঃ প্রাঃ বিঃ	৩১৪ জন	৫জন	৬নং ওয়ার্ড	হ্যাঁ
		সুখমনিয়া সঃ প্রাঃ বিঃ	৪৩৩ জন	৫জন	৪নং ওয়ার্ড	হ্যাঁ
		মৌলভী কাটা সঃ প্রাঃ বিঃ	২৪২ জন	৫জন	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		বড়জাংছড়ি সঃ প্রাঃ বিদ্যালয়	৩৩৩ জন	৪ জন	৮নং ওয়ার্ড	হ্যাঁ
	বে-সরকারী	কচ্ছপিয়া উচ্চ বিদ্যালয়	৪০০ জন	১০ জন	৪নং ওয়ার্ড	হ্যাঁ
	রেজিষ্টার্ড	ঘিলাতলী রেজিষ্টার্ড প্রাঃ বিঃ	২০১ জন	৪ জন	১নং ওয়ার্ড	না

ইউনিয়ন	বিদ্যালয়/ মাদ্রাসা/কলেজ	নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষকা	অবস্থান/ ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
		ডাকভাংগা রেজিষ্টার্ড প্রাঃ বিঃ	২১৭ জন	৭ জন	৬নং ওয়ার্ড	না
দক্ষিণ মিঠাছড়ি	সরকারী	উমখালী সঃ প্রাঃ বিদ্যালয়	৫৩৩ জন	৬জন	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		চেইন্দা সঃ প্রাঃ বিদ্যালয়	১০৬৮ জন	১০ জন	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		পানেরছড়া সঃ প্রাঃ বিদ্যালয়	৭৯৯ জন	৯ জন	৫নং ওয়ার্ড	না
		দঃ মিঠাছড়ি সঃ প্রাঃ বিঃ	৭৯৮ জন	১০ জন	১নং ওয়ার্ড	না
		নিজের পাড়া সঃ প্রাঃ বিঃ	৪৫০ জন	৫জন	৬নং ওয়ার্ড	না
		চেইন্দা রোশন আলী সঃ প্রাঃ বিঃ	৪১০ জন	৪জন	৮নং ওয়ার্ড	না
	বে-সরকারী	দঃ মিঠাছড়ি উচ্চ বিদ্যালয়	৫১৩ জন	১১ জন	১নং ওয়ার্ড	না
		চাইল্যাতলী উচ্চ বিদ্যালয়	৩০০ জন	৭জন	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		চেইন্দা আদর্শ উচ্চ বিদ্যালয়	১৭০ জন	৫ জন	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		দঃ মিঠাছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা	৪২০ জন	১৪ জন	৭নং ওয়ার্ড	না
	রেজিষ্টার্ড	বনতলা কমিউনিটি রেজিষ্টার্ড প্রাঃ বিদ্যালয়	৪০০ জন	১ জন	৭নং ওয়ার্ড	না
গর্জনিয়া	সরকারী	থোয়াংগাকাটা সঃ প্রাঃ বিঃ	৩১৬ জন	৪ জন	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		জাউচ পাড়া সঃ প্রাঃ বিঃ	৫০০ জন	৫ জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		মাঝিরকাটা সঃ প্রাঃ বিঃ	৪৯৫ জন	৮ জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		পোয়াংখেরখিল সঃ প্রাঃ বিঃ	৬১১ জন	৯জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		ক্যজরবিল সঃ প্রাঃ বিঃ	২৪৯ জন	৪জন	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		জুমছড়ি সঃ প্রাঃ বিঃ	৪১৩ জন	৪জন	২নং ওয়ার্ড	হ্যাঁ
		বড়বিল সঃ প্রাঃ বিঃ	২৫৫ জন	৪জন	১নং ওয়ার্ড	হ্যাঁ
	বে-সরকারী	গর্জনিয়া হাকিমিয়া উচ্চ বিঃ	৪৬০ জন	১১ জন	৮নং ওয়ার্ড	না
		মাঝিরকাটা কিন্ডার গার্টেন মাদ্রাসা	১৮৪ জন	৭জন	৬নং ওয়ার্ড	না
		সিকদার পাড়া বিদ্যাপিঠ	৭০ জন	৫জন	৮নং ওয়ার্ড	না
রাজারকুল	সরকারী	রাজারকুল সঃ প্রাঃ বিদ্যাল	৫০২ জন	৭জন	১নং ওয়ার্ড	হ্যাঁ
		পূর্ব রাজারকুল সঃ প্রাঃ বিঃ	৫১৭ জন	৫ জন	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		নসরত আছিয়া সঃ প্রাঃ বিঃ	২৩৪ জন	৪ জন	৮নং ওয়ার্ড	না
		সিকদারকুল সঃ প্রাঃ বিঃ	৫০০ জন	৭ জন	৩নং ওয়ার্ড	হ্যাঁ
	বে-সরকারী	আলহাজ ফজল আম্বিয়া উচ্চ বিঃ	৭৬০ জন	১৪ জন	৬নং ওয়ার্ড	না
		মনসুর আলী সিকদার আইডিয়াল স্কুল	৩৯৪ জন	৭জন	৪নং ওয়ার্ড	না
		মাসুম মিয়া ইসলামিয়া সুন্নিয়া আলিম মাদ্রাসা	৪০০ জন	১৬ জন	৪নং ওয়ার্ড	না

ইউনিয়ন	বিদ্যালয়/ মাদ্রাসা/কলেজ	নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষকা	অবস্থান/ ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
		রাজারকুল ইসলামিয়া বালিকা মাদ্রাসা	৩৫০ জন	১৪ জন	৭নং ওয়ার্ড	না
চাকমারকুল	সরকারী	দঃ চাকমারকুল সঃ প্রাঃ বিঃ	৫৫০ জন	১০ জন	৩নং ওয়ার্ড	না
		পূর্ব মোহমদপুরা সঃ প্রাঃ বিঃ	৩৬৩ জন	০৪ জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		জারাইলতলী সঃ প্রাঃ বিঃ	৫৮০ জন	১০ জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		শ্রীমুড়া সঃ প্রাঃ বিদ্যালয়	৪৬০ জন	০৬ জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		পঃ চাকমারকুল সঃ প্রাঃ বিঃ	৩৪০ জন	০৫ জন	৯নং ওয়ার্ড	হ্যাঁ
	বে-সরকারী	ভিডিএস একাডেমি	১০৫ জন	১৩ জন	৬নং ওয়ার্ড	না
		জারাইলতলী উচ্চ বিদ্যালয়	৭০০ জন	১৩ জন	৫নং ওয়ার্ড	না
রশিদনগর	সরকারী	উঃ কাহাতিয়া পাড়া সঃ প্রাঃ বিঃ	৪৫০ জন	৭জন	২নং ওয়ার্ড	হ্যাঁ
		ফরিদা রশিদ সঃ প্রাঃ বিঃ	৫৩০ জন	৪জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		নাছিরাপাড়া সঃ প্রাঃ বিঃ	৪০০ জন	৭জন	৬নং ওয়ার্ড	হ্যাঁ
		ধলীরছড়া সঃ প্রাঃ বিদ্যালয়	৫৬০ জন	৮জন	৮নং ওয়ার্ড	না
		বড় ধলীরছড়া হাজী মতিউর রহমান সঃ প্রাঃ বিঃ	৩৯৭ জন	৫জন	৩নং ওয়ার্ড	না
		উল্টাখালী সঃ প্রাঃ বিঃ	৩৯৫ জন	৪জন	৯নং ওয়ার্ড	হ্যাঁ
	বে-সরকারী	রশিদনগর নাদেরুজ্জামান উচ্চ বিঃ	৮০৬ জন	১১জন	৫নং ওয়ার্ড	না
ফতেখাঁরকুল	সরকারী	২৯নং রামু কেন্দ্রীয় সঃ প্রাঃ বিঃ	৪৬৮ জন	০৮ জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		৩০নং মেরংলোয়া মডেল সঃ প্রাঃ বিঃ	৪৯৯ জন	০৯জন	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		৩১নং রামু সঃ প্রাঃ বিদ্যালয়	২৯০ জন	০৬ জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		৩২নং দঃ ফতেখাঁরকুল সঃ প্রাঃ বিঃ	৬০৪ জন	০৮ জন	১নং ওয়ার্ড	না
		৩৩নং উঃ ফতেখাঁরকুল সঃ প্রাঃ বিঃ	৪৪৭ জন	০৬ জন	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		৩৪নং রামু খিজারি বাঃ সঃ প্রাঃ বিঃ	৬৩০ জন	০৯ জন	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		৩৫নং মন্ডল পাড়া সঃ প্রাঃ বিঃ	৫৬৫ জন	০৯ জন	৪নং ওয়ার্ড	হ্যাঁ
		৩৬নং লম্বরী পাড়া সঃ প্রাঃ বিঃ	২৮৯ জন	০৬ জন	৩নং ওয়ার্ড	না
		৩৭নং পশ্চিম মেরংলোয়া সঃ প্রাঃ বিঃ	২৮৯ জন	০৬ জন	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		৫৪নং রামু উপজেলা আদর্শ সঃ প্রাঃ বিঃ	১২২ জন	০৪জন	৬নং ওয়ার্ড	হ্যাঁ

ইউনিয়ন	বিদ্যালয়/ মাদ্রাসা/কলেজ	নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষকা	অবস্থান/ ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
		সাতঘরিয়ার পাড়া সঃ প্রাঃ বিদ্যালয়	৩৪৭ জন	০৭ জন	৯নং ওয়ার্ড	না
	বে-সরকারী	রামু ডিগ্রী কলেজ	৫০০ জন	২৯ জন	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		রামু গালর্স উচ্চ বিঃ	১৩৮৬ জন	৩২ জন	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		রামু খিজারি আদর্শ উচ্চ বিঃ	১১২৩ জন	২৭জন	৭নং ওয়ার্ড	না
		মেরংলোয়া রহমানিয়া ইসলামিয়া সুন্নিয়া মাদ্রাসা	৪০২ জন	১৩ জন	৬নং ওয়ার্ড	না
		এভারেষ্ট টিচিং ইনষ্টিটিউট	৪৮০ জন	১৫ জন	৬নং ওয়ার্ড	না
		রামু পাবলিক স্কুল	২৫৫ জন	০৯ জন	৬নং ওয়ার্ড	না
		রামু টেলেন্টেড স্কুল	১৪৪ জন	১০ জন	৬নং ওয়ার্ড	না

- **ধর্মীয় প্রতিষ্ঠান:**

রামু উপজেলায় মসজিদ আছে ৪৯৩টি, ক্যাং/ প্যাগোডা ১৭টি ও মন্দির ৩২টি । নিম্নে ইউনিয়নভিত্তিক ধর্মীয় প্রতিষ্ঠানের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	মসজিদ/ মন্দির/ গীর্জা/ ক্যাং এর সংখ্যা	ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	সংক্ষিপ্ত বর্ণনা
ঈদগড়	মসজিদ ৯০টি । ক্যাং: ১টি	৯টি ওয়ার্ডেই মসজিদ আছে । ক্যাং আছে ৬নং ওয়ার্ডে ।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না ।
কাউয়ারখোপ	মসজিদ: ৩৮টি মন্দির: ১টি ক্যাং: ২টি	৯টি ওয়ার্ডেই মসজিদ আছে । মন্দির আছে ৫নং ওয়ার্ডে ক্যাং আছে ৭ ও ৮নং ওয়ার্ডে ।	না	বন্যার সময় পানি উঠে, তবে বন্যার পরবর্তীতে পানি নেমে যায় ।
খুনিয়াপালং	মসজিদ: ৪০টি ক্যাং: ১টি	৯টি ওয়ার্ডেই মসজিদ আছে । ক্যাং আছে ৫নং ওয়ার্ডে ।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না ।

ইউনিয়ন	মসজিদ/ মন্দির/ গীর্জা/ ক্যাং এর সংখ্যা	ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	সংক্ষিপ্ত বর্ণনা
জোয়ারিয়ানালা	মসজিদ: ৪০টি মন্দির: ৪টি	৯টি ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ২ ও ৬নং ওয়ার্ডে।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না।
কচ্ছপিয়া	মসজিদ: ৫৫টি। মন্দির: ৩টি।	৯টি ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ৩ ও ৫নং ওয়ার্ডে।	না	বন্যার সময় পানি উঠে তবে বন্যার পরবর্তীতে পানি নেমে যায়।
দক্ষিণ মিঠাছড়ি	মসজিদ: ৩৭টি মন্দির: ৮টি ক্যাং: ১টি	**৯টি** ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ১, ৩, ৪ ও ৭নং ওয়ার্ডে। ক্যাং আছে ৫নং ওয়ার্ডে।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না।
গর্জনিয়া	মসজিদ: ৫৮টি মন্দির: ৪টি ক্যাং: ১টি	**৯টি** ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ৩, ৫ ও ৯নং ওয়ার্ডে। ক্যাং আছে ৮নং ওয়ার্ডে।	না	বন্যার সময় পানি উঠে তবে বন্যার পরবর্তীতে পানি নেমে যায়।
রাজারকুল	মসজিদ: ৩২টি মন্দির: ২টি ক্যাং: ১টি	**৯টি** ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ১নং ওয়ার্ডে। ক্যাং আছে ৮নং ওয়ার্ডে।	না	বন্যার সময় পানি উঠে তবে বন্যার পরবর্তীতে পানি নেমে যায়।
চাকমারকুল	মসজিদ: ৩৬টি মন্দির ২টি। ক্যাং: ১টি	**৯টি** ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ৪ ও ৫নং ওয়ার্ডে। ক্যাং আছে ৫নং ওয়ার্ডে।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না।
রশিদনগর	মসজিদ: ৩২টি মন্দির ০১টি।	**৯টি** ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ২নং ওয়ার্ডে।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না।
ফতেখাঁরকুল	মসজিদ: ৩৫টি	**৯টি** ওয়ার্ডেই মসজিদ আছে।	না	বন্যার সময় পানি উঠে তবে বন্যার পরবর্তীতে পানি নেমে

ইউনিয়ন	মসজিদ/ মন্দির/ গীর্জা/ ক্যাং এর সংখ্যা	ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	সংক্ষিপ্ত বর্ণনা
	মন্দির ০৭টি । ক্যাং: ৯টি	মন্দির আছে ৫ ও ৭নং ওয়ার্ডে । ক্যাং আছে ২, ৫, ৬ ও ৭নং ওয়ার্ডে ।		যায় ।

- **ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্): ১১টি (বড়)**

সংখ্যা	ইউনিয়ন ও ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	সংক্ষিপ্ত বর্ণনা
৩টি	খুনিয়াপালং ইউনিয়নের ১, ৫ ও ৬নং ওয়ার্ড ।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না ।
২টি	জোয়ারিয়ানালা ইউনিয়নের ৮নং ওয়ার্ড ।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না ।
৫টি	দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের ১, ২, ৭, ৪ ও ৬নং ওয়ার্ড ।	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না ।
১টি	ফতেখাঁরকুল ইউনিয়নে	হ্যাঁ	উঁচু জায়গায় হওয়ায় পানি বেশী সময় থাকে না ।

ঈদগড়, কাউয়ারখোপ, কচ্ছপিয়া, গর্জনিয়া, রাজারকুল, চাকমারকুল ও রশিদনগর ইউনিয়নে মসজিদ সংলগ্ন মাঠ ও খালি মাঠে ঈদের নামাজ অনুষ্ঠিত হয়ে থাকে ।

- **স্বাস্থ্য সেবা:**

উপজেলায় ১টি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্বাস্থ্য কমপ্লেক্স' (সরকারী হাসপাতাল), ১০টি 'ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (সরকারী)', ১৯টি 'কমিউনিটি ক্লিনিক (সরকারী)', ৩টি 'এনজিও পরিচালিত স্বাস্থ্য সেবা কেন্দ্র' এবং ২টি 'ব্যক্তি পরিচালিত স্বাস্থ্য কেন্দ্র' আছে । তাছাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের জনগণ অসুখ হলে ঔষধের দোকান, ওঁঝা, বৈদ্য ও কবিরাজ এর উপর নির্ভর করে থাকে । বড় ধরণের অসুখ হলে বিশেষ করে স্বচ্ছল ব্যক্তিরা কক্সবাজার ও চট্টগ্রাম থেকে স্বাস্থ্য সেবা গ্রহণ করে থাকে । নিমেণ ইউনিয়নভিত্তিক স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের তথ্য দেয়া হলো:

স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	ডাক্তার, নার্স কতজন ও তাদের অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন

স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	ডাক্তার, নার্স কতজন ও তাদের অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন
রামু উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	**জোয়ারিয়ানালা** ইউনিয়নের ৭নং ওয়ার্ড	ইউএইচও-১, আরএমও -১, জুনি: কন: (শিশু)-১, জুনি: কন: (কার্ডিও) -১ এমও- ২, সহ : সার্জন (ই এম ও) - ১ স্যানিটারী ইন্সপেক্টর - ১ এসএসিএমও- ২, এম টি (ফার্মা)- ১, এম টি (ল্যাব) - ১, এমটি (ডেন্টাল)- ১ এমটি (ইপিআ - ১, এস এস নার্স - ২, কম্পাউন্ডার - ১ কার্ডিগ্রোফার - ১ হারবাল সহকারী - ১ ল্যাব এটেন্ডেন্ট - ১ ওটি বয় - ১ ইমারজেন্সী এটেন্ডেন্ট - ১ এম এল এস এস - ১ ওয়ার্ড বয় - ১	এই হাসপাতালে স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা দেওয়া হয় । আধুনিক সরঞ্জাম থাকার পরও লোকবল কম এবং দক্ষ লোকের অভাবে সেইসব যন্ত্রপাতি অযত্নে পরে আছে । রোগীর তুলনায় ডাক্তার সংখ্যা কম হওয়ায় একজনকে অনেক সময় দুই সিফটেই ডিউটি করতে হয় । যে কারণে সঠিক সেবা দেয়া সম্ভব হয় না ।	আউট ডোরে ১০ টাকা দিয়ে টিকেট করে রোগীরা ডাক্তার দেখায় । এছাড়া প্যাথলজি ও ওটিতে সরকারী নিয়ম অনুযায়ী চার্জ নেওয়া হয় ।
ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র **১০টি** **জোয়ারিয়ানালা** ইউনিয়নে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থাকায় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নাই ।	ঈদগড় ইউনিয়নের ৩নং ওয়ার্ড, কাউয়ারখোপ ইউনিয়নের ৫নং ওয়ার্ড, খুনিয়াপালং ইউনিয়নের ৬নং ওয়ার্ড, কচ্ছপিয়া ইউনিয়নের ৪নং ওয়ার্ড, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের ১নং ওয়ার্ড, গর্জনিয়া ইউনিয়নের ৩নং ওয়ার্ড, রাজারকুল ইউনিয়নের ৩নং ওয়ার্ড, চাকমারকুল ইউনিয়নের ২নং ওয়ার্ড, রশিদনগর ইউনিয়নের ৫নং ওয়ার্ড ও ফতেখাঁরকুল ইউনিয়নের ১নং ওয়ার্ড ।	কেন্দ্রে উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার -১, এফ ডাবিউ ভি - ১, এফ ডাবিউ এ -৬ ও এফপিআই- ১জন । প্রতিটি ক্লিনিকে সিএইচসিপি- ১, এইচ এ - ২ এফ ডাবিউ এ - ১	মা ও শিশু স্বাস্থ্যসহ স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপি আই, পরিবার পরিকল্পনা সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা) স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপিআই, প: প: ও প্রাথমিক স্বাস্থ্য সেবা)	বিনামূল্যে বিনামূল্যে
কমিউনিটি ক্লিনিক	ঈদগড় ইউনিয়নের ৬নং ওয়ার্ড ও ৮নং ওয়ার্ড ছগিরাকাটা, গর্জনিয়া ইউনিয়নের ১নং ওয়ার্ড বড়বিল, কাউয়ারখোপ	কেন্দ্রে উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার -১, এফ ডাব্লিউ ভি - ১, এফ ডাবিউ এ -৬	মা ও শিশু স্বাস্থ্যসহ স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপি আই, পরিবার পরিকল্পনা	বিনামূল্যে

স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	ডাক্তার, নার্স কতজন ও তাদের অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন
	ইউনিয়নের ২নং ওয়ার্ড মধ্যম মনিরঝিল ও ৮নং ওয়ার্ড টিলাপাড়া, খুনিয়াপালং ইউনিয়নের ১নং ওয়ার্ড দারিয়ার দিঘী ও ৪নং ওয়ার্ড পূর্ব ধেচুয়া পালং, জোয়ারিয়ানালা ইউনিয়নের ৩নং ওয়ার্ড নন্দাখালী ও ৯নং ওয়ার্ড ভরাছড়া, কচ্ছপিয়া ইউনিয়নের ৩নং ওয়ার্ড তিতার পাড়া ও ৫নং ওয়ার্ড বড় জাংছড়ি, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের ৭নং ওয়ার্ড ফকিরামোড়া ও ৩নং ওয়ার্ড উমখালী গণি সওদাগর পাড়া, গর্জনিয়া ইউনিয়নের ৬নং ওয়ার্ড মাঝিরকাটা ও ৪নং ওয়ার্ড থিমছড়ি, রাজারকুল ইউনিয়নের ২নং ওয়ার্ড, চাকমারকুল ইউনিয়নের ৬নং ওয়ার্ড পূর্ব মোহাম্মদপুরা, রশিদনগর ইউনিয়নের ৬নং ওয়ার্ড পানিরছড়া লামারপাড়া ও ১নং ওয়ার্ড সিকদার পাড়া এবং ফতেখাঁরকুল ইউনিয়নের ৩নং ওয়ার্ড তেচ্ছিপুল, ১নং ওয়ার্ড অফিসের চর ।	ও এফপিআই- ১জন । প্রতিটি ক্লিনিকে সি এইচ সিপি- ১, এইচ এ - ২ , এফ ডাবিউ এ- ১জন	সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা) স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপিআই, প: প: ও প্রাথমিক স্বাস্থ্য সেবা)	বিনামূল্যে
মা ও শিশু হাসপাতাল ।	দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের ৯নং ওয়ার্ড	এমবিবিএস ডাক্তার - ৪জন, নার্স- ৮জন, প্যাথলজি টেকনেশিয়ান -১জন, সহকারী প্যাথলজি টেকনেশিয়ান-১ জন, আয়া-২ জন ।	৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল । মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্র ও প্যাথলজি সেন্টার আছে ।	বিনামূল্যে
এনজিও কোষ্ট কর্তৃক পরিচালিত পারিবারিক স্বাস্থ্য ক্লিনিক	কাউয়ারখোপ ইউনিয়নের ১নং ওয়ার্ড মনিরঝিল	এফডাব্লিউএ, সিএইচসিপি, এইচএ	স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপিআই, পঃ পঃ সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা)	বিনামূল্যে
রাবেতা আল-ফুয়াদ	খুনিয়াপালং ইউনিয়নের ৬নং	এমবিবিএস ডাক্তার-২	স্বাস্থ্য সংক্রান্ত সকল	ডাক্তার ফি

স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	ডাক্তার, নার্স কতজন ও তাদের অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন
হাসপাতাল	ওয়ার্ড	নার্স - ৫, প্যাথলজি টেকনেশিয়ান - ১, সহকারী প্যাথলজি টেকনেশিয়ান - ১ আয়া - ১	সেবা (পঃ পঃ সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা, মা ও শিশুর স্বাস্থ্য সেবা)	৭০ টাকা ।
এনজিও এফডিএসআর পরিচালিত সূর্যের হাসি স্বাস্থ্যসেবা কেন্দ্র	ফতেখাঁরকুল ইউনিয়ন	উপ-সহকারী মেডিকেল অফিসার	স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (প্রাথমিক স্বাস্থ্য সেবা)	ডাক্তার ফি ৫০ টাকা ।
কমিউনিটি স্বাস্থ্য ক্লিনিক	ফতেখাঁরকুল ইউনিয়ন	উপ-সহকারী মেডিকেল অফিসার	স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (প্রাথমিক স্বাস্থ্য সেবা)	ডাক্তার ফি ৫০ টাকা ।

- **ব্যাংক:**

জনগণের সুবিধার্থে বামু উপজেলায় ৭টি ব্যাংক আছে, যা নিম্নে তুলে ধরা হলো:

ইউনিয়ন	ব্যাংকের নাম	ওয়ার্ড	সেবার ধরণ	সেবার মান
কচ্ছপিয়া	কৃষি ব্যাংক ১টি	৫নং ওয়ার্ড	কৃষি খাতে সহজ শর্তে ঋণ বিতরণ, সরকারী ভাতা বিতরণ ও টাকা আমানত রাখা ।	ভাল ও সন্তোষজনক
ফতেখাঁরকুল	কৃষি ব্যাংক ইসলামী ব্যাংক ২টি রূপালী ব্যাংক ১টি সোনালী ব্যাংক ১টি জনতা ব্যাংক ১টি	৭নং ওয়ার্ড ৪ ও ৬নং ওয়ার্ড ৫নং ওয়ার্ড ৫নং ওয়ার্ড ৬নং ওয়ার্ড	টাকা আমানত রাখা, ডিপিএস, সহজ শর্তে ঋণ বিতরণ, বেসরকারী কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতা প্রদান ।	ভাল ও সন্তোষজনক

- **পোস্ট অফিস :**

রামু উপজেলায় পোস্ট অফিস আছে ৮টি । ইউনিয়নভিত্তিক পোস্ট অফিসের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	পোস্ট অফিসের নাম	ওয়ার্ড	সেবার ধরণ	সেবার মান

কাউয়ারখোপ	মধ্যম কাউয়ারখোপ পোস্ট অফিস	৫নং ওয়ার্ড	নিয়মিত চিঠি পত্র আদান প্রদান, মানিঅর্ডার সুবিধা, ডাক বীমা, সঞ্চয় স্কীম, ইত্যাদি ।	মোবাইলসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করার ফলে পোস্ট অফিস থেকে সেবা গ্রহণের মাত্রা কমে এসেছে । তবে যারা ব্যবহার করেন তারা সেবার মানে সন্তুষ্ট প্রকাশ করেন ।
খুনিয়াপালং	রাবেতা পোস্ট অফিস	৬নং ওয়ার্ড		
জোয়ারিয়ানালা	জোয়ারিয়ানালা বাজার পোস্ট অফিস	৮নং ওয়ার্ড		
কচ্ছপিয়া	গর্জনিয়া বাজার পোস্ট অফিস	৫নং ওয়ার্ড		
গর্জনিয়া	বড়বিল গর্জনিয়া বাজার পোস্ট অফিস	১নং ওয়ার্ড		
রাজারকুল	নয়াপাড়া পোস্ট অফিস	৫নং ওয়ার্ড		
রশিদনগর	বড় ধলীরছড়া পোস্ট অফিস	৩নং ওয়ার্ড		
ফতেখাঁরকুল	অফিসের চর পোস্ট অফিস	১নং ওয়ার্ড		

- **ক্লাব/ সাংস্কৃতিক কেন্দ্র:**

রামু উপজেলায় ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্র আছে ২৫টি । ইউনিয়নভিত্তিক ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের নাম	ওয়ার্ড	কাজের ধরণ	কোন সমাজসেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে কিনা
কাউয়ারখোপ	উখিয়ারঘোনা সমাজকল্যাণ ক্লাব মনিরঝিল যুব উন্নয়ন ক্লাব	৮ নং ওয়ার্ড ২নং ওয়ার্ড	বনায়ন সামাজিক কার্যক্রম	- বৃক্ষ রোপণ - জায়গা লীজ নিয়ে চাষাবাদ করে । - গরীব দুঃস্থদের সাহায্য করা - গরীব দুঃস্থ শিশুদের লেখাপড়ার সহযোগিতা - দিবস উদযাপন ।
জোয়ারিয়ানালা	পূর্ব জোয়ারিয়ানালা বহুমূখী সমবায় ক্লাব	**৮নং ওয়ার্ড**	কিশোর-কিশোরীদের উন্নয়ন	- কিশোরীদের সেলাই প্রশিক্ষণ প্রদান । - খেলাধুলা কাজে সহায়তা ও অংশগ্রহন ।
	সোনাইছড়ি পানি ব্যবস্থাপনা ক্লাব	**৬নং ওয়ার্ড**	ঋণ কার্যক্রম সামাজিক উন্নয়ন এবং পানি ব্যবস্থাপনা	- স্বল্পসুদে ঋণ প্রদান (ক্ষেতের কাজে, মৎস্য চাষে, কৃষি কাজে) - গরীব মেয়েদের বিয়ের সহায়তা । - স্থানীয় সরকার ও এনজিওদের সমন্বয়ে পানি ব্যবস্থায় সহায়তা ।

ইউনিয়ন	ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের নাম	ওয়ার্ড	কাজের ধরণ	কোন সমাজসেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে কিনা
কচ্ছপিয়া	গর্জনিয়া বাজার ক্লাব	৫নং ওয়ার্ড	সামাজিক ও শিক্ষামূলক কার্যক্রম বনায়ন	- বনায়ন । - অসহায় গরীব মেয়েদের বিয়েতে সহায়তা । - গরীব ছেলেমেয়েদের লেখাপড়া সহায়তা । - দিবস উদযাপন ।
	তিতার পাড়া ঝরনা ক্লাব	৩নং ওয়ার্ড		- গরীব ছেলেমেয়েদের লেখাপড়া সহায়তা । - বৃত্তিপ্রাপ্ত শিশুদের পুরস্কার প্রদান ।
	দোছড়ি আদর্শ ক্লাব	২নং ওয়ার্ড		- বাঁধের দু'পাশে বৃক্ষরোপণ । - অসহায় গরীব মেয়েদের বিয়েতে সহায়তা ।
দক্ষিণ মিঠাছড়ি	আদর্শ তরুণ সংস্থা কৃষি সমবায় সমিতি সোনার বাংলা সমিতি	২ ও ৭নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম বনায়ন	- গরীব মেয়েদের বিবাহ ব্যবস্থা । - আগুনের পুড়ে যাওয়া ঘর-বাড়ীতে ছাউনী ব্যবস্থা । - অসহায় গরীবদের চিকিৎসা ব্যবস্থা । - বৃক্ষ রোপণ । - গরীব ছেলেমেয়েদের পড়ালেখা । - গরীব মেয়েদের বিবাহ ব্যবস্থা । - সেলাই মেশিন ও সেলাই কাজে সহযোগীতা । - অসহায় মেয়েদের শিক্ষা/বিয়ের ব্যবস্থা । - অসহায় গরীবদের চিকিৎসা ব্যবস্থা ।
গর্জনিয়া	থোয়েংগাকাটা ষ্টুডেন্ট ক্লাব থোয়েংগাকাটা জনকল্যাণ ক্লাব মাঝিরকাটা ইসলামিয়া আদর্শ তরুণ সংস্থা	৩নং ওয়ার্ড ৬নং ওয়ার্ড	শিক্ষামূলক কার্যক্রম	- গরীব ছাত্র-ছাত্রীদের সহযোগিতা - গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের সহায়তা । - খেলাধূলার কাজে অংশগ্রহণ । - এতিম ছাত্র-ছাত্রীদের ভর্তি, স্কুল ড্রেস, আর্থিক সাহায্য করে ।
রাজারকুল	সিকদার পাড়া জাগরণী সমবায় সমিতি ঘোনার পাড়া বনফুল ক্লাব	৭নং ওয়ার্ড ৩নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম	- দিবস উদযাপন । - অসহায় গরীব শিশুদের লেখাপড়া সহযোগীতা । - অসহায় গরীব মেয়েদের বিয়েতে সহায়তা ।

ইউনিয়ন	ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের নাম	ওয়ার্ড	কাজের ধরণ	কোন সমাজসেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে কিনা
চাকমারকুল	সি গ্রীণ ক্লাব	২নং ওয়ার্ডে	সামাজিক কার্যক্রম	- বাৎসরিক খেলাধুলায় পুরস্কার বিতরণী আয়োজন করে । - শিক্ষামূলক (সেলাই) কাজে সহযোগিতা করে । - অসহায় গরীব ছেলে-মেয়েদের বিয়েতে সহযোগিতা । - গরীব ছেলেমেয়েদের লেখাপড়া খরচ প্রদান ।
রশিদনগর	উল্টাখালী এক্সটিম পাওয়ার ক্লাব হরিতলা মৈত্রী সংসদ ক্লাব মামুন মিয়া বাজার ব্যবসায়ী সমবায় সমিতি পাহাড়তলী রেনেসা স্পোর্টিং ক্লাব	৯নং ওয়ার্ড ৭নং ওয়ার্ড ৭নং ওয়ার্ড ৪নং ওয়ার্ড	সামাজিক ও শিক্ষামূলক কার্যক্রম	- গরীব মেয়েদের বিবাহের আর্থিক সহায়তা - হত দরিদ্র মেধাবী শিশুদের শিক্ষায় সহায়তা । - গরীব দুঃস্থ শিশুদের লেখাপাড়া সহযোগিতা
ফতেখাঁরকুল	সমচর সাংস্কৃতিক ক্লাব রায়মোহন সংগীত ক্লাব রামু শিল্পগোষ্ঠী সাংস্কৃতিক ক্লাব রামু শিল্পকলা সাংস্কৃতিক ক্লাব রামু সংগীত ভবন সাংস্কৃতিক ক্লাব	৭নং ওয়ার্ড ৬নং ওয়ার্ড ৬নং ওয়ার্ড ৫নং ওয়ার্ড ৪নং ওয়ার্ড	সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম	- দিবস উদযাপন । -বিভিন্ন শিল্পগোষ্ঠীর সমন্বয়ে অনুষ্ঠান । - দিবস উদযাপন । - গান শেখানো ।

- **এন জি ও/ স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ:**

রামু উপজেলায় জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বিভিন্ন এনজিও বা স্বেচ্ছাসেবী সংস্থা কাজ করছে, যার তথ্য নিম্নে তুলে ধরা হলো:

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল	ইউনয়ন
১	রিক	ক্ষুদ্র ঋণ কার্যক্রম সিডিএমপি-দুর্যোগ	১১টি ইউনিয়নে	চলমান জুলাই ২০১৪	ঈদগড়, কাউয়ারখোপ, খুনিয়াপালং, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি, গর্জনিয়া, রাজারকুল,

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল	ইউনয়ন
					চাকমারকুল, রশিদনগর, ফতেখাঁরকুল ।
২	ব্রাক	ক্ষুদ্র ঋণ কার্যক্রম, শিক্ষা কার্যক্রম ও ওয়াশ কার্যক্রম	১১টি ইউনিয়নে	চলমান	ঈদগড়, কাউয়ারখোপ, খুনিয়াপালং, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি, গর্জনিয়া, রাজারকুল, চাকমারকুল, রশিদনগর, ফতেখাঁরকুল ।
৩	আশা	ক্ষুদ্র ঋণ কার্যক্রম	৯টি ইউনিয়নে	চলমান	ঈদগড়, কাউয়ারখোপ, খুনিয়াপালং, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি, গর্জনিয়া, চাকমারকুল, রশিদনগর ।
৪	গ্রামীণ ব্যাংক	ক্ষুদ্র ঋণ কার্যক্রম	১১টি ইউনিয়নে	চলমান	ঈদগড়, কাউয়ারখোপ, খুনিয়াপালং, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি, গর্জনিয়া, রাজারকুল, চাকমারকুল, রশিদনগর, চাকমারকুল ।
৫	সংযোগ বাংলাদেশ	ভিজিডি	১১টি ইউনিয়নে	ডিসেম্বর ২০১৪ পর্যন্ত	ঈদগড়, কাউয়ারখোপ, খুনিয়াপালং, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি, গর্জনিয়া, রাজারকুল, চাকমারকুল, রশিদনগর, ফতেখাঁরকুল ।
৬	কোডেক	শিখন	১১টি ইউনিয়নে	ডিসেম্বর ২০১৫ পর্যন্ত	ঈদগড়, খুনিয়াপালং, দক্ষিণ মিঠাছড়ি, গর্জনিয়া, কচ্ছপিয়া, চাকমারকুল, রশিদনগর, কাউয়ারখোপ, রাজারকুল, ফতেখাঁরকুল, জোয়ারিয়ানালা ।
৭	মুক্তি	ম্যালেরিয়া কার্যক্রম	৯টি ইউনিয়নে	ডিসেম্বর ২০১৪ পর্যন্ত	ঈদগড়, কাউয়ারখোপ, খুনিয়াপালং, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি, রাজারকুল, চাকমারকুল, ফতেখাঁরকুল ।
৮	গণ স্বাস্থ্য	স্বাস্থ্য ও শিক্ষা কর্মসূচি	২টি ইউনিয়নে	চলমান	ঈদগড়, খুনিয়াপালং
৯	প্রশিকা	ক্ষুদ্র ঋণ কার্যক্রম	১টি ইউনিয়নে	চলমান	ফতেখাঁরকুল

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল	ইউনয়ন
১০	আনন্দ	শিক্ষা কর্মসূচি	৩টি ইউনিয়নে	ডিসেম্বর ২০১৪ পর্যন্ত	ঈদগড়, খুনিয়াপালং, কচ্ছপিয়া ।
১১	আইডিএফ	ক্ষুদ্র ঋণ কার্যক্রম	১টি ইউনিয়ন	চলমান	কচ্ছপিয়া
১২	ব্লাস্ট	আইনী কার্যক্রম (গ্রাম আদালত)	৫টি ইউনিয়নে	ডিসেম্বর ২০১৪ পর্যন্ত	দক্ষিণ মিঠাছড়ি, রাজারকুল, চাকমারকুল, ফতেখাঁরকুল, জোয়ারিয়ানালা ।
১৩	জাগো নারী	নারীর ক্ষমতায়ন	১১টি ইউনিয়নে	চলমান	ঈদগড়, কাউয়ারখোপ, খুনিয়াপালং, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি, গর্জনিয়া, রাজারকুল, চাকমারকুল, রশিদনগর, ফতেখাঁরকুল ।
১৪	পি এইচ ডি	কমিউনিটি ক্লিনিক এর সেবার মান উন্নয়ন	১১টি ইউনিয়নে	চলমান	ঈদগড়, কাউয়ারখোপ, খুনিয়াপালং, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি, গর্জনিয়া, রাজারকুল, চাকমারকুল, রশিদনগর, ফতেখাঁরকুল ।

- **প্রধান প্রধান খেলা:**

ফুটবল, ক্রিকেট, ভলিবল, হা-ডু-ডু, লাঠিখেলা এবং আঞ্চলিক খেলাসমূহ ।

- **খেলার মাঠ :**

উপজেলায় বড় খেলার মাঠ আছে ১৬টি । এছাড়াও অন্যান্য স্কুল ও খালি জায়গায় ছোট ছোট খেলার মাঠ রয়েছে । ইউনিয়নভিত্তিক মাঠের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	খেলার মাঠের নাম	কোথায় অবস্থিত	দুর্যোগের সময় কোন কাজে লাগে কিনা	কিভাবে
ঈদগড় **২টি**	কোনারপাড়া মাঠ ও কাটাজঙ্গল হিল্লামুড়া মাঠ	৮নং ওয়ার্ড ও ৫নং ওয়ার্ড	কাজে লাগে	ত্রাণ বিতরণ কাজে ব্যবহার করা হচ্ছে ।
কাউয়ারখোপ **২টি**	কাউয়ারখোপ হাকিম রকিমা উচ্চ বিদ্যালয় মাঠ ও মনিরঝিল সঃ প্রাঃ	৫নং ওয়ার্ড ও ২নং ওয়ার্ড	কাজে লাগে	দুর্যোগের সময় মানুষ, পশু ও মালামাল রাখা ও ত্রাণ বিতরণ কাজে ব্যবহার হয় ।

ইউনিয়ন	খেলার মাঠের নাম	কোথায় অবস্থিত	দুর্যোগের সময় কোন কাজে লাগে কিনা	কিভাবে
	বিদ্যালয় মাঠ			
খুনিয়াপালং **২টি**	দারিয়ারদিঘী প্রাইমারী স্কুল মাঠ রাবেতা হাসপাতাল মাঠ	১নং ওয়ার্ড ৬নং ওয়ার্ড	কাজে লাগে	দুর্যোগের সময় মানুষ, পশু ও মালামাল রাখা ও ত্রাণ বিতরণ কাজে ব্যবহার হয় । ত্রাণ বিতরণ কাজে ব্যবহার হয় ।
জোয়ারিয়ানালা **১টি**	জোয়ারিয়ানালা এইচ,এম হাকিম উচ্চ বিদ্যালয়	৭নং ওয়ার্ড	কাজে লাগে	দুর্যোগের আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় এবং ত্রাণ বিতরণের কাজে ব্যবহার করে ।
কচ্ছপিয়া	নাই	-	-	-
দক্ষিণ মিঠাছড়ি **২টি**	দঃ মিঠাছড়ি উচ্চ বিদ্যালয় ও চেইন্দা রোশন আলী উচ্চ বিদ্যালয়	১ ও ৮নং ওয়ার্ড	কাজে লাগে	দুর্যোগের সময় মানুষ, পশু ও মালামাল রাখার কাজে ব্যবহার করা হয় এবং ত্রাণ বিতরণের কাজে ব্যবহার করে ।
গর্জনিয়া	নাই	-	-	-
রাজারকুল **২টি**	নয়াপাড়া মনসুর আলী সিকদার আইডিয়াল স্কুল ও ছাগলিয়াকাটা খেলার মাঠ	৪ ও ৫নং ওয়ার্ড	কাজে লাগে	স্কুল মাঠ দুর্যোগের সময় মানুষ, পশু ও মালামাল রাখা ও ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয় । খেলার মাঠ শুধু ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে ।
চাকমারকুল	**নাই**	-	-	-
রশিদনগর **২টি**	রশিদনগর নাদেরুজ্জামান উচ্চ বিদ্যালয় ও উল্টাখালী সঃ প্রাঃ বিদ্যালয়	৫ ও ৯নং ওয়ার্ড	কাজে লাগে	দুর্যোগের সময় মানুষ, পশু ও মালামাল রাখা ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয় ।
ফতেখাঁরকুল **৩টি**	রামু খিজারি মাঠ পোষ্ট অফিস মাঠ মন্ডল পাড়া প্রাথমিক বিদ্যালয়	৭নং ওয়ার্ড ১নং ওয়ার্ড ৪নং ওয়ার্ড	কাজে লাগে	ত্রাণ বিতরণ কাজে ব্যবহার করা হয় । দুর্যোগের সময় মানুষ, পশু ও মালামাল রাখা, ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয় ।

- **কবরস্থান / শ্মশানঘাট:**

রামু উপজেলায় কবরস্থান আছে ২৮৫টি ও শ্মশান ঘাট (হিন্দু + বৌদ্ধ) ৪১টি। নিম্নে ইউনিয়নভিত্তিক কবরস্থান ও শ্মশান ঘাটের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	কবরস্থান বা শ্মশানঘাটের নাম	কোথায় অবস্থিত	বন্যা লেভেলের উপরে কিনা
ঈদগড়	কবরস্থান: ১৫টি শ্মশানঘাট: ২টি	কবরস্থান ১- ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট আছে ৯নং ওয়ার্ডে	হ্যাঁ
কাউয়ারখোপ	কবরস্থান: ১৪টি শ্মশানঘাট: ৩টি	কবরস্থান ১- ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট আছে ৫ ও ৭নং ওয়ার্ডে	হ্যাঁ
খুনিয়াপালং	কবরস্থান: ৪২টি শ্মশানঘাট: ২টি	কবরস্থান ১- ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট ২টি আছে ৫নং ওয়ার্ডে	হ্যাঁ
জোয়ারিয়ানালা	কবরস্থান: ৩৪টি। শ্মশানঘাট: **২টি**।	কবরস্থান ১- ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট ২টি আছে ২ ও ৬নং ওয়ার্ডে	হ্যাঁ
কচ্ছপিয়া	কবরস্থান: ৪৪টি। শ্মশানঘাট: ৫টি।	কবরস্থান ১- ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট ৫টি আছে ২, ৩, ৫ ও ৬নং ওয়ার্ড	হ্যাঁ
দক্ষিণ মিঠাছড়ি	কবরস্থান: ২১টি। শ্মশানঘাট: ৩টি।	কবরস্থান ১- ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট ৫টি আছে ৩, ৪ ও ৫নং ওয়ার্ডে	হ্যাঁ
গর্জনিয়া	কবরস্থান: ৩৩টি। শ্মশানঘাট: ৩টি।	কবরস্থান ১ - ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট ৩টি আছে ৩ ও ৫নং ওয়ার্ডে।	হ্যাঁ
রাজারকুল	কবরস্থান: ২৩টি। শ্মশানঘাট: ৫টি।	কবরস্থান ১ - ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট ৫টি আছে ১, ৫ ও ৮নং ওয়ার্ডে।	হ্যাঁ
চাকমারকুল	কবরস্থান: ১৪টি। শ্মশানঘাট ২টি।	কবরস্থান ১ - ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট ২টি আছে ৩ ও ৯নং ওয়ার্ডে।	হ্যাঁ
রশিদনগর	কবরস্থান: ২০টি। শ্মশানঘাট ১টি।	কবরস্থান ১ - ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট আছে ২নং ওয়ার্ডে।	হ্যাঁ
ফতেখাঁরকুল	কবরস্থান: ২৫টি। শ্মশানঘাট ১৩টি।	কবরস্থান ১ - ৯নং ওয়ার্ডে আছে এবং শ্মশানঘাট আছে ৩, ৫, ৬, ৭ ও ৮নং ওয়ার্ডে।	হ্যাঁ

- **যোগাযোগ ও পরিবহনের মাধ্যম:**

কক্সবাজার জেলা সদরসহ অন্যান্য উপজেলার সাথে রামু উপজেলার প্রধান যোগাযোগের মাধ্যম হলো সড়ক পথ (চকোরিয়া, পেকুয়া, উখিয়া, টেকনাফ ও কক্সবাজার সদর উপজেলা) এবং সমুদ্র চ্যানেল (মহেশখালী ও কুতুবদিয়া উপজেলা)। উপজেলার ব্যবহৃত যান বাহন হলো মিনি বাস, জীপ, ট্যাক্সি, টমটম, অটো রিক্সা এবং ইঞ্জিন বোট ও স্পীড বোট ।

উপজেলার বিভিন্ন ইউনিয়নের মধ্যে এবং ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড ও গ্রামের মধ্যে চলাচল করার জন্য পাকা রাস্তায় সাধারণত: ট্যাক্সি, রিক্সা ও অটো রিক্সায়, নদী পথে ছোট নৌকায় এবং কাঁচা রাস্তায় রিক্সা বা পায়ে হেটেই যাতায়াত করতে হয়।

রামু উপজেলা সদরের মধ্যে যোগাযোগ ব্যবস্থা ভাল। অধিকাংশ রাস্তা পাকা ও ইট বিছানো। ভিতরে যাতায়াতের জন্য ট্যাক্সি, রিক্সা ও টমটম ব্যবহার করতে হয়। চট্টগ্রাম থেকে কক্সবাজারে রামুর উপর দিয়ে যেতে হয়। রামু থেকে সড়ক পথে কক্সবাজার জেলা এবং চকরিয়া, উখিয়া, টেকনাফ ও পেকুয়া উপজেলায় যাওয়া যায়। এ ছাড়াও মহেশখালী বা কুতুবদিয়া উপজেলায় সমুদ্র চ্যানেল দিয়ে স্পীড বোট বা কাঠের ইঞ্জিন চালিত বোটে যাওয়া যায়। রামু উপজেলা সদরের মধ্যে পাকা রাস্তা থাকায় বর্ষা মৌসুমে এলাকার জনগণের যাতায়াতে তেমন বড় কোন সমস্যা হয় না।

উপজেলা থেকে বিভিন্ন ইউনিয়নে যাওয়ার জন্য পাকা রাস্তা আছে। তবে বিভিন্ন ইউনিয়নের সব ওয়ার্ডে পাকা রাস্তা না থাকায় বর্ষা মৌসুমে এসব এলাকার জনগণের চলাচল অনেক ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে।

- **বন ও বনায়ন:**

উপজেলার মোট ভূমির প্রায় ৩৯ভাগ হচ্ছে বনভূমি।

গাছ :

উপজেলার বিভিন্ন বনে সাধারণত: গর্জন, তেলসুর, তুলা, মুছ, বাঁশ, অর্জুন, আকাশমনি, কড়ই, একাশিয়া, বাম, বেত, মেনজিয়াম, বট, সেগুন, রেইনট্রি, মেহগনি, জারুল, ছাতিম, ঝিল, ভুতকড়ি, মাদার, তেতুল, নিম প্রভৃতি গাছ দেখতে পাওয়া যায়।

লতাগুল্ম/ ঝোপ:

উপজেলার বিভিন্ন বনে সাধারণত: পাথরকুচি, লজ্জাবতি, গোয়াইচ্যা লতা, আদাগুনগুনি (থানকুনি), তুলসি, বাশক, ফনিমনসা, বিন্যাঘাস, স্বর্নলতা, দূর্বা, অর্কিড (পরগাছা), বেত, পান, কেয়া, ছন প্রভৃতি লতাগুল্ম/ ঝোপ দেখতে পাওয়া যায় ।

ফুল:

কাঠালিচাঁপা, শিউলী, বেলী, গাঁদা, জবা, কৃষ্ণচূড়া, হাসনাহেনা, জুঁই, গোলাপ, কামিনী, চম্পা প্রভৃতি উল্লেখযোগ্য।

জলজ উদ্ভিদ:

কচুরিপানা, পদ্ম, আমরণি, শাপলা, শেওলা, উলুখাগড়া প্রভৃতি উল্লেখযোগ্য ।

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

- **বৃষ্টিপাতের ধারা**
  (প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রাপ্ত তথ্যসমূহ)

স্থানীয় জনগণের মতে বিগত ১০-১২ বছর থেকে বৃষ্টিপাতের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে । সেপ্টেম্বর মাস পর্যন্ত বৃষ্টিপাত অব্যাহত থাকে । যার বার্ষিক পরিমাণ প্রায় ৩১৫ মিঃ মিঃ । পূর্বে পৌষ মাসে বৃষ্টি হত । বর্তমানে হঠাৎ বৃষ্টি বা মৌসুমী বৃষ্টি কম হয় । আবার কখনও লাগাতার ১০-১৫ দিন বৃষ্টিপাতের ফলে পাহাড়ী ঢলের সৃষ্টি হয় ।



- **তাপমাত্রা**

১০-১২ বছর আগের তুলনায় পুরো রামুতে তাপমাত্রা অনেক বেড়ে গেছে । পাহাড়ে গাছ কমে যাওয়ায় এ তাপ আরো বেশি অনুভূত হচ্ছে । প্রতি বছর চৈত্র থেকে ভাদ্র মাস পর্যন্ত অসহ্য তাপ থাকে । এ তাপমাত্রা ২৯° সেলসিয়াস থেকে প্রায় ৩৮° সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি পায় । তাপমাত্রার তারতম্যে জীবনযাত্রা এবং পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়ে ।



- **ভূ-গর্ভস্থ পানির স্তর:**

আবহাওয়া পরিবর্তনের ফলে ২০০০-২০০১ সালের পর থেকে ভূ-গর্ভস্থ পানির স্তর নীচে নামতে শুরু করে। অথচ ১৯৯১/ ১৯৯৪ সালের দুর্যোগের পূর্বে ৪০-৫০ ফুট নীচে ব্যবহার উপযোগী পানি পাওয়া যেত। বর্তমানে উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ব্যাপক বৃক্ষ নিধন ও খাল-বিল ভরাট হয়ে যাওয়ার ফলে আগষ্ট-সেপ্টেম্বর এর শুরুতে অর্থাৎ আশ্বিন-কার্তিক মাসে খাল-বিল, নদী-নালা শুকিয়ে যায়, ফলে কৃষি কাজের প্রয়োজনীয় সেচের পানির অভাব মিটানোর জন্য ভূ-গর্ভস্থ থেকে পানি অধিক পরিমাণে উত্তোলন করায় ক্রমশ: পানির স্তর নিচে নেমে যাচ্ছে। এর প্রভাবে মানুষের দৈনন্দিন পানীয় জল ও সেচ কাজের পানির সংকট চরম আকার ধারণ করছে। বর্তমানে পানির স্বাভাবিক স্তর সর্বনিম্ন ১৭০ ফুট, সর্বোচ্চ ৮০০ ফুট। অদূর ভবিষ্যতে বিকল্প ব্যবস্থা গৃহীত না হলে পরিস্থিতির আরো অবনতি হবে।

- **বন্যার পানির স্তর:**

রামু উপজেলার ৫০% ভূমি উঁচু ফলে দীর্ঘ মেয়াদী বন্যা হয় না। তবে পাহাড়ী ঢলের কারণে কিছু কিছু স্থানে জলাবদ্ধতার সৃষ্টি হয়।

১.৪.৪ অন্যান্য

- **ভূমি ও ভূমির ব্যবহার:**

রামু উপজেলায় ভুমি/ জমির পরিমাণ প্রায় ৬৫৩৩০ একর। এর মধ্যে নীট ফসলী ভূমির পরিমাণ ২০১১১ একর। একফসলী ৩,১৪০ একর, দোফসলী ১৩,৪৫৫ একর, তিনফসলী ১,৮৯৫ একর তামাক চাষ ১,৬২৫ একর বসতি এলাকা ৪২০০ একর।

- **কৃষি ও খাদ্য:**

রামু উপজেলার কৃষি ও খাদ্য সংক্রান্ত তথ্য তুলে ধরা হলো:

প্রধান প্রধান ফসল: ধান, সবজি, পান, সুপারি, আখ, তামাক ইত্যাদি।

শাক সব্জী: টমেটো, আলু, বেগুন, মুলা, ফুলকপি, বাঁধাকপি, শিম, মরিচ, পান, সুপারি লালশাক, লঞ্চ, কলমি, মটরশুটি, কচু, হলুদ, তিতকরলা, কাঁকরল, আদা, ফেলন, মিষ্টিকুমড়া, লাউ, রাইশাক, ঢেঁড়শ, পালংশাক, শসা, চিচিংগা ইত্যাদি।

ফল: আম, জাম, কাঁঠাল, বাতাবিলেবু, কমলা, জলপাই, কামরাঙ্গা, কলা, কুল, নারিকেল, খেজুর, সুপারী, আমলকি, বেল, গোলাপজাম, পেয়ারা, আনারস, টাম, পেঁপে ইত্যাদি।

- **নদী:**

রামু উপজেলার মুল নদী হলো বাকখালী নদী । অন্যান্য নদীগুলো শাখা ও ছোট নদী ।

বাকখালী নদী:

বাকখালী নদীটি কাউয়ারখোপ, রাজারকুল ইউনিয়ন হয়ে ফতেখাঁরকুল ইউনিয়নের প্রবেশ করেছে । বর্ষা মৌসুমে পাহাড়ী ঢলের কারণে পার্শ্ববর্তী গ্রামগুলো প্লাবিত হয়ে ঘর-বাড়ী ও ফসলের ব্যাপক ক্ষতি করে । তবে পানি নেমে যাওয়ার পরে জমিতে পলি মাটি পড়ায় কৃষি জমির উর্বরতা বেড়ে যায় ।

ঈদগড়-ঈদগাও নদী:

ঈদগড় -ঈদগাঁও নদীটি ঈদগড় ইউনিয়নের ৩, ৪, ৫ ও ৬নং ওয়ার্ড বড়বিল হতে ১নং ওয়ার্ড কুদ্দুস মিয়ার জুম এর ঈদগড় পাহাড় ঘেষে ঈদগড় ইউনিয়নে এসে মিলিত হয়েছে । বর্ষা মৌসুমে পাহাড়ী ঢলের কারণে পার্শ্ববর্তী গ্রামগুলো প্লাবিত হয়ে ঘর-বাড়ী ও ফসলের ব্যাপক ক্ষতি করে । তবে পানি নেমে যাওয়ার পরে জমিতে পলি মাটি পড়ায় কৃষি জমির উর্বরতা বেড়ে যায় ।

গোয়ালিয়া পালং নদী:

খুনিয়া পালং ইউনিয়নের ৭নং ওয়ার্ড পূর্ব গোয়ালিয়া থেকে গোয়ালিয়া পালং এর ৯নং ওয়ার্ডের শেষ মাথা পর্যন্ত মিলিত হয়ে গোয়ালিয়াপালং নদীতে এসে মিলিত হয়েছে । বর্ষাকালে ঢলের পানিতে গ্রামগুলো প্লাবিত হয়, পানি সরে যাওয়ার সাথে সাথে পলি মাটি পড়ে মাটি উর্বরা শক্তি বৃদ্ধি পায় ।

দোছড়ি নদী:

কচ্ছপিয়া ইউনিয়নের খালের আগা হয়ে দোছড়ি নদীটি ১, ২, ৩ ও ৬নং ওয়ার্ডে বাকখালী নদীতে প্রবাহিত হয়েছে । বর্ষাকালে ঢলের পানিতে গ্রামগুলো প্লাবিত হয়, পানি সরে যাওয়ার সাথে সাথে পলি মাটি পড়ে মাটি উর্বরা শক্তি বৃদ্ধি পায় ।

রামাইত্যা নদী:

রামাইত্যা নদীটি রশিদনগর ইউনিয়নের ১নং ওয়ার্ড হতে ৩নং ওয়ার্ডে বড় ধলির ছড়া খালের সংলগ্নে প্রবাহিত হয়েছে । বর্ষাকালে ঢলের পানিতে গ্রামগুলো প্লাবিত হয়, পানি সরে যাওয়ার সাথে সাথে পলি মাটি পড়ে মাটির উর্বরা শক্তি বৃদ্ধি পায় ।

- **পুকুর:**

রামু উপজেলায় ছোট বড় মিলে মোট ১১৭৪টি পুকুর রয়েছে । এসবের মধ্যে আবাদী পুকুর ৮৫৭টি ও অনাবাদী ৩১৭টি । অধিকাংশ পুকুরে প্রায় সারা বছর পানি থাকে । তবে বর্ষা মৌসুমে পানির পরিমাণ বৃদ্ধি পায় । দৈনন্দিন কাজ, মাছ চাষ, শাক-সব্জীর ক্ষেতে পানি দেয়া প্রভৃতি কাজে এসব পুকুরের পানি ব্যবহৃত হয়ে থাকে । এসব পুকুরে সাধারণত: রুই, কাতলা, তেলাপিয়া ও বিভিন্ন কার্প জাতীয় মাছের চাষ বৃদ্ধি পেয়েছে । পাশাপাশি ছোট মাছের উৎপাদন হচ্ছে । মাছ চাষের ফলে এলাকার জনগণের আর্থিক স্বচ্ছলতার পাশাপাশি পুষ্টি চাহিদাও পূরণ

হচ্ছে। পুকুরে মাছ চাষ করে মৎস চাষীরা দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখছে। নিম্নে ইউনিয়নভিত্তিক পুকুরের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	আবাদী	অনাবাদী	মোট
ঈদগড়	৮	৩০	৩৮
কাউয়ারখোপ	১৩৫	৮	১৪৩
খুনিয়াপালং	১৫০	৫০	২০০
জোয়ারিয়ানালা	৬	০	৬
কচ্ছপিয়া	৫৭	২৮	৮৫
দক্ষিণ মিঠাছড়ি	২২০	১০০	৩২০
গর্জনিয়া	১৫২	৪৮	২০০
রাজারকুল	৩	০	৩
চাকমারকুল	৪২	৬	৪৮
রশিদনগর	৫৪	৩৫	৮৯
ফতেখাঁরকুল	৩০	১২	৪২
সর্বমোট	৮৫৭	৩১৭	১১৭৪

- **খাল:**

রামু উপজেলার মধ্য বা পাশ দিয়ে প্রবাহিত খালের সংখ্যা ২৮টি। **ফতেখাঁরকুল** ইউনিয়ন ছাড়া সব ইউনিয়নে খাল আছে। নিম্নে ইউনিয়নভিত্তিক খালের তথ্য তুলে ধরা হলো:

ঈদগড় ইউনিয়ন:

১. রেনুর ছড়া খাল: রেনুর ছড়া খালটি ৬নং ওয়ার্ডের নয়াপাড়া হতে ১নং ওয়ার্ডের পশ্চিম পাড়া হয়ে ঈদগড় ইদগাঁও নদীতে এসে মিলিত হয়েছে। **২. চেংছড়ি খাল:** চেংছড়ি খালটি চেংছড়ি হয়ে আলীচং খালে গিয়ে মিলিত হয়েছে। **৩. চিকনির ছড়ার খাল:** চিকনির ছড়ার খালটি ৭নং ওয়ার্ডের খুড়াবিল হয়ে রেনুকুলে রেনুছড়ার খালে গিয়ে প্রবাহিত হয়েছে।

কাউয়ারখোপ ইউনিয়ন:

১. মনিরঝিল সোনাইছড়ি খাল: মনিরঝিল সোনাইছড়ি খাল হতে ১-৭নং ওয়ার্ডে দরগামুরা পাড়ায় গিয়ে বাকখালী নদীতে প্রবাহিত হয়েছে। **২. উখিয়ারঘোনা খাল:** বড়জুম ছড়া উখিয়ারঘোনা খাল ৭, ৮ ও ৯নং ওয়ার্ড হতে ফরেষ্ট অফিসের সামনে বাকখালী নদীতে এসে প্রবাহিত হয়েছে। **৩. জারুলিয়াছড়ি খাল:** খালটি নাইক্ষ্যংছড়ি খাল হয়ে মইশকুম ব্রীজের পাশের বাকখালী নদীতে প্রবাহিত হয়েছে।

খুনিয়াপালং ইউনিয়ন:

১. ধোয়াপালং খাল: খালটি আর্মি ক্যাম্প থেকে তুলাবাগান দিয়ে ২নং ওয়ার্ডে এসে গোয়ালিয়া পালং নদীতে এসে মিলিত হয়ে বঙ্গোপসাগরে এসে প্রবাহিত হয়েছে। **২. ধুইল্যাছড়ি খাল:** ধুইল্যাছড়ি খাল ৪, ৫, ১নং ওয়ার্ডে দারিয়ারদিঘী থোয়েংগাকাটা হয়ে ৩ - ৬নং ওয়ার্ডে প্রবাহিত হয়েছে, **৩. রেজুর খাল:** ৮নং ওয়ার্ড থেকে ৯নং ওয়ার্ড মাংগালা পাড়া হয়ে ধেচুয়াপালং দারিয়ারদিঘী ১, ৪, ৫ ও ৭নং ওয়ার্ডে গোয়ালিয়া পালং নদীতে এসে

মিলিতি হয়েছে। **৪. কালারপাড়া খাল:** কালারপাড়া খালটি আর্মি ক্যাম্প থেকে তুলাবাগান দিকে ২নং ওয়ার্ডে এসে গোয়ালিয়া পালং নদীতে এসে মিলিত হয়ে বঙ্গোপসাগরে এসে প্রবাহিত হয়েছে।

জোয়ারিয়ানালা ইউনিয়ন:

১. সোনাইছড়ি খাল: বাইশারী হতে ৩, ৪ ৬, ৭, ৮ ও ৯নং ওয়ার্ডে গিয়ে চৌফলদন্ডী মাথায় এসে সোনাইছড়ি খালে এসে মিলিত হয়েছে।

কচ্ছপিয়া ইউনিয়ন:

১. বড় জাংছড়ি খাল: এই খালটি ৫, ৮ ও ৯নং ওয়ার্ড হয়ে বাকখালী নদীতে এসে সরাসরি প্রবাহিত হয়েছে। **২. ছোট জাংছড়ি খাল:** এটি ৪ ও ৭নং ওয়ার্ডের বার্মা সীমানা হয়ে বাকখালী নদীতে মিলিত হয়েছে। **৩. নাইক্ষ্যংছড়ি খাল:** এই খালটি ৫, ৬, ৮ ও ৯নং ওয়ার্ড হয়ে বাকখালী নদীতে এসে সরাসরি প্রবাহিত হয়েছে।

দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়ন:

১. বাকখালী ও ২. নতুন কাটা খাল: খাল ২টি ৯নং ওয়ার্ডের পশ্চিম দিকের শেষ মাথায় মনতিরমার সাকুতে গিয়ে মিলিত হয়েছে।

গর্জনিয়া ইউনিয়ন:

১. থিমছড়ি খাল: থিমছড়ি খালটি হিলট্রেক্স থেকে এসে ৩, ৪ ও ২নং ওয়ার্ডে গর্জনিয়া খালের মুখে এসে পড়েছে। **২. গর্জনিয়া খাল:** গর্জনিয়া খালটি বাইশারী হয়ে ১, ২, ৩, ৫, ৮ ও ৯নং ওয়ার্ডে ছোট গর্জই খালে মিশেছে। **৩. বড় গর্জই ও ৪. ছোট গর্জই খাল:** খাল ২টি ঈদগড় বাইশারী হয়ে ঘুরে গিয়ে নতুন বাজার-শিয়াপাড়া হয়ে ১, ২, ৩, ৫, ৮নং ওয়ার্ডে এসে গর্জনিয়া খালের সাথে মিলিত হয়ে বাকখালী নদীতে এসে প্রবাহিত হয়েছে।

রাজারকুল ইউনিয়ন:

১. দক্ষিণ কাটাখালী খাল: এই খালটি ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮নং ওয়ার্ড হয়ে দক্ষিণ মিঠাছড়ি দিয়ে বাকখালী নদীতে গিয়ে পড়েছে।

চাকমারকুল ইউনিয়ন:

১. পাতলী খাল: পাতলী খালটি গুইল্যাছড়ি হতে মনতারগুদা পিএমখালী বাংলাবাজার হয়ে বাকখালী নদীতে এসে মিলিত হয়েছে। ২. **ফারিরখাল:** ফারির খাল ৬, ৭, ৮নং ওয়ার্ড পূর্ব মোহাম্মদপুরা থেকে শ্রীমুরা হয়ে চৌফলদন্ডী দিয়ে বঙ্গোপসাগরের মিলিত হয়েছে। **৩. বাকখালী খাল:** বাকখালী খালটি ১, ২, ৩ ও ৯নং ওয়ার্ড মিস্ত্রি পাড়া থেকে শুরু করে পশ্চিম চাকমারকুল হয়ে বঙ্গোপসাগরের এসে প্রবাহিত হয়েছে।

রশিদনগর ইউনিয়ন:

১. **পানির ছড়া খাল:** এই খালটি রামাইত্যা নদীতে এসে প্রবাহিত হয়েছে। ২. **থলিয়ারঘোনা খাল:** খালটি ৬নং ওয়ার্ড থেকে ৩-৭নং ওয়ার্ড পানির ছড়া খালের এসে মিলিত হয়েছে। ৩. **উল্টাখালী খাল:** ৯নং ওয়ার্ডে প্রবাহিত হয়েছে। **৪. বড় ধলীরছড়া খাল:** ৩নং ওয়ার্ডে প্রবাহিত হয়েছে। **৫. মাছেয়াখালী খাল: ১**নং ওয়ার্ডে প্রবাহিত হয়েছে।

উপজেলার প্রায় সব ইউনিয়নে প্রতি বছর বর্ষা মৌসুমে খালের পানিতে পার্শ্ববর্তী গ্রামগুলো প্লাবিত হয়ে ঘর-বাড়ী ও ফসলের ব্যাপক ক্ষতি করে। পাশাপাশি পানি নেমে যাওয়ার পরে জমিতে পলি মাটি পড়ায় কৃষি জমির উর্বরতা বেড়ে যায়। মূলত; ধানসহ বিভিন্ন ফসল ও সব্জী চাষে এইসব খালের পানি ব্যবহার হয়ে থাকে। এছাড়াও বিভিন্ন খাল হতে নানা ধরণের মাছ আহরণ করে এখানকার জেলেরা জাতীয় অর্থনীতিতে ভূমিকা রাখছে এবং মাছের চাহিদা ও পুষ্টি পূরণে অবদান রাখছে।

- **বিল:**

উপজেলায় মোট বিলের সংখ্যা ১৬২টি। এর মধ্যে ২৭টি ঈদগড়, ১৩টি খুনিয়াপালং, ৪৭টি কচ্ছপিয়া, ৩০টি দ: মিঠাছড়ি, ৩টি গর্জনিয়া, ২টি রাজারকুল ও ৪০টি চাকমারকুল ইউনিয়নে অবস্থিত।

ধান এবং সবজির চাষ হয়। এছাড়াও বিভিন্ন বিল হতে নানা ধরণের বিশেষ করে দেশীয় মাছ আহরণ করে জাতীয় অর্থনীতিতে ভূমিকা রাখছে। মাছের চাহিদা ও পুষ্টি পূরণে অবদান রাখছে।

- **হাওড়:**

নাই।

- **লবণাক্ততা:**

সমুদ্র উপকূল থেকে দূরে অবস্থান হওয়ায় লবণাক্ততার সম্ভাবনা নেই। তবে উপজেলার খুনিয়াপালং, রশিদনগর, চাকমারকুল, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়ন সমুদ্র উপকূলবর্তী হওয়ার কারণে বছরে ২/৩ মাস লবণাক্ততা সৃষ্টি হয়। এছাড়াও বর্ষাকালে সমুদ্র সংলগ্ন নদীগুলোতে জোয়ারের পানি বৃদ্ধি পেয়ে নদীর কাছাকাছি এলাকায় লবণ পানি ঢুকে ফসলের ব্যাপক ক্ষতি করে থাকে। বছরের বাকী সময় লবণাক্ততা অনুভূত হয় না।

- **আর্সেনিক দুষণ:**

২০০০ সালে স্থানীয় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও এনজিও সমন্বয়ে উপজেলায় আর্সেনিক সনাক্তিকরণ কার্যক্রম বাস্তবায়িত হয়, তখন কিছু কিছু এলাকায় আর্সেনিকের অস্তিত্ব পাওয়া যায়। বিগত ১৩ বছর আর্সেনিক সনাক্তিকরণের ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট দপ্তর ও অন্যান্য সংস্থা উদ্যোগ গ্রহণ করেনি। ফলে বর্তমানে আর্সেনিক সমস্যা আছে কিনা স্থানীয় সরকার ও উপজেলা প্রশাসনের জানা নাই।

- **জীব বৈচিত্র্য:**

পাখি:

ময়না, দোয়েল, শকুন, শালিক, চড়ুই, শ্যামা, বক, ডাহুক, বুলবুলি, টিয়া, কাক, কবুতর, কাঠঠোকরা, টুনটুনি, মথুরা, ফিংগে, বাবুই, ঘুঘু ইত্যাদি।

বন্যপ্রানী:

বনবিড়াল, বানর, হাতি, বনমোরগ, হরিণ, বেজী, কাঠবিড়ালী, তক্ষক, শেয়াল, নেউল, বাঘডাসা, বন্যশুকর, গয়াল, গিরগিটি, বাদুড়, চামচিকা প্রভৃতি ।

সরিসৃপ:

গোখড়া, ঢোড়া, গুই, কেউটে, শংখচুড়, বনরুই, চন্দ্রবোড়া, দাড়াস প্রভৃতি ।

উভয়চর প্রানী:

সোনা ব্যাঙ, কোলা ব্যাঙ, কুনো ব্যাঙ, উদ প্রভৃতি ।

গৃহপালিত পশু-পাখি:

গরু, ছাগল, মহিষ, ভেড়া, হাঁস-মুরগী, কবুতর, বিড়াল, কুকুর প্রভৃতি ।

মাছ:

তেলাপিয়া, কার্প, কাতল, মাগুর, নাইলোটিকা, পাঙ্গাস, মৃগেল, রুই, পুটি, টাকি, ইচা, কই, শিং, টেংরা, পুটি প্রভৃতি ।

মানুষের আগ্রাসনের ফলশ্রুতিতে বর্ণিত পশুপাখি, মাছ, গাছপালা প্রভৃতি পূর্বের তুলনায় আশংকাজনক ভাবে কমে গেছে । পশুপাখি, মাছ, গাছপালা প্রভৃতির অধিকাংশ প্রজাতি বিলুপ্ত হওয়ার আশংকা রয়েছে ।

- **স্থানীয় সমাজ ও জনগোষ্ঠী সম্পর্কিত বিবরণ:**

সামাজিক স্তর বিন্যাস ঃ

ক. গরীব ও ভূমিহীন (যারা দিনে আনে দিনে খায়)ঃ ৫৫%

খ. নিম্ন মধ্যবিত্ত (সংসার চালানোর পর যাদের সামান্য সঞ্চয় থাকে) ঃ ২৯%

গ. মধ্যবিত্ত (যাদের মোটিমুটি কিছু সঞ্চয় থাকে) ঃ ১৪%

ঘ. ধনী (যাদের সংসারিক চাহিদা মিটানোর পরেও বেশ কিছু পরিমাণ সঞ্চয় থাকে) ঃ ২%

অর্থনৈতিক কর্মকান্ড ও পেশাঃ

- ✓ চাকুরী করে প্রায়: ৫% জন ।
- ✓ ব্যবসা করে (ক্ষুদ্র ব্যবসায়ী): ১০% জন
- ✓ কৃষি কাজ করে (ধানসহ বিভিন্ন ফসল, পান, লবণ ও চিংড়ি): ৫৫% পরিবার
- ✓ দিন মজুরি, ভ্যান রিক্সা চালক: প্রায় ২০% জন
- ✓ জেলে: ৫% জন
- ✓ নাপিত/শীল, ধোপা, রাজ মিস্ত্রি/কাঠ মিস্ত্রি: ৫% পরিবার

সামাজিক আচার অনুষ্ঠানঃ

মুসলিমঃ ঈদুল ফিতর, ঈদুল আযহা, ঈদে মিলাদুন্নবী, শব-ই-কদর, শব-ই-বরাত, আশুরা, শব-ই-মেরাজ, সুন্নতে-খৎনা, মেলা-পর্বন, বিয়ে, আকিকা, জানাজা প্রভৃতি ।

বৌদ্ধঃ চৈত্র সংক্রান্তি (সাংগ্রেন), বৌদ্ধ পূর্ণিমা, মধু পূর্ণিমা, মাঘী পূর্ণিমা, প্রবারণা পূর্ণিমা, কঠিন চীবর দান, বিয়ে, অন্ত-ষ্টিক্রিয়া, শ্রাদ্ধ প্রভৃতি ।

হিন্দুঃ শারদীয় উৎসব (দূর্গা পুজা), স্বরস্বতী পূজা, লক্ষী পূজা, মনসা পূজা, হরিরাম মহাযজ্ঞ, কার্তিক পূজা, গনেশ পূজা, জন্মাষ্টমী, শীব চতুর্দর্শী, একাদশী ব্রত, বিয়ে, শ্রাদ্ধ প্রভৃতি ।

সামাজিক মূল্যবোধ ঃ

সকল ধর্ম নির্বিশেষে একে অপরের প্রতি সহানুভূতি ও সহযোগিতামূলক সম্পর্ক এলাকায় বিদ্যমান । সকল প্রকার সামাজিক ও পারিবারিক অনুষ্ঠানে সকলের অংশগ্রহণ পরিলক্ষিত হয় ।

লিঙ্গ বৈষম্য ঃ

রামু উপজেলা শিক্ষা, সংস্কৃতির ক্ষেত্রে কক্সবাজার জেলায় অগ্রণী ভূমিকা পালন করে থাকে । সমাজে সকল স্তরে নারীদের সহাবস্থান দেখা যায় । এতদসত্বেও ধর্মীয় কুসংস্কারের কারণে নারীরা বৈষম্যের স্বীকার হয় । উপজেলার বিভিন্ন ইউনিয়নে মেয়েদের লেখাপড়ার হার খুবই কম । যৎসামান্য যা শিক্ষা লাভ করে তাও ধর্মীয় পুস্তক পাঠের মধ্যে সীমাবদ্ধ । ধর্মীয় প্রথা ও রীতিনীতি অনুযায়ী মুসলিম নারীদের বোরকা পড়ে চলাচল করতে দেখা যায় । মুসলিম নারীদের সন্তান ধারণ, গরু-ছাগল, হাঁস- মুরগী পালন ও ক্ষেত-খামার পরিচর্যার মধ্যে সীমাবদ্ধ । অন্যান্য সম্প্রদায়ের নারীরা ঘর সংসারের কাজের পাশাপাশি মাঠে গিয়ে কৃষিকাজে সহযোগিতা করে । সামাজিক কাজকর্মে ও চাকুরী করার ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ লক্ষনীয় ।

প্রথাগত ও আইনগত অধিকার ঃ

সমাজ ব্যবস্থার কারণে পুরুষেরা সর্বময় ক্ষমতার অধিকারী । তারা দেশের প্রচলিত আইনের ভিত্তিতে জমি-জমার অধিকার মুসলিম আইন অনুযায়ী ও অন্যান্য সম্প্রদায় পারিবারিক ও জাতিগত প্রথা অনুযায়ী অধিকার পেয়ে থাকে । এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দের সমন্বয়ে বিচার ও সালিশ পরিচালিত হয়ে থাকে । বর্তমানে গ্রাম্য সালিশ ও বৈঠকে নারীদের অংশগ্রহণ লক্ষ্য করা যায় । ফলে নারীরা প্রথা ও আইনগত অধিকার সমভাবে না হলেও কম বেশী ভোগ করে থাকে ।

রাজনৈতিক সংগঠন ঃ

- বাংলাদেশ জাতীয়তাবাদী দল ।
- বাংলাদেশ আওয়ামী লীগ ।
- জামায়াতে ইসলামী বাংলাদেশ ।
- বাংলাদেশ জাতীয় পার্টি ।
- লিবারেল ডেমোক্রেটিক পার্টি ।

উপজেলার মানচিত্র

উৎস: বাংলাদেশ ওয়েব



দ্বিতীয় অধ্যায়

দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

রামু উপজেলা সমুদ্র উপকূলবর্তী ও পাহাড়ী এলাকা হওয়ায় খুব সহজেই পাহাড়ী ঢল ও জোয়ার সৃষ্ট বন্যা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতার কবলে পড়ে। এছড়াও ১৯৭০ সাল থেকে পর্যন্ত প্রায় ৭০টির মত ঘূর্ণিঝড়ের কবলে পড়েছে এ এলাকা। ঘূর্ণিঝড়সহ বিভিন্ন আপদের ফলে মানুষের প্রাণহানি ঘটেছে এবং কয়েক শত কোটি সম্পদের ক্ষয়ক্ষতি হয়েছে। গত ২০ বছরের মধ্যে উপজেলায় আঘাত হানা বড় ঘূর্ণিঝড়, বন্যা, নদী ভাঙ্গন এর ইতিহাস নিচের সারণিতে তুলে ধরা হলো:

বছর	দুর্যোগের নাম	ক্ষতির পরিমাণ (টাকা)	কোন্ কোন্ খাত/ উপাদানক্ষতিগ্রস্থ হয়
১৯৯১	ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস	প্রায় ২০ কোটি	ঘর-বাড়ী, হাঁস-মুরগী, গরু-ছাগল, ফসল, গাছপালা, মানব সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান বাজারের দোকান-পাট বিধ্বস্ত হয় এবং ব্যাপক সম্পদের ক্ষয়ক্ষতি হয়।
১৯৯৪, ১৯৯৭	ঘূর্ণিঝড়	প্রায় ১০ কোটি	ঘর-বাড়ী, ফসল, গাছপালা, স্থাপনা
১৯৯৮	বন্যা	প্রায় ৬ কোটি	ঘর-বাড়ী, হাঁস-মুরগী, গরু-ছাগল, ফসল, গাছপালা, স্থাপনা
২০১১, ২০১২, ২০১৩	অতিবৃষ্টি ও বন্যা	প্রায় ২০ কোটি	গাছপালা, ল্যাট্রিন, ঘর-বাড়ী, ফসল, বীজতলা
প্রতি বছর	নদী ভাঙ্গন	প্রতি বছর গড়ে প্রায় ৮ কোটি	ঘর-বাড়ী, শিক্ষা প্রতিষ্ঠান, গাছপালা, ফসল, রাস্তাঘাট
প্রতি বছর	পাহাড়ী ঢল	প্রতি বছর গড়ে প্রায় ৬ কোটি	ঘর-বাড়ী, শিক্ষা প্রতিষ্ঠান, গাছপালা, ফসল
প্রতি বছর	কালবৈশাখী	প্রতি বছর গড়ে প্রায় ১২ লক্ষ	ঘর-বাড়ী, গাছপালা, ফসল
প্রতি বছর	বন্যহাতির আক্রমণ	প্রতি বছর গড়ে প্রায় ১ কোটি	ঘর-বাড়ী, গাছপালা, ফসল, প্রাণ

২.২ উপজেলার আপদ সমুহ

উপজেলাটি ভূ-প্রকৃতি ও অবস্থানগত কারণে প্রাকৃতিক ও মানব সৃষ্ট অসংখ্য আপদে ঝুঁকিপূর্ণ। বন্যা, নদী ভাঙ্গন, পাহাড়ী ঢল, ঘূর্ণিঝড়, বন্যহাতির আক্রমণ প্রভৃতি আপদে চরমভাবে আতংকগ্রস্ত থাকে উপজেলার সিংহভাগ মানুষ। প্রায় প্রতি বছর নদী ভাঙ্গনে ১১টি ইউনিয়নের প্রায় ৩০০ পরিবার বসতভিটা হারিয়ে নিঃস্ব হয়ে পড়ে এবং প্রায় ৮ হাজার মানুষ ভাঙ্গন আতংকে বসবাস করে। পাহাড়ী ঢল, বন্যহাতির আক্রমণ ও বন্যায় ব্যাপক ফসল হানির কবলে পড়ে উপজেলার প্রায় ১ লক্ষ কৃষক। নিম্নে উপজেলার আপদসমূহ তুলে ধরা হলো:

ক্রমিক নং	আপদ সমূহ	ক্রমিক নং	অগ্রাধিকার
১.	নদী ভাঙ্গন	১.	নদী ভাঙ্গন
২.	পাহাড়ী ঢল	২.	পাহাড়ী ঢল
৩.	বন্যা	৩.	বন্যা
৪.	জলাবদ্ধতা	৪.	জলাবদ্ধতা
৫.	সামুদ্রিক জলোচ্ছাস	৫.	সামুদ্রিক জলোচ্ছাস
৬.	লবণাক্ততা	৬.	লবণাক্ততা
৭.	টর্ণেডো/ ঘূর্ণিঝড়	৭.	টর্ণেডো/ ঘূর্ণিঝড়
৮.	শৈত্য প্রবাহ	৮.	পাহাড় ধ্বস
৯.	খরা	৯.	বন্যহাতির আক্রমণ
১০.	পাহাড় ধ্বস	১০.	শৈত্য প্রবাহ
১১.	বন্যহাতির আক্রমণ	১১.	খরা

অতীতে ঘটে যাওয়া এবং এলাকার জনগণের অভিজ্ঞতার আলোকে আপদের চিত্র



২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বিস্তারিত বর্ণনা ঃ

ঝড়, ঘূর্ণিঝড় ও বর্ষা মৌসুমে পাহাড়ী ঢল, নদী ভাঙ্গন, বন্যা, অতি বৃষ্টি রামু উপজেলার নিত্য নৈমিত্তিক আপদ। পাহাড় ধ্বস, লবণাক্ততার মত আপদও এখানে ঘটে থাকে। আগের চেয়ে ব্যাপক হারে বৃক্ষ নিধন, পাহাড় কাটার কারণে এসব আপদ ঘটে থাকে যা মাঝে মাঝে দুর্যোগে রূপ নেয়। এছাড়াও বন্য হাতির আক্রমণ, ম্যালেরিয়ায় আক্রান্ত, তামাক চাষ প্রভৃতি কারণে উপজেলাটি ঝুঁকিপূর্ণ। উপজেলার বিভিন্ন আপদের চিত্র তুলে ধরা হলো:

নদী ভাঙ্গনঃ

রামু উপজেলার কাউয়ারখোপ, ফতেখাঁরকুল, রাজারকুল, কচ্ছপিয়া, গর্জনিয়া ইউনিয়ন বাকখালী নদী দ্বারা পরিবেষ্টিত। এছাড়া ঈদগড়-ঈদগাঁ নদী ঈদগড় ইউনিয়ন, গোয়ালিয়াপালং নদী খুনিয়াপালং ইউনিয়ন, রামাইত্যা নদী রশিদনগর ইউনিয়নর ও দোছড়ি নদী কচ্ছপিয়ার ইউনিয়নের পাশ দিয়ে বয়ে যাওয়ায় পাহাড়ে অধিক বৃষ্টিপাত হলে নদীগুলোতে পাহাড়ী ঢলের সৃষ্টি হয়। সৃষ্ট ঢলের স্রোতে নদীর দু'কুল ভাঙ্গনের কবলে পড়ে। উপজেলার প্রায় সব ইউনিয়নে অবস্থিত বিভিন্ন ছড়া ও খালগুলোতেও ঢলের সৃষ্টি হয়। ফলে নদী ও খালের দুইপাড়ের কৃষি জমি, রাস্তাঘাট, ঘরবাড়ী নানাবিধ ক্ষতির সম্মুখীন হয়। সরকারীভাবে নদীতে ব্লক প্রোটেকশন, নদী ড্রেজিং করে নদীর গতিপথ পরিবর্তন না করা গেলে যোগাযোগ বন্ধ ও আবাসস্থল বিলীন হয়ে যাবে।

পাহাড়ী ঢলঃ

রামু উপজেলা পাহাড়ী এলাকা হওয়ায় অধিক বৃষ্টিপাত হলে পাহাড় থেকে নদীতে ঢলের সৃষ্টি হয়। পাহাড়ের পাদদেশের গ্রামগুলো পাহাড়ী ঢলের শিকার হয়ে থাকে। এতে তাদের ফসলের উৎপাদন ও স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত হয়। বাঁধ নির্মাণ ও বৃক্ষ রোপনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে ভবিষ্যতে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে।

বন্যা ও জলাবদ্ধতাঃ

ইউনিয়নের ৫০% ভূমি উঁচু ফলে দীর্ঘ মেয়াদী বন্যার সৃষ্টি হয় না। তবে পাহাড়ী ঢলের কারণে কিছু কিছু স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়। বাঁধ নির্মাণ ও বৃক্ষ রোপনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে ভবিষ্যতে ক্ষয়ক্ষতির মাত্রা কমে যাবে।

সাইক্লোন/ জলোচ্ছাস ঃ

উপকূলীয় অঞ্চলে সৃষ্ট নিম্নচাপ/ লঘুচাপ ও ঘূর্ণিঝড়ের প্রভাব কিছুটা এখানে এসে পড়ে। বিশেষ করে খুনিয়াপালং ইউনিয়নে উপর। সমুদ্র উপকূল থেকে দূরে বিধায় ক্ষয়ক্ষতির পরিমাণ কম। তবে ১৯৯১, ১৯৯৪, ১৯৯৭ সনের ঘূর্ণিঝড়ে বাজারের দোকান-পাট, ঘরবাড়ী বিধ্বস্ত হয় এবং ব্যাপক সম্পদের ক্ষয়ক্ষতি হয়। ভবিষ্যতে ২০০-২২০ কিঃ মিঃ গতিতে ঘূর্ণিঝড় সংঘটিত হলে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে। ঘূর্ণিঝড় ঘটার সম্ভাবনা দিন দিন বৃদ্ধি পাচ্ছে বলে এলাকার লোকজনের ধারণা।

শিলাবৃষ্টিঃ

ব্যাপক তাপমাত্রা বৃদ্ধি ও পরিবেশ বিপর্যয়ের কারণে বিগত কয়েক বছর শিলাবৃষ্টির পরিমাণ ঘন ঘন পরিলক্ষিত হচ্ছে। শিলা বৃষ্টির সময় শিলাপাতের হার ও আকার বড় দেখা যাচ্ছে। ফলে পিয়াঁজ, রবিশস্য ও অন্যান্য ফসলের ক্ষয়ক্ষতি হচ্ছে।

লবণাক্ততাঃ

খুনিয়াপালং, রশিদনগর, চাকমারকুল, দ: মিঠাছড়ি, জোয়ারিয়ানালা ইউনিয়ন সমুদ্র উপকূলবর্তী হওয়ায় বছরে ২/৩ মাস লবণাক্ততা সৃষ্টি হয়। বছরের বাকী সময় লবণাক্ততার প্রকট অনুভূত হয় না। গত ১৫ - ২০ বছরের মধ্যে উপজেলায় বৈধ বা অবৈধভাবে চিংড়ী ও লবণ চাষের প্রবণতা বৃদ্ধি পাওয়ায় এসব এলাকায় কৃষি জমি হূমকীর মধ্যে পড়ছে।

টর্নেডো/ ঘূর্নিঝড়ঃ

বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে কালভদ্রে টর্নেডো সংঘটিত হয়। তবে ব্যাপক টর্নেডো সংঘটনের কোন নির্ভরযোগ্য তথ্য পাওয়া যায়নি। দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা কালবৈশাখী/ টর্নেডো সহনীয় নয়। বড় আকারে টর্নেডো আঘাত হানলে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে।

পাহাড় ধ্বসঃ

বর্ষা মৌসুমে অধিক বৃষ্টিপাত হলে রামু উপজেলার প্রায় সব ইউনিয়নে ছোট বড় পাহাড় ধ্বসের ঘটনা ঘটে থাকে। পাহড়ের আশ পাশের মাটি ও গাছ অবাধে কেটে ফেলা, অবৈধভাবে পাহড়ের কোল ঘেষে বসতি স্থাপন করে বসবাস করা পাহাড় ধ্বসের অন্যতম কারণ। অবাধে ব্যাপকহারে মাটি ও গাছকাটা ও পাহাড়ের নীচে বসবাস

করার প্রবণতা বৃদ্ধি পেলে আরো বড় আকারে পাহার ধ্বসের ঘটনা ঘটবে বলে এলাকাবাসীর ধারণা। ভবিষ্যতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা না হলে ভুমি ধ্বসের ঘটনা ক্রমান্বয়ে বাড়তে থাকবে।

বন্যহাতির আক্রমণঃ

অতীতে হাতির অভয়ারণ্য ও বিচরণ ক্ষেত্র ছিল উপজেলার বিভিন্ন পাহাড় ও জংঙ্গলে। অধিক অর্থ প্রাপ্তির লোভে দিন দিন বৃক্ষনিধন ও পাহাড় কাটার ফলে হাতির আবাসস্থল ও খাদ্যসংকট দেখা দেয়। যার ফলে হাতি খাদ্যের সন্ধানে এলাকায় এসে ফসল ও ঘরবাড়ী নষ্টের পাশাপাশি মানুষের প্রাণহানীর ঘটনা ঘটাচ্ছে। এ অবস্থা থেকে উত্তোরণের উপায় বের করা না হলে ভবিষ্যতে ব্যাপক ক্ষয়ক্ষতি আশংকা রয়েছে।

শৈত্য প্রবাহঃ

বিগত ১০-১২ বছর আগে নির্দিষ্ট সময়ে শীতের আবির্ভাব হত এবং নির্দিষ্ট সময় পার করে চলে যেত। বর্তমানে এ ক্ষেত্রে তারতম্য দেখা যায়। ঋতু অনুযায়ী পৌষ-মাঘ শীতকাল, কিন্তু বিগত ২০০১ সাল থেকে শৈত্যপ্রবাহের ব্যাপক পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। ২০০৬ সালের পর থেকে পর্যায়ক্রমে ১৫-২০ দিন হাড় কাপানো শৈত্য প্রবাহ মানুষের জীবনযাত্রাকে অচল করে দেয়। ঘন কুয়াশা ও প্রচন্ড শীতের কারণে শীতকালীন সবজী ও রবিশস্যের উৎপাদন হ্রাস পাচ্ছে।

খরাঃ

মাঘ-বৈশাখ পর্যন্ত সেচের পানির অভাবে স্বল্প সময়ের জন্য সেচ ব্যাহত হয়। কিন্তু দেশের অন্যান্য জেলার মত খরা পরিলক্ষিত হয় না। তবে খাল-বিলের পানি শুকিয়ে যাওয়া এবং ভূ-গর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়ায় ফসল উৎপাদন কমে যাচ্ছে, জীব-বৈচিত্র্য হুমকির মুখে পড়ছে ও লোকজনের রোগব্যাধি বৃদ্ধি পাচ্ছে।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা

রামু উপজেলায় বড়-ছোট পাহাড় ও নদী- খালের আধিক্য এবং সমুদ্রের কাছাকাছি অবস্থানের কারণে জান মালসহ আর্থ-সামাজিক ও পরিবেশগত বিদ্যমান অবস্থাতে দুর্যোগে ক্ষয় ক্ষতির আশংকা দেখা দেয় এবং তা কোন কোন পর্যায়ে মোকাবেলা করার ক্ষেত্রে অসমর্থ হয়ে থাকে। পাশাপাশি উপজেলায় প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ প্রভৃতির সমন্বয়ে সৃষ্ট সামগ্রীক অবস্থা, স্থানীয় জনগণ, বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের বিদ্যমান সম্পদ ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থার সর্বোচ্চ মোকাবেলা করে দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করার ক্ষমতাও রয়েছে। উপজেলায় কোন কোন আপদে কি কি বিপদাপন্নতা ও সক্ষমতা রয়েছে তা তুলে ধরা হলো :

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
নদী ভাঙ্গন	- কৃষি জমি, ঘর-বাড়ি, রাস্তাঘাট, গাছপালা নদীর দুই পাড়ে হওয়ায় ব্যাপক ক্ষতি হয়ে থাকে; - নদী ভাঙ্গন প্রতিরোধে সিমেন্টের ব্লক/বালুর বস্তা ফেলার ক্ষেত্রে সরকারীভাবে বলিষ্ট উদ্যোগ গ্রহণের অভাব; - দূর্বল বেড়ীবাঁধ; - নদীর ধারে ব্যাপক বনায়ন না থাকা; - অবাধে প্যারাবন ও বৃক্ষ নিধন করা; - বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন বেড়ীবাঁধের প্রায় বিভিন্ন অংশ ভাঙ্গা ; - বেশ কিছু স্লুইচ গেট অকেজো হয়ে যাওয়া;	- নদীর পাড়ের কোন কোন স্থানে সিমেন্টের ব্লক দেওয়া আছে; - পর্যাপ্ত জায়গা আছে; - মাটি ভরাট করার সুযোগ আছে; - বেড়ীবাঁধ মজবুত করার সুযোগ আছে; - স্লুইচ গেট সংস্কার করার সুযোগ আছে; - নদী ভাঙ্গন রোধে সিমেন্টের ব্লক/বালুর বস্তা ফেলার ক্ষেত্রে সরকারীভাবে কার্যক্রম আছে; - ঘর-বাড়ি, রাস্তাঘাট, গাছপালা নদী পাড় থেকে দূরে করার সুযোগ আছে; - পাহাড় থাকায় জনগণ পাহাড়ে আশ্রয় নিতে পারে; - বৃক্ষ রোপণ করার সুযোগ আছে;
পাহাড়ী ঢল	- পাহাড় সংলগ্ন ফসলের জমি, ঘর-বাড়ি হওয়ায় ব্যাপক ক্ষতি হয়; - অবৈধভাবে ও অবাধে পাহাড় কেটে ফেলায় পানি সহজেই প্রবাহিত হয় ও নীচু এলাকা তলিয়ে যায়;	- পাহাড়ী ও উঁচু এলাকা হওয়ায় দ্রুত পানি নেমে যায়। - পাহাড়ী ছড়া সংস্কার করা যেতে পারে। - বাঁধ দিয়ে ফসলের জমি রক্ষা করা যেতে পারে; - মূলত অধিকাংশ কৃষক লবণ চাষ এর উপর নির্ভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে উঠতে পারে; - ইউপি এবং এনজিও যৌথ উদ্যোগে মাটি ভরাট কর্মসূচি;
বন্যা	- নদীর দুই পাড়ে কৃষি জমি হওয়ায় ফসলের ব্যাপক ক্ষতি হয়; - দূর্বল বেড়ীবাঁধ ও অধিকাংশ রাস্তাঘাট কাঁচা হওয়ায় যোগাযোগ ব্যবস্থা দ্রুত নষ্ট হয় এবং জনগণের চলাচল খুব কষ্ট হয়;	- বেড়ীবাঁধ মজবুত করার সুযোগ আছে; - বেড়ীবাঁধ ও রাস্তার দুই পাশে এবং বাড়ি ঘরের চারিদিকে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; - ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে;

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
	- ঘরবাড়ী নীচু এলাকা হওয়ায় ক্ষতিগ্রস্তের পরিমাণ বেশী; - খাবার পানির সংকট হয়; - বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন বেড়ীবাঁধের প্রায় বিভিন্ন অংশ ভাঙ্গা ; - বন্যার সময় শিশু, গর্ভবতী, প্রতিবন্ধী ও প্রবীণরা বেশী ঝুঁকিতে থাকে; - শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকে; - বেশ কিছু স্লুইচ গেট অকেজো হয়ে যাওয়ায়;	- বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনা ও টিউবওয়েল উঁচুতে স্থাপন করার সুযোগ আছে; - পাহাড় থাকায় জনগণ পাহাড়ে আশ্রয় নিতে পারে;
জলাবদ্ধতা	- নদী ও পাহাড়ের এলাকায় অবস্থান; - তুলনামূলক নীচু এলাকায় বাড়ি ঘর, টিউবওয়েল ও রাস্তাঘাট হওয়ায় ব্যাপক ক্ষতি হয়; - পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় পানি জমে থাকে; - জলাবদ্ধতায় শিশু, গর্ভবতী, প্রতিবন্ধী ও প্রবীণরা বেশী ঝুঁকিতে থাকে; - মশা, মাছি উপদ্রব ও পানিবাহিত রোগ বেড়ে যায়;	- বাড়ি ঘর ও টিউবওয়েল উঁচু জায়গায় বসানোর সুযোগ আছে; - মাটি ভরাট করার সুযোগ আছে; - সরকারীভাবে পানি নিষ্কাশন করার সুযোগ আছে; - ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে; - ইউপি এবং এনজিও যৌথ উদ্যোগে মাটি ভরাট কর্মসূচি;
সামুদ্রিক জলোচ্ছাস	- সমুদ্র থেকে দূরে হলেও এলাকায় কিছুটা প্রভাব পড়ে; - দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা হওয়ায় নানাবিধ ক্ষতি হয়;	- মাটি ভরাট ও উঁচু করার সুযোগ আছে; - বাড়ি ঘর ও প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো মজবুত করে বানানোর সুযোগ আছে; - রাস্তা ও খালসমূহের দুই পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; - ব্যাপক প্রচার প্রচারণা চালানো ও জনগণকে পূর্ব প্রস্তুতি নেয়ার ব্যাপারে সরকারী ও বেসরকারী কার্যক্রম আছে; - ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে;
লবণাক্ততা	- লবণাক্ততার মাত্রা বৃদ্ধি পাওয়ায় ফসলের ব্যাপক ক্ষতি হয় ও সুপেয় পানির অভাব দেখা দেয়; - চাহিদার তুলনায় কম ও দূর্বল বেড়ীবাঁধ হওয়ায় পানি অবাধে কৃষি জমি ও বসতি এলাকায় প্রবেশ করে; - কোন কোন এলাকায় অবৈধভাবে চিংড়ি ও লবণ চাষ করা;	- নতুন বেড়ীবাঁধ নির্মাণ করার সুযোগ আছে; - বেড়ীবাঁধ মজবুত করার সুযোগ আছে; - খালের দু'পাশে বনায়ন করা যাবে; - লবণ ও চিংড়ি চাষ নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করার সুযোগ আছে; - কৃষি অধিদপ্তরের পরামর্শক্রমে স্যালাইনিটি সহনীয় ধান এর চারা রোপণ করার ব্যাপারে কৃষকদের আগ্রহ ও চাহিদা বাড়ছে; - অধিকাংশ বাড়ীতে গভীর নলকূপের পানির ব্যবহার বৃদ্ধি পাচ্ছে ।
টর্ণেডো/ ঘূর্ণিঝড়	- দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা	- বাড়ি ঘর মজবুত করে নির্মাণ করার সুযোগ

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
	হওয়ায় নানাবিধ ক্ষতি হয়; - অবাধে পাহাড় ও গাছ কেটে ফেলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে;	আছে; - বাড়ি ঘরের আশে পাশে, রাস্তা ও খালসমূহের দুই পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; - ব্যাপক প্রচার প্রচারণা চালানো ও জনগণকে পূর্ব প্রস্তুতি নেয়ার ব্যাপারে সরকারী ও বেসরকারী কার্যক্রম আছে; - ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে;
পাহাড় কাটা	- কঠোর আইনী ব্যবস্থার প্রয়োগ না থাকায় অবৈধভাবে পাহাড় কাটার প্রবণতা বৃদ্ধি পেয়েছে; - প্রাকৃতিক পরিবেশ চরম বিপর্যয়ের মধ্যে পড়েছে। পাশাপাশি জীব-বৈচিত্র্য হুমকির মুখে পড়ছে ও লোকজনের রোগব্যাধি বৃদ্ধি পাচ্ছে;	- অবৈধভাবে পাহাড় কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে;
পাহাড় ধ্বস	- কঠোর আইনী ব্যবস্থার প্রয়োগ না থাকায় অবৈধভাবে পাহাড়ের গাছ কাটার প্রবণতা বৃদ্ধি পাওয়ায় মাটি দুর্বল হয়ে পড়েছে; - পাহড়ের কোল ঘেষে বসতি স্থাপনের প্রবণতা বৃদ্ধি পেয়েছে।	- অবৈধভাবে পাহাড়ে কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে;
বৃক্ষ নিধন	- কঠোর আইনী ব্যবস্থার প্রয়োগ না থাকায় অবৈধভাবে গাছ কাটার প্রবণতা বৃদ্ধি পেয়েছে; - প্রাকৃতিক পরিবেশ চরম বিপর্যয়ের মধ্যে পড়েছে; - জীব-বৈচিত্র্য হুমকির মুখে পড়ছে;	- বাড়ি ঘরের আশে পাশে, রাস্তা ও খালসমূহের দুই পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; - অবৈধভাবে গাছ নিধন নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে;
তামাক চাষ	- প্রাকৃতিক পরিবেশ চরম বিপর্যয়ের মধ্যে পড়েছে। পাশাপাশি জীব-বৈচিত্র্য হুমকির মুখে পড়ছে ও লোকজনের রোগব্যাধি বৃদ্ধি পাচ্ছে; - অধিক মুনাফার লোভে কৃষকেরা দিন দিন তামাক চাষের দিকে ঝুঁকে পড়ছে; - কৃষি উৎপাদনে জমির উর্বরা শক্তি ব্যাহত হচ্ছে; - তামাকের চাষের কারণে খাল/ছড়াগুলোতে মৎস্য প্রজনন নষ্ট হয়ে পরিবেশ নষ্ট হচ্ছে;	- তামাক চাষ নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে; - তামাক চাষের বিকল্প হিসেবে অন্যান্য চাষ যেমন: শাক-সব্জী, মৎস, ফসল চাষ করার সুযোগ আছে; - ইউপি-র উদ্যোগে কৃষি কর্মকর্তার সাথে তামাক চাষের ক্ষতিকর দিক নিয়ে আলোচনা করার সুযোগ আছে;
বন্য হাতির আক্রমণ	- অধিক অর্থ প্রাপ্তির লোভে দিন দিন বৃক্ষনিধন ও পাহাড় কাটার ফলে হাতির আবাসস্থল ও খাদ্যসংকট দেখা দেয়ায় হাতি খাদ্যের সন্ধানে এলাকায় এসে ফসল ও ঘরবাড়ী নষ্টের পাশাপাশি মানুষের প্রাণহানীর ঘটনা ঘটাচ্ছে;	- অবৈধভাবে গাছ ও পাহাড় কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে; - টং/মশাল এর মাধ্যমে কিছু কিছু স্থানে স্থানীয় পদ্ধতিতে হাতি তাড়ানোর ব্যবস্থা আছে;
ম্যালেরিয়ায়	- পাহাড়ী এলাকায় ঘর বাড়ি ও জীবিকার উৎস;	- বিশেষ করে এনজিওদের মাধ্যমে

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
আক্রান্ত	- জীবিকার জন্য এলাকার মানুষেরা বাঁশ এবং কাঠ কাটতে গেলে মশার আক্রমণে ম্যালেরিয়া রোগে স্বীকার হয়; - সঠিক চিকিৎসার অভাব;	ম্যালেরিয়া নিয়ন্ত্রণ বিষয়ক কার্যক্রম পরিচালনা করা হয় এবং পাশাপাশি মশারী বিতরণ করা হয়;

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা

রামু উপজেলার কোন কোন ইউনিয়ন কোন কোন আপদে বিপদাপন্ন, বিপদাপন্নতার কারণ ও বিপদাপন্ন জনসংখ্যার তথ্য তুলে ধরা হলো:

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
নদী ভাঙ্গন **বন্যা** **পাহাড়ী ঢল**	ফতেখাঁরকুল, ঈদগড়, গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ারখোপ, রাজারকূল, দক্ষিণ মিঠাছড়ি, জোয়ারিয়ানালা, রশিদনগর, খুনিয়া পালং, চাকমারকূল	- নদী ও পাহাড়ের কাছাকাছি এবং নীচু এলাকায় বাড়ি ঘর ও অন্যান্য স্থাপনার অবস্থান। - বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনার কাঠামো দুর্বল। - অবৈধভাবে নদী দুই ধার ও পাহাড়ের মাটি কাটা। - অনিয়মতান্ত্রিকভাবে পাহাড়সহ বিভিন্ন স্থানের বৃক্ষ নিধন বা গাছ কাটা - রাস্তা ও খালের দুই পাশে প্রয়োজনীয় সংখ্যক গাছ রোপণ না করা	১২০০০
জলাবদ্ধতা	কাউয়ার খোপ, কচ্ছপিয়া, ফতেখাঁরকুল, জোয়ারিয়া নালা, চাকমার কুলও দক্ষিণ মিঠা ছড়ি ইউনিয়ন।	- নীচু এলাকায় বাড়ি ঘর তৈরী ও টিউবওয়েল বসানো। - অনিয়মতান্ত্রিকভাবে বৃক্ষ নিধন, মাটি কাটা ও পাহাড় কাটা।	১০০০০
সামুদ্রিক জলোচ্ছ্বাস	খুনিয়াপালং ইউনিয়নের বৃহত্তর ৩নং ওয়ার্ডের ৯নং ব্লক বেশী ক্ষতিগ্রস্ত হবে। তবে রশিদরগর, চাকমারকুল, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নসমূহে ব্যাপক প্রভাব পড়বে।	- বঙ্গোপসাগর থেকে কিছুটা দূরে অবস্থান হলেও ব্যাপক প্রভাব পড়ে। - বাড়ি ঘরের কাঠামো দূর্বল ও অপরিকল্পিত। - অবৈধভাবে পাহাড় ও গাছ কাটা।	১২০০০
লবণাক্ততা	রশিদরগর, চাকমারকুল, জোয়ারিয়ানালা, দক্ষিণ মিঠাছড়ি ও খুনিয়াপালং ইউনিয়ন।	- জনবসতিপূর্ণ এলাকায় লবণ মাঠ বেড়ে যাওয়া। - খাস জমি অবৈধ দখল নিয়ে চিংড়ি ঘের তৈরী করা। - স্থানীয় পদ্বতিতে মাটি গর্ত করে লবণ সংরক্ষণ করা।	১০০০০

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
		- চিংড়ি চাষের জন্য লবণ পানি জমিয়ে রাখা ।	
টর্নেডো/ ঘূর্ণিঝড়	সমগ্র উপজেলা	- দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা/স্থাপনা । - অধিকাংশ বসতভিটা ও স্থাপনা টর্নেডো/ঘূর্ণিঝড় সহনীয় নয় ।	সমগ্র উপজেলার জনগণ
বন্য হাতির আক্রমণ	ঈদগড়, গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ার খোপ, রাজারকুল, জোয়ারিয়ানালা, রশিদ নগর ও খূনিয়া পালং ইউনিয়ন ।	- বন্যহাতির অভয়ারণ্য ও বিচরণ ক্ষেত্রে জনগণের অবাধ বিচরণ । - অধিক অর্থ প্রাপ্তির লোভে দিন দিন বৃক্ষনিধন ও পাহাড় কাটার ফলে হাতির আবাসস্থল ও খাদ্যসংকট দেখা দেয় । - খাদ্যসংকট দেখা দেয়ায় হাতি খাদ্যের সন্ধানে এলাকায় এসে ফসল ও ঘরবাড়ী নষ্টের পাশাপাশি মানুষের প্রাণহানীর ঘটনা ঘটাচ্ছে ।	৪০০০০
পাহাড় ধ্বস	ফতেখাঁরকুল, ঈদগড়, গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ারখোপ, রাজারকূল, দক্ষিণ মিঠাছড়ি, জোয়ারিয়ানালা, রশিদনগর, খুনিয়া পালং, চাকমারকূল ইউনিয়ন ।	- পাহাড়ের কোল ঘেষে বাড়ি ঘর ও অন্যান্য স্থাপনার অবস্থান । - বাড়ি ঘরের কাঠামো দূর্বল ও অপরিকল্পিত । - অবৈধভাবে পাহাড় ও গাছ কাটা ।	১১০০০
ম্যালেরিয়ায় আক্রান্ত	উপজেলায় ঈদগড়, গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ারখোপ, রাজারকুল, জোয়ারিয়ানালা, রশিদনগর, দক্ষিণ মিঠাছড়ি ও খূনিয়াপালং ইউনিয়ন ।	- জীবিকার জন্য এলাকার জনগণ বাঁশ ও কাঠ কাটতে বনে গেলে মশার কামড়/আক্রমণে ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয় । - সময়মত সঠিক চিকিৎসার অভাব	১৫০০০
তামাক চাষ	উপজেলার গর্জনিয়া, কাউয়ারখোপ, কচ্ছপিয়া ইউনিয়নে তামাক চাষ করার প্রবণতা বেশী ।	- অধিক মুনাফার লোভে কৃষকরা দিন দিন তামাক চাষে আগ্রহী হয়ে উঠছে । - তামাক কোম্পানী কর্তৃক সহজ শর্তে ঋণ প্রদান ।	৬০০০

সর্বাধিক বিপদাপন্ন এলাকার মানচিত্র



২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ

রামু উপজেলার উন্নয়ন পরিকল্পনার প্রধান প্রধান খাতসমূহ হলো কৃষি, অবকাঠামো, যোগাযোগ, স্বাস্থ্য, মানব সম্পদ, পরিবেশ, বনজ সম্পদ, মৎস্য। যেহেতু উপজেলাটি অন্যতম ঝুঁকিপ্রবণ এলাকা হওয়ায় উল্লেখিত খাতসমূহ নানান হুমকির সম্মুখীন হয়ে থাকে। এর ফলে উপজেলার উন্নয়ন কার্যক্রম বাঁধাগ্রস্ত হয়। উপজেলার উন্নয়ন কার্যক্রম টেকসই করতে হলে দুর্যোগ ঝুঁকি কমানোর কৌশল বাস্তবায়ন করে এসব খাতসমূহকে উন্নয়ন পরিকল্পনার আওতায় আনতে হবে।

খাতসমূহের বিস্তারিত বর্ণনাঃ

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
কৃষি	- উপজেলায় প্রতিবছর বর্ষা মৌসুমে কৃষি ফসল ও শস্য উৎপাদন কম হয়ে থাকে। প্রতিবছর নদী ভাঙ্গনে প্রায় ১৭০০ একর জমির প্রায় ৩০% ফসল এবং পাহাড়ী ঢলের স্রোতে উপজেলার প্রায় ৮০০০ একর জমির প্রায় ৪০% ফসল নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা আছে। - উপজেলার কাউয়ারখোপ, রশিদনগর, কচ্ছপিয়া, ফতেখাঁরকুল, জোয়ারিয়ানালা, চাকমারকুল, রাজারকুল ও দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নে বর্ষা মৌসুমে নিচু এলাকায় জলাবদ্ধতা হয়ে প্রায় ১১০০ একর জমির ৩০% ফসল নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা আছে। - উপজেলার ঈদগড়, গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ারখোপ, রাজারকুল, জোয়ারিয়ানালা, রশিদনগর, দক্ষিণ মিঠাছড়ি ও খুনিয়াপালং ইউনিয়নে বন্য হাতির আক্রমণে প্রায় ৩৪০০ একর জমির ৪০% ফসল নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা আছে। - উপজেলার গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ারখোপ ইউনিয়নে অনিয়মতান্ত্রিকভাবে তামাক চাষ করার ফলে প্রায় ৮০০ একর জমি অনাবাদি হয়ে যাওয়ার সম্ভাবনা আছে। - উপজেলার রশিদনগর, চাকমারকুল, ফতেখাঁরকুল, জোয়ারিয়ানালা ইউনিয়নে বিভিন্ন খাল দিয়ে লবণ পানি প্রবাহিত হয়ে প্রায় ১০০০ একর জমির ৩০% ফসল ও ২০% সব্জি ক্ষেত সম্পূর্ণ বিনষ্ট যাওয়ার সম্ভাবনা আছে। - উপজেলার খুনিয়াপালং ইউনিয়নের বৃহত্তর ৩নং ওয়ার্ডের ৯নং ব্লক বঙ্গোপসাগরের পাশে হওয়ায় সামদ্রিক জলোচ্ছাস হলে এলাকার প্রায় ৭০ একর	- বেড়ীবাঁধ মজবুত করা। - পাহাড়ী ছড়া সংস্কারের মাধ্যমে ঢলের পানি থেকে ফসল রক্ষা পেতে পারে। - বেড়ীবাঁধ মজবুত করার মাধ্যমে জলাবদ্ধতা নিরসন করার উদ্যোগ নিতে হবে। - সরকারের কৃষি বিভাগ কর্তৃক জলাবদ্ধ এলাকায় বিকল্প ফসল ফলানোর উদ্যোগ নেয়া যেতে পারে। - ঢলের পানি নদীতে বা খালে পতিত করার ব্যবস্থা করা। - ছড়া বা খালের গভীরতা সৃষ্টি করা। - স্থানীয় সরকার ও সংশ্লিষ্ট দপ্তরের সমন্বয়ে খাল খনন এর উদ্যোগ গ্রহণ করা। হাতির অভয়ারণ্য সৃষ্টি করে বন্যহাতির আক্রমণ থেকে ফসল রক্ষা পেতে পারে।

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
	জমির কৃষি ফসল সম্পূর্ণরূপে নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা আছে। - উপজেলায় ২০০ থেকে ২২০ কি:মি: বেগে ঘূর্ণিঝড় সংগঠিত হলে প্রায় ৬০% ফসলের ক্ষেত ধংস হয়ে যেতে পারে।	
শিক্ষা	- ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় হলে ছাত্র ছাত্রীর পড়ালেখা সাময়িক বন্ধ হতে পারে/শিক্ষা ব্যবস্থার ৩০% ক্ষতি হতে পারে। অনেক ছাত্র ছাত্রীর লেখাপড়া সাময়িক ভাবে বন্ধ থাকতে পারে। - ১৯৯৮ সালের মতো বন্যা হলে বিভিন্ন ইউনিয়নের কয়েক হাজার শিশুর পড়ালেখা সাময়িক ভাবে বন্ধ হয়ে যেতে পারে । - বিগত বছরগুলোর ন্যায় জলাবদ্ধতা থাকলে গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ারখোপ চাকমারকূল, ফতেখাঁরকূল, জোয়ারিয়ানালা ইউনিয়নের অনেক ছাত্র ছাত্রীর সাময়িক ভাবে প্রতিষ্ঠানে যাওয়া ও পড়া লেখা বন্ধ হতে পারে।	- শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন স্থাপনাসমূহ উপকূল হতে দূরে ও উঁচু স্থানে মজবুতভাবে নির্মাণ করা। - প্রয়োজনীয় সংখ্যক বেড়িবাঁধ নির্মাণ করা। - খালসমূহ খনন করা। - রাস্তা ও বেড়িবাঁধ উঁচু করা। - গাইড ওয়াল দেয়া। - প্রয়োজনীয় সংখ্যক ব্রীজ ও কালভার্ট নির্মাণ করা।
অবকাঠামো	- উপজেলায় নদী ভাঙ্গনে প্রায় ৬০০টি বাঁশ/ কাঠ, ৪০০টি কাঁচা ঘরসহ বিভিন্ন স্থাপনা নদী গর্ভে বিলীন হয়ে যেতে পারে। - উপজেলায় পাহাড়ী ঢলের স্রোতে প্রতি বছর বর্ষা মৌসুমে প্রায় ৮০০ - ৯০০টি বাঁশ/কাঠ ও ৪০০-৬০০টি কাঁচা ঘরসহ বিভিন্ন স্থাপনা ধ্বংস হয়ে যেতে পরে। - উপজেলার ঈদগড়, গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ারখোপ, রাজারকুল, জোয়ারিয়ানালা, রশিদনগর, দক্ষিণ মিঠাছড়ি ও খুনিয়াপালং ইউনিয়নে বন্য হাতির আক্রমণে প্রায় ৫০০-৭০০টি বাঁশ/কাঠ ও ৩০০ - ৫০০টি কাঁচা ঘরসহ বিভিন্ন স্থাপনা ধ্বংস হয়ে যেতে পারে।	- ঘূর্ণিঝড় সহনীয় ঘর-বাড়ী নির্মাণ ও সংস্কার করা। - বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনা নদী হতে দূরে ও উঁচু স্থানে মজবুতভাবে নির্মাণ করা। - আবহাওয়া সম্পর্কে জনগণকে সচেতন করা ও তাদের সক্ষমতা বাড়াতে সহায়তা করা। - বেড়িবাধ নির্মাণ ও সংস্কার করা। - বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনার চারিদিকে, রাস্তা ও খালসমূহের দুই ধারে বৃক্ষ রোপণ করা। - পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা।

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
	- উপজেলার খুনিয়াপালং ইউনিয়নের বৃহত্তর ৩নং ওয়ার্ডের ৯নং ব্লক বঙ্গোপসাগরের পাশে হওয়ায় সামদ্রিক জলোচ্ছ্বাস হলে এলাকার প্রায়১০০-২০০টি বাঁশ/কাঠ ও ২০০- ৩০০টির মত কাঁচা ঘরসহ বিভিন্ন স্থাপনা ধ্বংস হয়ে যেতে পারে । - উপজেলায় ২০০ থেকে ২২০ কি:মি: বেগে ঘূর্ণিঝড় সংগঠিত হলে প্রায় ৫০% কাচাঁ ঘর বাড়ি ও ১০% আধা পাকা ঘর ধ্বংস হয়ে যেতে পারে ।	
পশু সম্পদ	- পশুর ঘরগুলে নীচু জায়গায় ও ঘরের কাঠামো দুর্বল হওয়ায় উপজেলায় বিগত বছরগুলোর ন্যায় বন্যা, নদী ভাঙ্গন, ঘূর্ণিঝড়, পাহাড়ী ঢলে অনেক পশু মারা যেতে ও পঙ্গু হতে পারে ।	- গবাদি পশু ও পাখির আবাস স্থান উপকূল হতে দূরে ও উঁচু স্থানে মজবুতভাবে করা । - বেড়িবাধ নির্মাণ করা ও মেরামত করা । - পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা
যোগাযোগ	- রামু উপজেলায় প্রতি বছর বর্ষা মৌসুমে নদী ভাঙ্গনে প্রায় ৮০-১০০ কি:মি: কাচাঁ ও পাকা রাস্তা নদী গর্ভে বিলীন হয়ে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যেতে পারে । - উপজেলায় প্রতি বছর বর্ষা মৌসুমে পাহাড়ী ঢলের কারণে প্রায় ৭০ কি:মি: রাস্তা ভেঙ্গে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যেতে পারে । - উপজেলার ফতেখাঁরকুল ইউনিয়নের বৃহত্তর ৩নং ওয়ার্ডের জলাবদ্ধতার ফলে ফারিরকুল গ্রামে ১.৫ কি:মি: পাকা রাস্তা, ২৫ কি:মি: কাচাঁ রাস্তা চলাচল অনুপযোগী হয়ে যেতে পারে । - জোয়ারিয়ানালা ইউনিয়নের বৃহত্তর ৩নং ওয়ার্ডের পূর্ব জোয়ারিয়ানালা এলাকায় বর্ষা মৌসুমে পানি নিস্কাশনের ব্যাবস্থা না থাকায় প্রতি বছর জলাবদ্ধতা হয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যেতে পারে ।	- রাস্তা উঁচু করা ও গাইড ওয়াল দেয়া । - প্রয়োজনীয় কালভার্ট ও ব্রীজ নির্মাণ করা । - পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা ।

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
স্বাস্থ্য	- রামু উপজেলায় পর্যাপ্ত নলকূপ না থাকায় ডায়রিয়া, আমাশয়, কলেরাসহ বিভিন্ন পানি বাহিত রোগ দেখা দিতে পারে । - উপজেলার খুনিয়াপালং, দক্ষিণ মিঠাছড়ি, চাকমারকুল ও রশিদনগর ইউনিয়নে লবণাক্ততা থাকলে পানীয় জলের অভাবে নানাবিধ রোগ বালাই দেখা দিবে । - উপজেলার কাউয়ারখোপ, খুনিয়াপালং, কচ্ছপিয়া, রশিদনগর ইউনিয়নে দূর্গম পাহাড়ী এলাকায় ম্যালেরিয়াজনিত কারণে প্রায় ৪০% লোক স্বাস্থ্যহানী ও ০.৫% লোকের মৃত্যুর ঝুঁকি রয়েছে । - উপজেলার কাউয়ারখোপ, ফতেখারকুল, চাকমারকুল, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নে জলাদ্ধতার কারণে পানি দূষণ হয়ে ৩০% লোক ডায়রিয়া, আমাশয়, টাইফয়েড ও চর্ম রোগে আক্রান্ত হতে পারে । - ঈদগড়, গর্জনিয়া, কচ্ছপিয়া, কাউয়ারখোপ, রাজারকুল, জোয়ারিয়ানালা, রশিদনগর, দক্ষিণ মিঠাছড়ি ও খুনিয়াপালং ইউনিয়নে বন্য হাতির আক্রমণে প্রায় ২% লোক পঙ্গু ও ০.৫% লোকের মৃত্যুর ঝুঁকি রয়েছে ।	- স্যানিটেশন, ম্যালেরিয়া ও বন্য হাতির আক্রমণ বিষয়ে সচেতনতা বাড়ানো । - দুর্যোগ ঝুঁকি হ্রাস করার জন্য ব্যাপক প্রস্তুতিমূলক কার্যক্রম পরিচালনা করা । - পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা ।
পরিবেশ	- উপজেলায় ব্যপকভাবে বৃক্ষ নিধনের কারণে প্রায় ৬০% বনজ সম্পদ ধ্বংস হয়ে যেতে পারে । - অবৈধভাবে বৃক্ষনিধন, পাহাড় কাটা ও তামাক চাষ করলে মারাত্নক পরিবেশ বিপর্যয় হতে পারে । - বিগত বছরগুলোর মতো খুনিয়াপালং, দক্ষিণ মিঠাছড়ি, চাকমারকুল ও রশিদনগর ইউনিয়নে লবণাক্ততা চলতে থাকলে এলাকায় প্রতি বছর ফলজ গাছে ফলন কম এবং বিভিন্ন প্রজাতির গাছ প্রায় বিলুপ্ত হয়ে যেতে পারে ।	- রাস্তা ও বেড়ী বাঁধের দুই পাশে বৃক্ষ রোপণ করা । - বাড়ির আশে পাশে বৃক্ষরোপণ করার জন্য জনগণকে উৎসাহিত করা । - পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা । - অবৈধভাবে গাছ কাটা ও তামাক চাষ নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা ।

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
বনজ সম্পদ	- ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় হলে রামু উপজেলার অধিকাংশ গাছ-পালা ভেঙ্গে বা আংশিক নষ্ট হয়ে গিয়ে কয়েক শত কোটি টাকার ক্ষতি হতে পারে। - ১৯৯৮ সালের মতো বন্যা হলে অনেক গাছপালা মরে গিয়ে কয়েক কোটি টাকার ক্ষতি হতে পারে। - বিগত ৪/৫ বছরের মতো খুনিয়াপালং, দক্ষিণ মিঠাছড়ি, চাকমারকুল ও রশিদনগর ইউনিয়নে লবণাক্ততা চলতে থাকলে এলাকায় প্রতি বছর ফলজ গাছে ফলন কমে এবং বিভিন্ন প্রজাতির গাছ বিলুপ্ত হয়ে যেতে পারে। - নদী ভাঙ্গনের ফলে এলাকার অনেক গাছ ভেঙ্গে গিয়ে আনুমানিক ২৫-৩০ লক্ষ টাকার ক্ষতি হতে পারে। - প্রতি বছরের ন্যায় পাহাড় ধ্বস বা পাহাড়ী ঢল হলে বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন প্রজাতির গাছপালা বিলুপ্ত হয়ে প্রায় ৩০০ কোটি টাকার ক্ষতি হতে পারে। - প্রতি বছরের ন্যায় টর্নেডো হলে উপজেলার কয়েক লক্ষ গাছপালা ভেঙ্গে গিয়ে কয়েক কোটি টাকার ক্ষতি হতে পারে।	- রাস্তা ও বেড়ী বাঁধের দুই পাশে বৃক্ষ রোপণ করা। - বাড়ির আশে পাশে বৃক্ষ রোপণ করার জন্য জনগণকে উৎসাহিত করা। - প্যারাবন সৃষ্টি করা। - পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা। - অবৈধভাবে গাছ কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা।
মৎস্য	- উপজেলার গর্জনিয়া ও কচ্ছপিয়া ইউনিয়নে ব্যাপক তামাক চাষে বিষ প্রয়োগের বর্জ্য পানি বিভিন্ন নদী ও খালে পতিত হয়ে মৎস্য শুন্য হয়ে যেতে পারে। - উপজেলার চাকমারকুল ও জোয়ারিয়ানালা ইউনিয়নে বাকখালি নদী ও সোনাইছড়ি খাল দিয়ে প্রবাহিত পাহাড়ী ঢলে প্রায় ৫০টি ঘেরের ছোট বড় বিভিন্ন প্রজাতির মাছ ভেসে যেতে পারে। - উপজেলার চাকমারকুল ইউনিয়নের বৃহত্তর ২নং ওয়ার্ডের ৬নং ব্লকে পূর্ব মোহাম্মদপুরা নয়াপাড়া গ্রামে লবণ পানির কারণে ১২টি মাছের ঘেরের বিভিন্ন প্রজাতির মাছ ও বাগদা চিংড়ি ভেসে যেতে পারে। - বিগত ৪/৫ বছরের মতো খুনিয়াপালং, দক্ষিণ মিঠাছড়ি, চাকমারকুল ও রশিদনগর ইউনিয়নে লবণাক্ততা চলতে থাকলে এলাকার নদী/খাল/ পুকুরগুলোতে মিঠা পানির মাছ বিলুপ্ত হয়ে যেতে পারে।	- মাছ ধরা বোট ও জাল রক্ষা করার জন্য দুর্যোগ সহনশীল ও মজবুত স্থাপনা নির্মাণ করে বোট ও জাল রক্ষা করা ও মৎস্য উৎপাদনকে তরান্বিত করা। - পুকুরের পাড় উঁচুকরণ এবং পুকুর সংস্কার করা। - নদী/সাগর পাড়ের কম পক্ষে ১ কিলোমিটার দূরে বিহিঙ্গি জাল পাতা। - লবণ চাষ নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা।

২.৭ সামাজিক মানচিত্র



২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র



২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি

ক্রম	আপদ	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবন	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১	নদী ভাঙ্গন												
২	বন্যা												
৩	পাহাড়ী ঢল												
৪	জলাবদ্ধতা												
৫	পাহাড় ধ্বস												
৬	ঘূর্ণিঝড়												
৭	বন্যহাতির আক্রমণ												
৮	লবণাক্ততা												
৯	সামুদ্রিক জলোচ্ছাস												

আপদের মৌসুমী দিনপঞ্জি বিশ্লেষণ

উপরে উল্লেখিত আপদগুলো রামু উপজেলার প্রায় সব ইউনিয়নে সারা বছর কোন না কোন মাসে ঘটে থাকে। কোন্ মাসে কোন্ আপদ ঘটার সম্ভাবনা থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপঞ্জিতে দেখানো হয়েছে। বিভিন্ন ইউনিয়নের অংশগ্রহণকারীদের সাথে এফজিডি'র মাধ্যমে আলোচনার মাধ্যামে জানা যায়:

- এই এলাকায় **নদী ভাঙ্গন ও পাহাড়ী ঢল** হলো অন্যতম আপদ। কাউয়ারখোপ, ফতেখাঁরকুল, রাজারকুল, কচ্ছপিয়া, গর্জনিয়া ইউনিয়ন বাকখালী নদী দ্বারা পরিবেষ্টিত। ঈদগড়-ঈদগাঁ নদী ঈদগড় ইউনিয়ন, গোয়ালিয়াপালং নদী খুনিয়াপালং ইউনিয়ন, রামাইত্যা নদী রশিদনগর ইউনিয়নর ও দোছড়ি নদী কচ্ছপিয়ার ইউনিয়নের পাশ দিয়ে বয়ে যাওয়ায় পাহাড়ে অধিক বৃষ্টিপাত হলে নদীগুলোতে পাহাড়ী ঢলের সৃষ্টি হয়। সৃষ্ট ঢলের স্রোতে নদীর দু'কুল ভাঙ্গনের কবলে পড়ে। পারস্পারিক সম্পর্কযুক্ত এই আপদ ২টি সাধারণত: আষার থেকে আশ্বিন মাসের মধ্যে ঘটে থাকে। এতে ঐসব এলাকার ফসলের উৎপাদন ও স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত হয়।

- **বন্যা ও জলাবদ্ধতা** এই উপজেলার জন্য একটি আপদ হলেও, বড় আকার ধারণ করেনা। উপজেলার প্রায় সবগুলো ইউনিয়নের ৫০% ভূমি উঁচু ফলে দীর্ঘ মেয়াদী বন্যার সৃষ্টি হয় না। তবে পাহাড়ী ঢলের কারণে কিছু কিছু স্থানে স্বল্পকালীন জলাবদ্ধতা সৃষ্টি হয়। সাধারণত: আষার থেকে আশ্বিন মাসের মধ্যে ঘটে থাকে।

- **পাহাড় ধ্বস** এই উপজেলার জন্য আর একটি আপদ। উপজেলাটি পাহাড়ী এলাকার কারণে বিশেষ করে আষার থেকে আশ্বিন মাসে অধিক বৃষ্টিপাত ও পাহাড়ী ঢলের মাত্রা বেশী হলে পাহাড় ধ্বসের ঘটনা ঘটে থাকে।

- **টর্নেডো/ ঘূর্ণিঝড়**ও আর একটি মারাত্মক আপদ। ঘূর্ণিঝড় এই এলাকার ঘরবাড়ি, যোগাযোগ ব্যবস্থা ও গাছপালা, মাছের ঘের ও ফসলসহ সম্পদের ব্যাপক ক্ষতি করে। এটি সাধারণত: বৈশাখ ও জৈষ্ঠ্য মাস, কার্তিক ও অগ্রাহায়ন এবং চৈত্র মাসে ঘটে থাকে।

- উপজেলার আর একটি আপদ হচ্ছে **বন্য হাতির আক্রমণ**। অধিক অর্থ প্রাপ্তির লোভে দিন দিন বৃক্ষনিধন ও পাহাড় কাটার ফলে হাতির আবাসস্থল ও খাদ্য সংকট দেখা দেয়। যার ফলে হাতি খাদ্যের সন্ধানে এলাকায় এসে ফসল ও ঘরবাড়ী নষ্টের পাশাপাশি মানুষের প্রাণহানীর ঘটনা ঘটাচ্ছে।

- এই উপজেলার বিশেষ করে ৩টি ইউনিয়নের জন্য আরেকটি আপদ হলো **লবণাক্ততা**। রশিদনগর, চাকমারকুল, জোয়ারিয়ানালা ইউনিয়ন সমুদ্র উপকূলবর্তী হওয়ায় বছরে বর্ষা মৌসুমে আষাঢ়, শ্রাবণ ও আশ্বিন মাসে লবণাক্ততা সৃষ্টি হয়। বছরের বাকী সময় লবণাক্ততা অনুভূত হয় না।

- এই উপজেলার বিশেষ করে খুনিয়াপালং, দ: মিঠাছড়ি, চাকমারকুল ইউনিয়নের মারাত্মক ভয়ঙ্কর ও আতংকের আপদ হলো **সাইক্লোন/ সামুদ্রিক জলোচ্ছ্বাস**। ১৯৭০ সাল হতে এ পর্যন্ত ৭০টির মত ছোট বড় সাইক্লোন/ সামুদ্রিক জলোচ্ছ্বাসের শিকার হয়েছে এ উপজেলার মানুষ। এর ফলে লক্ষ লক্ষ মানুষের প্রাণহানি ঘটেছে, গবাদী পশু পাখিও মারা গেছে এবং বিভিন্ন স্থাপনাসহ বিভিন্ন সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এই আপদ সাধারণত: বৈশাখ, জৈষ্ঠ্য ভাদ্র থেকে অগ্রাহায়ন মাসের ঘটে থাকে। সাইক্লোন ঘটার প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে বলে এলাকার লোকজনের ধারণা।

২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি

উপজেলার জীবিকার উৎসগুলো হলো: কৃষিকাজ, ক্ষুদ্রব্যবসা, রাজমিস্ত্রী, কাঠমিস্ত্রী, জুম চাষ, দিনমজুর, দর্জি, চাকুরী প্রভৃতি । এলাকার বিভিন্ন শ্রেণী পেশার জনগণের মতামত অনুযায়ী পেশাগুলো চিহ্নিত করা হয় ।

জীবিকার মৌসুমী দিনপঞ্জি

ক্রমিক নং	জীবিকার উৎস	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবন	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১	কৃষি												
২	ক্ষুদ্র ব্যবসা												
৩	রাজমিস্ত্রী												
৪	কাঠমিস্ত্রী												
৫	জুমচাষ												
৬	চাকুরী												
৭	দর্জি												
৮	দিনমজুর												
৯	চিংড়ি চাষ												
১০	লবণ চাষ												

কৃষিকাজ ঃ ৫৫%, ক্ষুদ্র ব্যবসাঃ ১০%, দিনমজুরঃ ২০%, চাকুরীঃ ৫%, মৎস্যচাষী ঃ ৫% এবং অন্যান্য পেশাজীবিঃ ৫% ।

২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা

নানামুখী দুর্যোগের কারণে রামু উপজেলার উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। বিন্যস্ত হচ্ছে না কৃষি, শিল্প, অবকাঠামো, স্বাস্থ্য, মৎস্য, শিক্ষা, মানবসম্পদসহ বিভিন্ন জীবিকাসমূহ। বিদ্যমান এবং ক্রমবর্ধমান ঝুঁকি বা দুর্যোগ সংঘটিত হওয়ায় বিভিন্ন জীবিকাসমূহ দারুনভাবে বিপদাপন্ন। কোন জীবিকা কোন কোন দুর্যোগে বিপদাপন্ন ও ক্ষতিগ্রস্ত হয় তা নিম্নের টেবিলের মাধ্যমে তুলে ধরা হলো:

ক্রমিক নং	জীবিকাসমূহ	আপদ/ দুর্যোগসমূহ											
		নদী ভাঙ্গন	বন্যা	পাহাড়ী ঢল	জলোচ্ছ্বাস	জলাবদ্ধতা	টর্নেডো / ঘূর্ণিঝড়	পাহাড় কাটা ও ধ্বস	বন্য হাতির আক্রমণ	বৃক্ষ নিধন	লবণাক্ততা	তামাক চাষ	ম্যালে-রিয়া
১	কৃষি	■	■	■	■	■	■	■	■		■	■	
২	মৎস্য	■	■	■	■	■	■				■	■	
৪	স্বাস্থ্য	■	■		■		■	■	■	■	■	■	■
৫	শিক্ষা	■	■	■	■	■	■						
৬	পরিবেশ	■	■	■	■	■	■	■		■	■	■	
৭	অর্থনৈতিক	■	■	■	■	■	■		■	■	■		■
৮	অবকাঠামো	■	■	■	■	■	■						
৯	যোগাযোগ	■	■	■	■	■	■						
১০	মানবসম্পদ	■	■		■		■	■	■		■	■	■

২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনা

প্রায় সারা বছর সংঘটিত কোন না দুর্যোগের কারণে রামু উপজেলার উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। বিন্যস্ত হচ্ছে না কৃষি, শিল্প, শিক্ষা, অবকাঠামো, স্বাস্থ্য, মৎস্য, মানবসম্পদ প্রভৃতি খাতসমূহ। বিদ্যমান এবং ক্রমবর্ধমান ঝুঁকির মধ্যে অবস্থান অথবা কোন না কোন দুর্যোগ সংঘটিত হওয়ায় বিভিন্ন খাত, উপখাত সমাজের বিদ্যমান উপাদানসমূহ প্রাকৃতিক সম্পদ এবং বিভিন্ন এলাকা দারুণভাবে ঝুঁকিপূর্ণ। কোন্ কোন্ আপদ বা দুর্যোগে কোন্ কোন্ খাত বা উপাদানসমূহ ঝুঁকিপূর্ণ/ বিপদাপন্ন তা তুলে ধরা হলো:

আপদসমূহ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ													
	ঘরবাড়ী	রাস্তাঘাট	গাছপালা	ফসল	পরিবেশ	হাঁস মুরগী	গরু ছাগল	খাবার পানি	হাট বাজার	নদ-নদী	মৎস্য	স্বাস্থ্য	শিক্ষা	আশ্রয়কেন্দ্র
নদী ভাঙ্গন	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
বন্যা	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
পাহাড়ী ঢল	■	■		■							■			
পাহাড় ধ্বস	■		■		■							■		
জলাবদ্ধতা	■	■		■				■			■			
টর্ণেডো/ ঘূর্ণিঝড়	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
জলোচ্ছ্বাস	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
বন্যহাতির আক্রমণ			■	■								■		
বৃক্ষনিধন			■		■							■		
লবণাক্ততা				■							■	■		
তামাক চাষ			■		■							■		

ম্যালেরিয়া												■		

প্রতিটি খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনার বিপদাপন্নতার বিস্তারিত বর্ণনাঃ

ভৌগলিক ও অবস্থানগত কারণে রামু উপজেলা দুর্যোগপ্রবণ হওয়ায় এখানকার প্রতিটি খাত, প্রতিষ্ঠান ও স্থাপনা বিভিন্ন আপদে দুর্যোগ ঝুঁকির মধ্যে থাকে এবং কোন না কোনভাবে বিপদাপন্ন । এগুলো কেন বিপদাপন্ন এবং কি করলে বিপদাপন্নতা কমে আসবে তা খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহের আলোকে নিম্নে তুলে ধরা হলো:

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
ঘরবাড়ী ও বিভিন্ন প্রতিষ্ঠান	- নদীর কাছাকাছি ও তুলনামূলক নীচু এলাকায় বসতভিটাসহ বিভিন্ন প্রতিষ্ঠানের অবস্থান । - অপরিকল্পিত বসতভিটা এবং দূর্বল অবকাঠামো ।	- বসতভিটাসহ সকল প্রতিষ্ঠানের অবস্থান নদী হতে দূরে করতে হবে । - মাটি ভরাট করে বসতভিটাসহ সকল স্থাপনা উঁচু করতে হবে । - ঘরবাড়িসহ সকল স্থাপনার কাঠামো মজবুত করতে হবে । - ঘর বাড়ি ও বিভিন্ন প্রতিষ্ঠানের চারপাশে বেশী বৃক্ষরোপণ করতে হবে ।
রাস্তাঘাট	- নদীর কাছাকাছি ও তুলণামূলক নীচু এলাকায় রাস্তার অবস্থান । - অপরিকল্পিত ও দূর্বল উপকরণ ব্যবহার - নিয়মিত সংস্কার না করা । - অবাধে গাছ কেটে রাস্তার পাড় দুর্বল করে ফেলা । - প্রয়োজনীয় ব্রীজ বা কালভার্ট না থাকা ।	- মাটি ভরাট করে রাস্তা তুলণামূলক উঁচু করতে হবে । - চাহিদা অনুযায়ী উপকরণ ব্যবহার করতে হবে । - নিয়মিত সংস্কার করার উদ্যোগ গ্রহণ করতে হবে । - রাস্তার দুই পাশে বেশী বেশী গাছ লাগানো ও বনায়ন করতে হবে । - রাস্তা, বেড়ীবাঁধ এর দুই পাশে বেশী বেশী বৃক্ষ রোপণ করতে হবে । - জনগণকে গাছ লাগাতে উৎসাহিত করতে হবে । - প্রয়োজনীয় স্থানে ব্রীজ বা কালভার্ট নির্মাণ করতে হবে ।
গাছপালা	- নদীর কাছাকাছি ও তুলণামূলক নীচু এলাকায় গাছ লাগানো ।	- অবৈধভাবে গাছ কাটা নিয়ন্ত্রণ করার জন্য কঠোরভাবে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
	- প্রয়োজনীয় গাছ রোপণ না করে অবাধে গাছ কেটে ফেলা । - অবৈধভাবে চিংড়ি ও লবণ চাষের জন্য লবণাক্ত পানি গাছের গোড়ায় প্রবেশ করা । - অবৈধভাবে পাহাড় কাটা ।	হবে । - বাড়ির আশে পাশে, রাস্তা, বেড়ীবাঁধ ও খালের দুই পাশে বেশী বেশী বৃক্ষরোপণ করতে হবে । - গাছ লাগাতে জনগণকে উৎসাহিত করতে হবে । - লবণ ও চিংড়ি চাষ নিয়মতান্ত্রিকভাবে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
ফসল	- নদীর কাছাকাছি ও তুলণামূলক নীচু এলাকায় ফসলী জমির অবস্থান । - প্রয়োজনীয় বেড়ী বাঁধ না থাকা । - সময়মত বেড়ীবাঁধ সংস্কার না করা । - অবৈধভাবে চিংড়ি ও লবণ চাষ করার ফলে লবণাক্ত পানি ফসলের জমিতে প্রবেশ করা ।	- প্রয়োজনীয় বেড়ীবাঁধ নির্মাণ করতে হবে । - ক্ষতিগ্রস্থ বেড়ীবাঁধগুলো দ্রুত সংস্কার করতে হবে । - লবণ ও চিংড়ি চাষ নিয়মতান্ত্রিকভাবে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
হাঁস-মুরগী ও গবাদী পশু	- তুলণামূলক নীচু এলাকায় হাঁস-মুরগী ও গবাদী পশুর থাকার স্থান এবং থাকার স্থান অপরিকল্পিত, দূর্বল অবকাঠামো ও নাজুক উপকরণ ব্যবহার ।	- মাটি ভরাট করে হাঁস-মুরগী ও গবাদী পশুর থাকার স্থান উঁচু করতে হবে । - থাকার স্থানের অবকাঠামো মজবুত করা ও ভাল উপকরণ ব্যবহার করতে হবে ।
খাবার পানি	- তুলণামূলক নীচু এলাকায় খাবার টিউব-ওয়েলের অবস্থান এবং কিছু কিছু এলাকায় আর্সেনিকের মাত্রা প্রকট । - দীর্ঘ ৭/৮ বছরের মধ্যে সরকারিভাবে আর্সেনিক চিহ্নিত করার উদ্যোগ নেওয়া হয় নি ।	- মাটি ভরাট করে টিউবওয়েলের স্থান উঁচু করতে হবে । - সরকারিভাবে আর্সেনিক চিহ্নিত করার - উদ্যোগ নেওয়া এবং নিরাপদ স্থানে টিউব-ওয়েল স্থাপনের ব্যবস্থা করতে হবে ।
স্বাস্থ্য	- লবণাক্ত ও আর্সেনিক পানির ব্যবহার - ম্যালেরিয়া রোগে আক্রান্ত হওয়া । - স্বাস্থ্যসেবা কেন্দ্রের অবস্থান দূরে । - স্বাস্থ্য বিষয়ে সচেতনতার অভাব । - অস্বাস্থ্যকর ল্যাট্রিন ব্যবহার করা । - পানিতে লবণাক্ততার পরিমাণ থাকা ।	- তুলণামূলক উঁচু স্থানে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ করতে হবে । - স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারে ও স্বাস্থ্য বিষয়ে সামাজিক ও প্রশাসনিকভাবে জনসচেতনতা বাড়াতে হবে - টিউবওয়েলের চারপাশ পাকা করতে হবে ।

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
	- জলাবদ্ধতা/বাড়ি ঘরে পানি জমে থাকা ।	- স্বাস্থ্য সেবা গ্রহণে সচেতন ও উদ্যোগী করতে হবে । - ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিকের সংখ্যা বৃদ্ধি করতে হবে ।
শিক্ষা	- তুলণামূলক নীচু এলাকায় স্কুলের অবস্থান । - স্কুলের কাঠামো মজবুত নয় । - প্রয়োজনীয় বেড়ীবাঁধ না থাকা । - জলাবদ্ধতা ।	- তুলণামূলক উঁচু স্থানে মজবুত করে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করতে হবে । - প্রশাসন কর্তৃক দুর্যোগকালীন সময় স্কুল চালানোর ব্যবস্থা করতে হবে ।
মৎস্য	- নদীর কাছাকাছি ও তুলণামূলক নীচু এলাকায় পুকুরের অবস্থান । - পুকুরের পাড় উঁচু না করা । - পুকুরের চার পাশে গাছ না লাগানো । - লবণাক্ত পানি সহজে পুকুরে প্রবেশ করে ।	- মাছ ধরা বোট ও জাল রক্ষা করার জন্য দুর্যোগ সহনশীল ও মজবুত স্থাপনা নির্মাণ করে বোট ও জাল রক্ষা করতে হবে । - পুকুরের পাড় উঁচু এবং পুকুর সংস্কার করতে হবে । - পুকুরের চার পাশে গাছ লাগাতে হবে । - নদী পাড়ের কম পক্ষে ১ কিলোমিটার দূরে বিহিঙ্গি জাল পাতাতে হবে ।
হাট-বাজার	- সমুদ্র উপকূলবর্তী ও তুলণামূলক নীচু এলাকায় হাট বাজারের অবস্থান । - দুর্বল ও দুর্যোগ অসহনশীল অবকাঠামো ।	- তুলণামূলক উঁচু স্থানে মজবুত করে হাট বাজারের ঘরসমূহ স্থাপন করতে হবে । - চারপাশে বনজ ও ফলজ গাছ লাগাতে হবে ।

২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব

রামু উপজেলা একটি দুর্যোগপ্রবণ এলাকা। এই উপজেলার ১১টি ইউনিয়ন নদী ভাঙ্গন, বন্যা, পাহাড়ী ঢল, ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছ্বাস, লবণাক্ততা, জলাবদ্ধতা, বন্যহাতির আক্রমণ প্রভৃতি আপদ/ দুর্যোগে আক্রান্ত। অবৈধভাবে বৃক্ষ নিধন, পাহাড়ের মাটি কাট, লবন ও চিংড়ী চাষ, তামাক চাষ ও ক্ষতিকর রাসায়নিক সার ব্যবহারের ফলে এসব আপদ আগের চেয়ে ভয়াবহতার রূপ নিচ্ছে। যা জনসাধারণের জীবন ও জীবিকার উপর ব্যাপক ক্ষতিকর প্রভাব ফেলছে। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে কৃষি, মৎস্য, পরিবেশ/গাছপালা, জীবিকা, পানি, স্বাস্থ্য, অবকাঠামোসহ নানান খাতসমূহ। নিম্নে বিভিন্ন খাতসমূহের আলোকে জলবায়ু পরির্তনের প্রভাব তুলে ধরা হলো:

খাতসমূহ	জলবায়ু পরিবর্তনের প্রভাব
কৃষি	অস্বাভাবিক নদী ভাঙ্গন, পাহাড়ী ঢল বন্যা ও বৃদ্ধি লবণাক্ততা পাওয়ায় কৃষি খাত হুমকির মুখে পড়েছে। কৃষি উৎপাদন পূর্বেও সময়ের চেয়ে প্রায় ২০% কমে এসেছে। নদী ভাঙ্গন, বন্যা, লবণাক্ততা, জলাবদ্ধতার জন্য ক্রমান্বয়ে কৃষি জমি কমে আসছে। এলাকার লোকজন কৃষি নির্ভর পেশা পরিবর্তনে বাধ্য হচ্ছে। শহর ও শিল্পের প্রতি মানুষের আগ্রহ তৈরি হয়েছে। অস্বাভাবিক নদী ভাঙ্গন, পাহাড়ী ঢল ও বন্যার আলোকে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা না হলে চাকমারকুল, ঈদগড়, ফতেখাঁরকুল, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, কাউয়ারখোপ, খুনিয়াপালং, দক্ষিণ মিঠাছড়ি, রাজারকুল, রশিদনগর, ইউনিয়নের প্রায় ৭০০ একর কৃষি জমি নদী গর্ভে বিলীন হবে এবং লবণাক্ততার জন্য চাকমারকুল, খুনিয়াপালং, রশিদনগর, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের লবণ পানি প্রবাহিত হওয়ায় প্রায় ১৫০০ একর জমির প্রায় ৩৫% ফসল সম্পূর্ণ ধবংস হয়ে যাবে। এর ফলে কৃষি উৎপাদন ব্যাহত হবে এবং খাদ্য ঘাটতি দেখা দিবে।
মৎস্য	নদীর গতি পথ পরিবর্তন হওয়া ও লবণের মাত্রা বৃদ্ধি পাওয়ায় দেশীসহ অনেক প্রজাতির মাছ বিলুপ্ত হয়ে যাচ্ছে। দেশী ও মিঠা পানির মাছের উৎপাদন আগের চেয়ে প্রায় ৩০ থেকে ৪০ ভাগ কমে এসেছে। বিদেশী জাতসহ বিভিন্ন মাছ চাষের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এই অবস্থা চলতে থাকলে মাছের প্রজনন স্থান ধবংস হয়ে যাবে ও মাছ এর খাদ্য ঘাটতি হবে। মাছের উৎপাদন কমে যাওয়ায় চাহিদা এই খাতে মৎসজীবিরা আগ্রহ হারাবে এবং পেশা পরিবর্তনে বাধ্য হবে।
পরিবেশ/ গাছপালা	সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাওয়ায় উপকূলীয় ও নদী তীরবর্তী গ্রামগুলো প্লাবিত হয়ে যাচ্ছে, বিভিন্ন ফলজ, বনজ গাছসহ প্রভৃতি গাছ বিলুপ্ত হচ্ছে। পূর্বের চেয়ে প্রায় ১৫ ভাগ গাছ পালা কমে এসেছে। এই অবস্থা চলতে থাকলে খরা, অতিবৃষ্টি ও অনাবৃষ্টির মত আপদ আসবে।

খাতসমূহ	জলবায়ু পরিবর্তনের প্রভাব
	পাশাপাশি পরিবেশের উপর বিরূপ প্রভাব সৃষ্টি হবে।
জীবিকা	অস্বাভাবিক বন্যা, ঘূর্ণিঝড়সহ বিভিন্ন আপদ অসময়ে হওয়ায় কৃষি, মৎস্যসহ বিভিন্ন খাতসমূহ হুমকির মুখে পড়ায় জীবিকা নির্বাহের জন্য এলাকার জনগণ পেশা পরিবর্তনে বাধ্য হচ্ছে। শহরের বিভিন্ন পেশায় নিয়োজিত হচ্ছে। নতুন পেশায় দক্ষতা কম থাকায় কাজ পেতে কষ্ট হচ্ছে এবং আর্থিক সংকটে পড়ছে। এই অবস্থা চলতে থাকলে দারিদ্রতা বৃদ্ধি পাবে।
শিক্ষা	আর্থিক সংকটে পড়ায় শিশুরা লেখা পড়ার চেয়ে কাজের দিকে ঝুঁকে পড়বে।
পানি	ভু- গর্ভস্থ পানির স্তর ক্রমান্বয়ে নীচে নেমে যাচ্ছে। ১৫ - ২০ বছর পূর্বে যেখানে ৪০ থেকে ৫০ ফিট নীচে গেলে টিউবওয়েলে পানি আসত, আর এখন ১০০ - ১৫০ ফিট নীচে যেয়েও পানি পাওয়া যাচ্ছেনা। বর্তমানে পানির স্বাভাবিক স্তর সর্বনিম্ন ১৭০ ফুট, সর্বোচ্চ ৮০০ ফুট। অদূর ভবিষ্যতে বিকল্প ব্যবস্থা গৃহীত না হলে পরিস্থিতির আরো অবনতি হবে। এই অবস্থা চলতে থাকলে ভবিষ্যতে পানি সংকট তীব্র আকার ধারণ করবে, পানি দূষণের মাত্রা বৃদ্ধি পাবে এবং সেই সাথে পানিবাহিত রোগ বাড়বে ।
স্বাস্থ্য	অবৈধভাবে গাছ ও পাহাড় কর্তন, তামাক চাষ ও রায়ায়নিক সারের ব্যবহারে ফলে রোগ ব্যাধি বৃদ্ধি পাচ্ছে, নতুন নতুন রোগ এর অবির্ভাব হচ্ছে। সুবিধাবঞ্চিতরা সঠিক চিকিৎসা সেবা না পাওয়ায় অসুস্থতার জন্য আয়মূলক কাজে অংশ নিতে পারছে না। ফলে আর্থিক সংকট দেখা দিচ্ছে। প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা না হলে ভবিষ্যতে গ্রামগুলোতে দারিদ্রতা বৃদ্ধি পাবে। যার প্রভাব পড়বে জাতীয় অর্থনীতিতে।
অবকাঠামো	জলমগ্নতা বাড়বে, বিস্তীর্ণ উপকূলীয় এলাকা সমুদ্র গর্ভে ও নদী তীরবর্তী এলাকা নদী গর্ভে বিলীন হবে। ফলে রাস্তাঘাটসহ সকল অবকাঠমো রক্ষা করা কঠিন হবে। এছাড়া অমাবশ্যা পূর্ণিমার নিত্য জোয়ার ভাটার প্রভাবে গ্রামগুলো প্লাবিত হবে। লোকজন এলাকা ছেড়ে অন্য এলাকায় স্থানান্তরিত হবে।

তৃতীয় অধ্যায়

দুর্যোগঝুঁকি হ্রাস

৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চুড়ান্ত
নদী ভাঙ্গন চাকমারকুল (১, ২ ও ৩নং ওয়ার্ড), ঈদগড়, ফতেখাঁরকুল, জোয়ারিয়ানালা, কচ্ছপিয়া, কাউয়ারখোপ, খুনিয়াপালং, দক্ষিণ মিঠাছড়ি (১নং ওয়ার্ড), রাজারকুল, রশিদনগর, ইউনিয়নের প্রায় ৭০০ একর কৃষি জমি, প্রায় ১৫ কি:মি: রাস্তা ও ৫০০টি বাড়ি নদীগর্ভে বিশেষ করে বাকখালী নদীগর্ভে বিলীন হয়ে যেতে পারে।	- বাঁধ কেটে গ্রীষ্মকালীন সেচ ব্যবস্থা করা। - ভাঙ্গন রোধ না করা। - খালের নাব্যতা কমে যাওয়া। - নদীর স্রোতের পরিবর্তন - নদী ভরাট ।	- বেড়ীবাঁধ না থাকা বা উঁচু না করা। - ভাঙ্গন কবলিত এলাকায় পাইলিং না করা। - নদীর দুই পাড়ে বনায়ন না করা । - প্রবল স্রোতের কারণে । - বিহিন্ধি জাল বসানোর ফলে নদীর স্রোত কুলের দিকে এসে কুল ভাঙ্গা।	- সংশিষ্ট কর্তৃপক্ষের উদ্যোগে নদী ড্রেজিং না করা। - ভাঙ্গন কবলিত এলাকায় ব্লক প্রোটেকশন না দেওয়া। - স্থানীয় পরিষদ কর্তৃক যাতায়াতের তদারকি না থাকা। - পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নদী ড্রেজিং না করা ।
পাহাড় ধ্বস অতি বৃষ্টি হলে পাহাড় ধ্বসের ঘটনা ঘটে থাকে। বড় আকারে ধ্বস হলে মৃত্যু ও স্বাস্থ্যহানী ঘটতে পারে।	- পাহাড় কেটে ফেলা। - অবাধে গাছ কাটা। - পাহাড়ের কোল ঘেষে বাড়ি ঘর বানানো।	- ঢলের পানি প্রবাহের গতিপথে বালির বস্তা দিয়ে বাধা সৃষ্টি না করা। - পাহড় উজার করা। - পর্যাপ্ত বৃক্ষ না থাকা।	- সরকারী উদ্যোগে পাহাড়ের কোল ঘেষে বাড়ি ঘর বানানো,গাছ ও মাটি কাটার মত অপরাধ বন্ধ না করা। - দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির এ ব্যাপারে করনীয় কাজ সম্পন্ন না করা।
লবণাক্ততা চাকমারকুল, খুনিয়াপালং, রশিদনগর, দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের লবণ পানি প্রবাহিত হওয়ায় প্রায় ১৫০০	- লবণ পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকা। - চিংড়ি উৎপাদনের জন্য লবণের পানি জমা করে রাখা।	- বেড়ীবাঁধ ভেঙ্গে যাওয়া - বেড়ীবাঁধ/খালের দুই পাড়ে বনায়ন না করা।	- স্থানীয় পরিষদের যথাযথ তদারকি না থাকা। - দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে কোন উদ্যোগ না নেয়া।

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
একর জমির প্রায় ৩৫% ফসল সম্পূর্ণ ধ্বংস হয়ে যেতে পারে ।	- লবণাক্তার ক্ষতি সম্পর্কে অসচেতনতা ।		- পরিকল্পিত ও অবৈধভাবে লবণ ও চিংড়ি চাষ করা । - অবৈধভাবে লবণ ও চিংড়ি চাষ নিয়ন্ত্রণ করার কঠিন আইন গ্রহণ ও প্রয়োগ না করা ।
